मीर्च कर्न, यून उप्ठाथत, कृष्णि क कमा, मूर्नार्य होतत अवमाना तोष नकन श्राच्यक मृष्ठ ह्य । हित्तित उच्य भार्ष्य या मकन हजूरकान कृष्ण हिन्न प्रथा या वाहा मकन भर्न ज्य छहात बात ; जयार्था श्राविष्ठ हरेल जनायारम माज्यकाता तूष-मृर्डित मूर्थनिक यो याच्या याय । वहे मृर्डित हाति मंज हर्ख ज्यात ज्ञान वक्षि तूष्त मृर्डि ज्यारक, जाहात ज्वयव जूना, किख जाहात जेक जाहात जिल्ला १ एड्या याच्या माण्या प्रथा । वहे मह्डित हाति माज हर्ख ज्यात ज्ञान विख् जाहात जेक नरह । वहे मकन मृर्डि छ छहा वह्य उप्रमाथा, त्योरकात किल नगरत मम्बावयाय मण्या भिष्ठ ना थाकिल व श्रकात किल कहाणि श्राविष्ठ कतिर्ह्ण भानित्व व श्रकात किल कहाणि श्राविष्ठ किल ना व विक्र ना ।

উৎকল বর্ণন। ৩ খণ্ড।

ৎকলের তৃতীয় বিভাগ ্ৰি অৰ্থাৎ পৰ্বতাঞ্চল বৰ্ণনায় ্রিজ্ঞ অতঃপর প্রবর্ত্ত হওয়া গেল। 🥦 এই বিভাগ মোগলবন্দীর ত্তি ক্রিক্ত পশ্চিম সীমায় সুবর্ণরেখা-**रुहेर** जात्रक रुहेबा हिन्का इम भर्या खिल्छ। পর্বতশূেণীর মধ্যে কোন কোন স্থলে যথা দর্পণ, আলম্গার, খুর্দা, নিম্বাই প্রভৃতি প্রদেশে অনেক ক্ষুদ্র ক্ষুদ্র গিরি আছে; বিশেষতঃ বালেশ্বরের নি-কটে তত্তাবৎ এডজেপ পূৰ্বাভিমুখে সমাগত যে ঐ স্থানের পরিদর নিতাস্ত দকীর্ণ। প্রত্যুক্ত, নমু-জহইতে পৰ্তাঞ্জের দুরতা কোন স্থলেই ৩০-৪**০** ক্রোশের অধিক নছে। বালেশ্বরের নিকটে যে পর্বতশ্রেণী উন্নত ভাবে শিরোদ্ঘাটন করিয়া রহি-য়াছে, তাহা সমুদ্রতীরহুইতে ৮-৯ ক্রোশের অস্তরে স্থাপিত। ভত্তাবৎ প্রস্তরময় এবং সামান্যতঃ नीविशिति नारम अभिका शिक्षांम अव॰ हिल्का इरिन्त

মধ্যেও এই ৰূপ এক পৰ্বতমালা দৃষ্ট হইয়া | থাকে, তাহা তাদৃশ উন্নত নহে, এবং বোধ হয় যেন সমুদ্-গর্ভ-পর্যান্ত প্রবিষ্ট হইয়া গিয়াছে; কলতঃ তদুভয়ের ব্যবধানে সুপরিসর বালুকাময় তট-প্রদেশ আছে। এই পর্বতাঞ্চল অর্থাৎ শোণপুর গগুয়ানা ও তদধীন দেশ-সমূহ পূর্ব-পশ্চিমে প্রায় ৫০ ক্রোশ এবং মেদিনাপুরের নিকটবর্ত্তা সিংছ-ভূমহইতে গাঞ্জামপর্যান্ত উত্তর-দক্ষিণে অন্যুন ১০০ ক্রোশ হইবেক। এই সকল দেশ যোড়শ ব্যক্তি ক্ষত্রিয় বা খণ্ডায়িত জমীদারদিগের অধিকারে বি-ভক্ত হইয়াছে ৷ গবর্ণমেণ্ট ঐ সকল ব্যক্তিকে সামন্ত রাজা বলিয়া স্বীকার করিয়া থাকেন। পর্বত-নিকরের তল-প্রদেশে আরও দাদশ জন থগুায়িত জমীদার আছেন, তাঁহাদিগের মধ্যে কেছ কেছ অতি দামান্য কর প্রদান করিয়া থাকেন বটে, কিন্তু তাঁহারা সকলেই গবর্ণমেণ্টের আজ্ঞা এবং ব্যবস্থার অধীন। রাজস্ব-সম্বন্ধীয় কাগজ পত্তে তাঁহাদিগের অধিকার-সমূহ "কিল্লা" পদে বর্ণিত হইয়া থাকে। পরস্ত ঐ সকল কিল্লার অধীন বহুতর ক্ষুদ্র ক্ষুদ্র গড় আছে, তত্তাবতের অধি-কারী খণ্ডায়িতগণ "বেড়া নায়ক" এবং "ভুইঞা" নামে পুৰুষানুক্ৰমে ভোগ ও স্বত্ব রাথিয়া আবিতেছেন।

বৃদ্ধণী নদীর কুলহইতে গাঞ্জামপর্যান্ত স্থানে
নিমু প্রদেশহইতে যে পর্বত-সমূহ দৃষ্ট হয় তন্তাবতে অভু অনেক আছে। সাধারণতঃ এই সকল
পর্বত বিশ্বলভাবে সংস্থিত। তাহার চূড়ার আকৃতি কোন স্থানে শরকলকাকার, কোথায় বা
মঞ্জ্যার সদৃশ বর্তুল। সেই সকল শৃক্ত আবার সর্বদিক্হইতে যেন সমাগত হইয়া পরস্পার উল্লঙ্জনপ্রাঞ্জন করিয়া রহিয়াছে; কোন কোন স্থলে বা
স্বন্ধিক বা কালকাকারে পর্বতমূলহইতে আকাশমার্গে উপ্রিত হইয়াছে; দৃষ্টমাত্রে বোধ হয় যেন

পদাতিকদৈন্যমপ্তলে এক এক বারবর দেনাপতি
অশ্বারোছনে এব॰ অভিকাকার শিরস্তান-ধারনে
শোভা পাইতেছে; এই সকল অচলের আপাদমন্তক রক্ষ ও লতিকায় আচ্ছন্ন। মোগলবন্দীহইতে
যে সকল পর্বত নয়নগোচর হয়, তাহাদিগের
সর্বোচ্চতা ২০০০ পাদ পরিমিত হইবেক; পরস্ত
সাধারনতঃ ০০০ পাদহইতে ১২০০ পাদ পর্যন্ত
উচ্চতা হইতে পারে। পূর্বোক্ত উভয়বিধ পর্বতাপেক্ষা অতি দূরতর দেশমধ্যে সমধিক উচ্চ এব০
শৃশ্বলাবদ্ধ পর্বত বর্তুমান থাকিতে পারে, কিন্ত
উৎকলের মধ্য ভাগের কোন স্থানে অভঙ্গভাবে
পর্বত-শূেণী দৃষ্ট হয় না।

এই নিখিল পর্বত-প্রদেশ নানাবিধ বিচিত্র ধা-তুদ্রব্যে পরিপুরিত আছে, অতএব সুবিজ্ঞ ভূস্তর-বিদ্যাবিৎ কোন মহোদয়কর্তৃক তত্তাবৎ আবি-**ফ্ত না হইলে এতাবদিষয়ের সণ্ডদ্ধ আথ্যান** লভ্য হইতে পারে না। অত্ত্য কলায়োপল-রচিত শৈলসমূহ অত্যন্ত দৃঢ়ীভূত, সুতরাণ রক্ষলতাদি-বিহান; মধ্যে মধ্যে তীক্ষাগু শৃঙ্গাদিতে পরিশো-ভিত। তাহাদিগের স্থানে স্থানে হরিন্নিভরেথা বলয়িত দেখা যায়; ঐ সকল রেখা প্রায় মমর প্রস্তরের প্রকৃতি ধারণ করে। এই সমুদায় শৈ-লসারাভ্যন্তরে তাত্রখণি এবং শেতপ্রন্তর প্রচুর পরিমাণে মিশ্রিত আছে। উৎকলীয় লোকেরা শেষোক্ত প্রস্তর-সমূহকে সাধারণতঃ "মুগলী" পদে বাচ্য করে। তদ্বারা জলপাত্র, ভোজন-পাত্র, দেবপ্রতিমা এবং পুষ্পাদিখচিত ফল-কাবলা প্রস্তুত হয়। উক্ত থোদিত প্রস্তর-কলক উৎকল-দেশীয় দেবমণ্ডপ বা প্রাচীন রাজপ্রা-সাদাদিতে সংলগ্ধ থাকে। পরন্ত সুকঠিন প্রস্তর मकल एक्तनापि कत्ररा उँ एक नीय मिण्मीपिरगत শত্র সকল সক্ষম নহে, অতএব তাহারা তত্তাবৎ প্রস্তরকে "অকর্মা" পদে আখ্যাত করিয়া থাকে।

উপরি-উক্ত প্রস্তর-পরিকর ব্যতীত নীলগিরিতে পরিষ্ঠত হইবাতে তথায় এবং ক্ষুদ্র কুদ্র পর্বতের আর এক প্রকার প্রস্তর পাওয়া যায়, তাহাকে "শিলাধার" কছে; তদ্যারা উড়িয়ারা অস্ত্রাদি শাণিত করে। অপর কিয়ঞ্জরে সুনির্মল এবং অতি শুভু এক প্রকার চূর্ণক প্রাপ্ত হওয়া যায়, তাহাকে ''তিলকমাটী " কছে। আমাদিগের বিজ্ঞতম পাঠক মহাশয়দিগকে বলা বাহুল্য, এই চূর্ণক ইয়ুরোপের এক প্রধান মূল্যবান্ পদার্থ; তথায় "মীরশাম্" নামে ইহা খ্যাত; তদ্বারা অনেক প্রকার চানের বাসন নির্মিত হইয়া থাকে। উৎকলীয় লোকেরা তদ্যারা ললাট যুড়িয়া তিলক করিতেই জানে; কিন্তু কলিকাতায় ঐ মৃত্তিকা-নির্মিত এক একটি নল ২০-২৫ টাকায় বিক্রীত হয়। প্রত্যুত, গড়জাতের রাজারা যদ্যপি বিদ্যানুরাগী হইতেন, তবে তাঁ-হাদিগের এত দিনে সৌভাগ্যের সীমা থাকিত না।

উৎকল-দেশের পর্যতমালামধ্যে সর্বত্রই লৌহের প্রচুরতা আছে। ইহা প্রায়ঃ কলায়াকারে গৈরিক-প্রস্তর সহ মিশ্রিত হইয়া লোহিতাকারে দৃষ্ট হয়। ঢেকানল, অজুল এবং ময়ুরভঞ্জে কিয়ৎপরিমাণে লৌহ গালিত হইয়া থাকে। ঢেক্কানল এবং ময়ুর-ভঞ্জের কোন কোন নদীতে স্বৰ্ণরেণু আছে এমত প্রবাদ শ্রুত হওয়া যায়,কিন্তু ইহার সভ্যতা অদ্যা-পি সংস্থাপিত হয় নাই।

চূর্ণ-প্রদায়ী প্রস্তর-মধ্যে উৎকলে ঘুটি মাত্র প্রাপ্তব্য। তাহা বহুদূর ব্যাপিয়া এক এক স্থানে প্রচুর পরিমাণে বিস্তৃত রহিয়াছে। চূর্ণ-দায়ক পদার্থের উপরে হরিদ্যুনিভ এক এক সূক্ষ্মস্তর কঠিন মৃত্তিকার আবরণ আছে, এই নিমিত্ত ঘূটি-ঙ্কের চুণ কিঞ্চিৎ মলিন হইয়া থাকে।

পর্বতাঞ্চলে কৃষিকার্য্যের উপযুক্ত ভূমি সর্ব্ত সমান নহে। যে স্থলে তাহা বর্ত্তমান আছে, তথায় ধান্য এবং হৈমন্তিক শন্য প্রচুর-পরিমাণে জন্মিয়া পাকে। কোন কোন স্থানে অধুনাতন কালে জহল

উপত্যকা-নিকরে জ্বার বাজরা এবং মাপ্তিয়া-নামক শন্য সতেজে উৎপন্ন হইয়া থাকে। ময়ুরভঞ্জ, বীরাম্বা, ঢেঙ্কানল এবং কিয়ঞ্জরে यान भित्रमार्थ नीन कत्य ; भारमाक श्राप्तरम পোস্ত রক্ষও দেখা গিয়াছে। যে সময়ে কোল-দিগের বিৰুদ্ধে দৈন্য প্রেরিত হয়, সেই সময়ে কিয়ঞ্জেরের অবস্থা পরিলক্ষিত হইয়াছিল। ইহার আয়তন ৫০ ক্রোশ হইবে; সমুদয় স্থলই সুকৃষ্ট; কোন কোন স্থলে গিরিশ্রেণী এবং জঙ্গল বর্ত্তমান আছে। সাধারণতঃ ইহা কথিতব্য, যে এই ভূ-তীয় বিভাগে পর্বত নদীগর্ভ এবং অটবীর অং-শই বহুল, কৃষিকার্য্যের উপযুক্ত ভূমির পরি-মাণ স্বন্পমাত্র।

এই বিভাগের অভ্যন্তরস্থ-বন-নিচয়ে শাল, পিয়াশাল, গাম্ভার এবং কোন কোন স্থলে শিশু প্রভৃতি সুন্দর সুন্দর কাষ্টদায়ক রক্ষসমূহ আছে। দশপালা-অঞ্চলে 'শাক' অর্থাৎ শেগুণ-রক্ষ স্বাস্প-পরিমাণে প্রাপ্ত হওয়া যায়। কিন্তু উক্ত মূল্যবান কাপ্ত প্রয়োজনমতে নিকটে প্রাপ্তব্য নহে। তেল নদার তৃটে ঐ হক্ষের বন আছে। তেল নদা শোণ-পুরের নিকটে মহানদীতে সঙ্গত হইয়াছে। অঙ্গুল, ঢেঙ্কানল এবং ময়ূরভঞ্জের শালরক্ষই বি-শিষ্ট ৰূপে সমাষ্ত হইয়া থাকে, যেছেতু তত্ৰত্য শাল বৃক্ষ রহদাকার। ময়ূরভঞ্জের শালরকের অটবী-সমূহ অতি গভীর, এবং চমৎকার শোভা-বিশিষ্ট। কোন কোন পার্বতীয় অধিকারে উৎ-কৃষ্ট নারন্ধা এবং আত্র প্রাপ্ত হওয়া যায়। আত্র রক্ষ সকল উদ্যান-ব্যতীত জঙ্গলেও প্রচুর পরি-मात्व मृष्ठे एश । उँ९क नीश लात्क ता करण, दिवानू-शुंदर ये नकल तमाल विकारन चग्नः छेश त्रहिशास्त्र ।

উলিখিত প্রস্তরপ্রধান পর্বতের বিকৃত ভূমিতে অথবা তন্মিমু ভাগে শোভিত কানন-কলাপে

রক্ষমমূহের তাদৃশ পরিপৃষ্টতা নয়নগোচর হয় না; তৰুগণ থৰ্ৱাকার; কিন্তু সুথের বিষয় এই क्लिंक रहेंग्रा थारक। रतीं क्री किने किने আমলকী, মদন বা ময়ান ফল, আরগুধ বা আমলতান, কুচিলা, থদির, ভলাতক প্রভৃতি বিবিধ প্রকার কাননঞ্জী দিগ্ উজ্জ্বল করিতেছে। তদ্যতীত লোধু, পাটলী, তিন্তিড়ী, বংশ, বট, অশ্বত্য এবং অর্কুন প্রভৃতি হক্ষের অসন্ডাব নাই। জঙ্গলী মনুষ্যেরা উক্ত নানা জাতীয় রক্ষের ফল মূল কটকে আনিয়া বিক্রয় করে, এবং তদ্বারা তাहामिट श की विका निर्दाह शाया वनमट था अक मूमीर्घ लिंका मृष्टे इय, ७९ ञ्चानीय लारकता जा-হাকে 'শিয়াড়া' কছে। তাহার পত্রে দানদিগের গৃহাচ্ছাদন হয়, এবং তাহার বলকলে তদক্রনী রজ্জুর ও মাদুর প্রস্তুত হইয়া থাকে। ইছার ফল প্রকাপ্ত শিশ্বাকার শন্য ও কাঞ্চের ন্যায় কঠিন, কিন্তু তন্মধ্যে ৪া৫ টি বীজ আছে, তাহার আস্বাদন বাদামের ন্যায় মিষ্টা পর্বতীয় লোকেরা তাহা অতি প্রিয়জ্ঞান করে। এতডিন্ন ক্নুদু ক্নুদু নানা জাতীয় তৰু লতা সৰ্বত্ৰই দুষ্টব্য ; বোধ হয়ু উদ্ভিদ্ শাল্রে অদ্যাপিও তত্তাবতের নাম সমূহ হয় নাই; কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে প্রায় প্রতি বিটপ এবং বল্লীর নাম সামান্য উৎকলীয় ভাষায় পা-ওয়া যায়।বোধ হয়, ফল মুলাদিতেই তত্ততা লোকের উদর পূর্ত্তি হওনের সবিশেষ সাপেক্ষতা থাকায় এই ৰূপ বৃক্ষাদির প্রকৃষ্ট পরিচয় আছে। বেত कृषु कवनाकारत नई ज रिया यात्र। शुभाकारन वरून इत्क्र नमूङ्खन পूष्पावनी उथा भना-শের অতি লোহিত কলিকাপুঞ্জ এবং শাল্মলি প্রভৃতির অধিবর্ণ কুসুম-ছটায় দশ দিক্ দীপ্তিমতী হুইয়া যায়। শীতকালে রহদৃহৎ রক্ষোপরি ২—০ বিধ লোহিত এবং পীত মুকুল মঞ্জরিত মুক্তলতা

সুসজ্জিত হইতে থাকে। ওয়ধিশোণীতে বহু প্র-কার গুলা গণনা করা যাইতে পারে। স্থানে স্থানে বনহরিদা বা শটা চক্র্ণোচর হয়। তড়াগ এবং কুদু কুদু জলাশয়ে নানা বর্ণের পঞ্চল প্রতিভাত আছে; এক এক স্থানে পদোর প্রচুরতা অতি প্র-মোদজনক।

পর্বতাঞ্চলহইতে বকম, আচু এবং পলাশ এই তিন প্রকার পুষ্পা রঙ্গ প্রস্তুত করণার্থে আনীত হয়। আচু রক্ষ পটভূমিতে সুন্দররূপ চাসদারা উৎপন্ন করিলে বিহিত লাভের সম্ভাবনা আছে।

অপর লাক্ষা, কৌশেয়, মধু, মধুত্থ, এবং ধুনা প্রভৃতি উৎকল দেশীয় পর্ব তাঞ্চলের প্রধান বন-কর-পদবীতে গণনীয়। আর ঐ সকল পদার্থ তদ-গুলে প্রচুর পরিমাণে প্রাপ্ত হওয়া যায়। উক্ত প্রকার-কৌশেয় তন্ত্রদায়ী কীট সকল অন্যস্থানীয় কীটাপেকা রহৎ; তাহারা 'আসিন' নামক রক্ষের পত্রে পরিপালিত হয়।

উৎকলের পশ্চিম সীমায় এবং অভ্যন্তর প্রদেশে य मकल जञ्चल আছে, তত্তাবতে হি॰मू জন্তর অভাব নাই। 'ব্যাঘু, চিত্রক, ঋক্ষ, কৃষ্ণদ্বীপী, ভল্লুক, মহিষ, কৃষ্ণসার, অন্যবিধ হরিণ, বরাহ, বালিয়া বা সাটা, রোহিণী নামক বন্য কুরুর, নীল-গাওর সদৃশ 'যোড়াঙ্গা' নামে খ্যাত পশু, গয়াল নামক ভয়াবহ জঙ্গলীয় গোৰু প্ৰভৃতি পশু সৰ্বত্ৰ দেখা যায়। গ্য়ালের শৃঙ্ক অতি সুদৃশ্য বোধ হয়; ইহাই প্রাচীন কবিদিগের ব্যাখ্যাত "গবয়" হইতে পারে। ময়ুরভঞ্জের জললে বন্য হন্তী यूर्थ यूर्थ विष्तु करेत । जाहाता भूर्व भूर्व वन नीमाञ्जतालवर्खि शुामनमृष्ट व्यञाञ्च উৎপাত করিত। এক সময়ে তাহাদিগের দৌরাত্ম্য অত্যন্ত রন্ধি হইলে তৎকালের রাজা এক অবধূতের পরা-মর্শ মতে তাহাদিগের বিলক্ষণ শাসন করিয়াছি-লেন। তদিশেষ এই যে যে ৰূপ তণ্ডুলের গোলা

পালিত হত্তিদিগকে দেওয়া যায়, তজ্ঞপ পিগু সকল প্রস্তুত করিয়া তাহাতে বিষ্মক্ষিত করণ-পূৰ্বক যে দকল স্থানে ছস্তিযূথ প্ৰতিনিয়ত বিচরণ করে, সেই সকল স্থলে নিক্ষিপ্ত করিয়া দেওয়া হইল। করিকুল ঐ সকল পিণ্ড ভক্ষণ করিয়া গভাসু হইতে थाकिन ; जाहारिक अनुग्न ৮० है। हिख्यित वन मध्य প্রাপ্ত হওয়া যায়; অবশিষ্ট হন্তা দকল ভয়ার্ভ হইয়া ময়ুরভঞ্জ পরিত্যাগপূর্বক নিকটস্থ অধি-কারান্তরে যাইয়া আশুয় লয়। ময়ুরভঞ্চে এই ক্ষণে যে সকল হস্তা দেখা যায়, তাহাদিগের আকৃতির থৰ্বতাহেতু কোন কোন মহাশয় এৰূপ অনুমান করেন যে তাহারা তদেশীয় অটবীর আদিম প্রজা নহে, পূর্বতন কালের রাজাদিগের পালিত হস্তী नकल (कान मगरत वनगरधा भलात्रनभृर्वक व॰म বৃদ্ধি করিয়া থাকিবেক। সুকিন্দা প্রদেশে হস্তীর উপ্রদূব অদ্যাপি আছে, তল্লিমিত্ত তত্ত্য রাজা मईमा ममक्षिण थार्कन।

উৎকলের বিহম্বর্গ বর্ণন করা বাহুল্য মাত্র। বাঙ্গালা দেশের সর্ব প্রকার পক্ষী উৎকল-বিহারী। ভারতবর্ষের পূর্বতন নায়ক নায়িকাদিগের প্রিয় সারস, মরাল, ময়ুর, শুক, মদন, শারিকা (ময়না) প্রভৃতি বিহন্ন গিরিজ-কানন-কলাপে এব॰ কেদার-মধ্যে অহরহ বিরাজ করিতেছে। তদ্ব্যতাত ধনেশ নামক এক পক্ষা, যাহাকে উৎ-কলীয় লোকেরা 'ক্চিলাথায়ী 'ক্ছে, তাহা অতি চমৎকারজনক। তাহার চঞ্পুটের উর্দ্ধে এক শৃत्र আছে এ পকা শূন্যমার্গে দলবন্ধ হইয়া যে ममरा श्रीवा विखात-कर्तन शूर्वक উष्टुयन करत, मिरे সময়ে বহুদুরহইতে ঐ শৃল দৃষ্ট হইয়া থাকে। কুচিনা ফল ভক্ষণে এই পক্ষী আসক্ত-বিধায় क्षिनाथाशी नाम পाইয়াছে। ৢউৎকলীয় লোকেরা ইহার মাণ্স উপাদেয় জ্ঞান করে। বাত রোগে ইহা ष्वजास डेशकांती, अवः धन्याना भक्तवारयात्र


এই মাণ্দে বাত তৈল প্রস্তুত হয়, তাহা ৪--৫ বৎ-সর পর্য্যস্ত ব্যবহার-যোগ্য থাকে।

কলিকাতাহইতে মণিরামপুরপর্যান্ত जागीतथोत ठाँ मन्दर्भन ।



লিকাতা এই ক্ষণে ভারত ক্রিভাস নান্ত্র পাঁচ প্রজা সম্ব্যা অপ্পতঃ পাঁচ লক্ষ বলিয়া প্রবাদ আছে। রাজ্যের রাজপাট; তাহার এতডিয় তথায় এক লক্ষ

মনুষ্য উপজীবিকা অৰ্জ্জনাৰ্থে প্ৰত্যহ আগমন করিয়া থাকে। ভাহার বাণিজ্যের পরিমাণ বার্ষিক চল্লিশ কোটি টাকারও অধিক বলিতে হয়। তাহা ভাগ্যবান, গুণবান্, ধনবান্, বিদ্যাবান্ প্রভৃতি সকল উৎকৃষ্টের আকর। তাহার অট্টালিকার শ্রেপ্ততা জ্ঞাপনার্থে ই রাজেরা তাহাকে "রাজ-ভবন সমূহের নগর " বলিয়া বর্ণন করেন। যে পরিমাণে তথাম্ব ধনবান্ প্রজা আছে, সে পরিমাণে আর বহুদেশের কুত্রাপি দেখা যায় না। পরস্ত এই সক্ল সম্বির কিছ্ই প্রাচীনত্বের গৌরব রাখে मा। याश किछ् प्रथा याग्न नकल हे नवा, नकल हे আধুনিক, সকলই শতাযুর মধ্যে গণ্য হুইয়াছে, সকলই সে দিবস অতি সামান্য ছিল বলিয়া জানা যায়। অন্য স্থানহইতে আগত ভদু বংশোন্ডব ভিন্ন কলিকাতার ধনীরা কেহুই বনিয়াদী বলিয়া অভিমান করিতে পারেন না। অনেকে আপনার বনিয়াদ আপনি স্থাপন করিয়াছেন; অপরে দুই তিন পুৰুষের অধিক গণিতে পারেন না। যদিচ তাহাতে আমাদিগের বিবেচনায় কোন বিরাগ नार, ज्वांि প्राচीनत्वत्र উল्लেখ कतित्व मरकात्र অনুরোধে ভাহাদের প্রাচানত্বে অধিকার নাই मानिए रम्र।



कथिक चाह्म य अ एको नत्रमां एन चका ख जनू- हानिः ना मिनानोवः न हानाया।" এ খ্যাতিতে চিতপুরের সৌভাগ্যের প্রশংশা এই স্থানের জনতার বৃদ্ধি পাইতেছে।.

পরস্তু দে আধুনিকতা কেবল কলিকাতার লক্ষণ হয় না; প্রত্যুত তাহা যে জনশ্ন্য গুপু হান ছিল নহে। কলিকাতার দক্ষিণহইতে মণিরামপুরপর্য্যন্ত ইহাই বোধ হয়, যেহেতু কুত্রাপি বহুজনাকীর্ণ ভাগারথার পূর্ব-তটে কিছুই অতি প্রাচান বলিয়া সমৃদ্ধ স্থানে নরবলির প্রাদুর্ভাব হইতে পারে বোধ হয় না। কলিকাতা ষয়॰ অতি ক্ষুদু গুম না; লোকাপবাদে এব॰ মনুষ্যের স্বাভাবিক দয়ায় ছিল, শত বৎসর মধ্যে তাহা সমৃদ্ধ হইয়াছে ইহা তাহার অবশ্য নিবারণ হয়। অপর যে তত্ত্বের मकलाই জ্ঞাত আছেন। তদুভারে চিতপুর অপে- মাহাত্ম্যে নরবলির প্রচার হইরাছে তাহাতে ক্ষাকৃত প্রাচান বটে, কিন্তু সে প্রাচানত্ব তিন শত নরবলি গোপনে রজনাযোগে প্রদান করিবার বংসরের অধিক নছে, এবং তাহার প্রমাণ কেবল বিধান আছে, কারণ ঐ তন্ত্রের মতে তাহা অত্যন্ত কবিক্ষনে চিত্তেশ্বী দেবীর উল্লেখে পাওয়া যায়। "গুছ্য কর্ম," প্রকাশিত হইলে তাহার মাহাস্ম্যের ঐ দেবীর মন্দির অতি যৎসামান্য, এব॰ তয়ি- লোপ হয়। এই জন্য লিখিত আছে, "গোপানীয়° মিত্ত তাহার কোন খ্যাতি হইতে পারে না; পরস্ত গোপনীয় গোপনীয় প্রযুক্তঃ। প্রকাশাৎ সিদ্ধি-

রক্তা ছিলেন; এবং তাঁহার দেবার নিমিত্ত পূর্বে চিতপুরে মনুযোর বাহুল্য নিবাস শত বৎ-व्यमुद्धा मदनित अम्ब रूडेछ। बागवाकाद्यत मत मत्था रूड्याट्ट। ১११२ औष्ट्रीप्ट मूत्रिमा-निरमाती प्रवोत मिन्द्रत्र के क्रिंग च्या वि वारमत नवार मूह्यम दिला चारक श्रमहुउ कर्त-चारक, किन्न जाका हिस्स्थानीत जूना मरका शतस्य या अहे थारम चानिया ताथा हर, अवर जनविध

ইহার উত্তরে কাশীপুর অত্যন্ত নবান গ্রাম; তাহার আখ্যান পঞ্চাশৎ বৎসরের মধ্যে ন্যস্ত হয়। তৎপরে বরাহ-নগর। এই ক্ষণে তথায় অনেক ভদ্র লোকের বসতি আছে, এবং নদীতটে <u> এজয়নারায়ণ মিত্রকৃত সুচাৰু ঘাটের খ্যাতি</u> আছে। কিন্তু তাহা প্রাচীন পদবীর যোগ্য নহে। দুই শত পঁচিশ বৎসর হইল তথায় ওলন্দা-জেরা আদিয়া বাণিজ্য করিত, এবং তাহাতেই তাহার এরিদি হয়।

বরাহ-নগরের উত্তর আলমবাজার, দক্ষিণেশ্বর, পানিহাট প্রভৃতি কিছুই দুই শত বর্ষ প্রা-চীন নছে; তাহাদের অনেকের শ্রীর্দ্ধি পঞ্চাশৎ বা ষষ্ঠি বৎসর মধ্যে সংসিদ্ধ হইয়াছে। খড়-দ্ তদপেকা প্রাচান। প্রায় চারি শত বৎ-সর হইল তথায় নিত্যানন্দ সস্তান গোস্বামী-দিপের আবাদ হয়। পরস্ত যে শ্যামসুন্দরের প্রতিমার নিমিত্ত উক্ত স্থান বিশেষ বিখ্যাত তাহা তাদৃশ প্রাচীন নহে। কথিত আছে যে ৰুদ্র-নামা এক জন ত্রাহ্মণ কোন অপরাধ-নিমিত্ত চাত-রার কোন দেবালয়হইতে বহিচ্ত হইয়া এরাম-পুরের সালিধ্য স্থান, যাহা এই ক্ষণে বল্লভপুর নামে বিখ্যাত আছে, কিন্তু পূর্বে ব্যাঘু-ভল্লুকাদির আ-বাস অরণ্য ছিল, তথায় চারি বৎসর কাল তপস্যা করেন। ঐ তপস্যায় তাঁহার ইপ্তদেব প্রদন্ম হইলে প্রত্যাদেশ হইল যে, গৌড় নগরের নবাব-ভবনের **मिक्कारत मः नध य এक त्रहर श्रेखत-कनक** আছে তাহা আনিয়া এক কৃষ্ণ-মূৰ্ত্তি বানাইলে कत्पत्र वाजीष्ठ मिषा रहेरत। कप्त वे प्रजारितम উত্তেজিত হইয়া গৌড় নগরে গমন করেন, এবং তথায় দেখিলেন যে এক জন পরম বৈঞ্চব নবা-বের প্রধান-মন্ত্রি-পদে নিযুক্ত আছেন। দেই মন্ত্রী बद्धत माहायगार्थ প্रতিশ্রুত हरेलन, এব॰ কথিত প্রস্তারের এক বিশেষ লক্ষণ এই যে তাছার রই পূর্বকার রাধাবল্লভ, এবং বল্লভপরের এই ক্ষণ-

यर्भ इरेड, रेहा मृष्टि मिखितत नेतात्रक अरु मि-বস কছিলেন যে রাজ-প্রাসাদের প্রধানদারে যে রহৎ প্রস্তর-ফলক আছে, তাহার অশ্রুপাত হয়, এব° ঐ অশ্রুপাত অশকুন চিহু, অতএব তাহা তথায় রাথা কর্ত্তব্য নছে। বিখ্যাত আছে যে প্রায় নবাব-মাত্রেই গপ্তমূর্থ হইয়া থাকে, এবং " টাকার শুক্তিবাদ" প্রভৃতি আখ্যান তাহাদের পক্ষে সম্ভব-পর বলিয়া প্রসিদ্ধ, অতএব আমাদিগের বর্ণনীয় গণ্পে নবাবের পক্ষে পাতরের কান্নায় ভয় পাই-বার কোন আশ্চর্য্য নাই। ফলতঃ ঐ প্রস্তর দার-হইতে বিমুক্ত করিবার আজ্ঞা হয়, এবং বৈষ্ণব মন্ত্রী ৰুদ্ৰকে তাহা দান করেন। ৰুদ্ৰ তাহা এক নৌকায় তুলিবার চেষ্টা করিতেছিলেন এমত সময় প্রস্তর निरोगिट পতि इहेशा शलायन कतिल। समु এहे দৈব ঘটনায় অত্যন্ত ক্ষিণ্ণ হয়েন; কিন্তু তাঁহার ইষ্ট-দেব তাঁহাকে প্রত্যাদেশ করিলেন যে প্রস্তর বল্লভ-পুরে স্বয়° গমন করিয়াছে; অতএব তিনি ত্ররায় বলভপুরে আসিয়াঐ প্রস্তরের অর্চ্চেকে এক রাধা-বল্লভের মূর্ত্তি নির্মাণ করান। অপরার্দ্ধ থড়দহের গোষামীরা **ल**ইয়া শ্যামসৃন্দরের মূর্ত্তি সংস্থান করেন। এই গণ্পের মাহাত্ম্যে কথিত দেবমূর্ত্তি-ঘয়ের খ্যাতি হইয়াছে, কি তাহাদের খ্যাতির কারণ দর্শাইতে এই গণ্পের কপেনা হইয়াছে,ইহা অধুনা স্থির করা দুকর; পরস্ত বঙ্গদেশের দক্ষিণ-প্রদেশে উক্ত দুই দেবমূর্ত্তি যে অতি বিখ্যাত তাহা সকলেই জ্ঞাত আছেন। কথিত আছে যে শোভা-বাজার-নিবাসী রাজা রাজকৃষ্ণ আপন পিতৃশাদ্ধ-সময়ে বহু ব্যয় স্বীকার করত শ্রাদ্ধ পবিত্র করি-বার মানদে বল্লভপুরের রাধাবল্লভের মূর্ত্তি আ-পন বাটীতে আনিয়াছিলেন, এবং তাহার ৰূপের माधूर्या प्रभा हरेया जाहा প্रजार्भाव वसीकृष हन। তদবধি অনেকে কছেন যে রাজবাটীর শ্যামসুন্দ- প্রবাদ নিতান্ত অমূলক যেহেতুক রাজা বাহাদুর আ- দিবস গমন করিয়া থাকেন। যপ্তি বৎসর হইল পন মাতার অনুরোধে তাহা প্রতিপ্রেরণ করেন ইহা লর্ড ওয়েলেস্লী নামা দোর্গু-প্রতাপাধিত গবর্ণর সর্বত্র বিখ্যাত আছে। সে যাহা হউক বল্লভপুরের জেনরল এই উদ্যানের সূত্রপাত করেন, এবং তৎ-রাধাবল্লভ ও খড়দছের শ্যামসুন্দর অদ্যাপি তিন পরপর গবর্ণর জেনরলেরা তাহার সম্যক্ এবৃদ্ধি শত বৎসরের অধিক প্রাচান নছে, ইছা অনা- করায় এই ক্ষণে তাহা বন্ধদেশের সর্বোৎকৃষ্ট উদ্যান য়াদে প্রমাণ সাধ্য, সুতরা॰ ঐ দুই গ্রামও যে নব্য বলিয়া গণ্য হইয়াছে। প্রাকৃতিক শোভার অনুভব তাহা অবশ্য মানিতে হইবে। থড়দহের প্রসিদ্ধ করিতে যে সকল ব্যক্তি সক্ষম তাহাদের পক্ষে চান-न्निय-मन्दित नकल रेवस्थ्व मन्दित्र व्यापिकाय कित पार्क व्यवि छोय तम्भीय विव वकान्य कमनीय অনেক নব্য। তাহা অতি অপ্প কাল হইল প্রাণকৃষ্ণ বোধ হয়; কারণ তাহার অসরল হিল্লোলিত ভূমি বিশ্বাস নামা একজন তান্ত্রিক ভূম্যধিকারী সংস্থা-্ও চিত্রকরের চাতুর্য্যের সহিত সংরোপিত রক্ষরাজী পিত করেন। থড়দছের উত্তরে টিটাগড়; শত বৎ- ক্ষণমাত্রে তাঁহাদের মনকে মুধ্ব করে; কিন্তু যাহারা সর পূর্বে তাছা গ্রামমধ্যেই গণ্য ছিল না। সপ্ততি প্রাকৃতিক শোভা পরিত্যাগ করিয়া প্রশন্ত ম্উা-বৎসর হইল মে হামিল্টন এব এবর্জীন নামা লিকা ও মদমপ্তিত তোরণ-গবাকে চিত্র-পৃত্তলি-বিলাতি বণিকেরা তথায় একটা গুদী সংস্থাপন কাদির দৃষ্টে উদ্যানের শোভা বর্ণন করে তাহা-করত কএক থানি জাহাজ নির্মাণ করেন, এবং দের পক্ষে পার্ক কোন মতে প্রশংসনীয় নছে, তাহাতেই তৎস্থান প্রসিদ্ধ হয়। এই ক্ষণে ঐ গুদির এবং তাহাদের উহা না দর্শন করাই ভদু। তাহা-চিহ্ন পাওয়া দুষ্ণর, কিন্তু তথায় কএক উত্তম অটা- দিগের নিমিত্ত অনেক আধুনিকদিগের উদ্যান লিকা নির্মিত হইয়া স্থানের গৌরব রক্ষা করিতেছে। কলিকাতার সন্নিকটেই আছে।

চার্ণক নামা এক জন ই॰রাজ রাজপুরুধ তাহা সর প্রাচীন। বারাণদী ঘোষ নামা এক জন ভদু সংস্থাপিত করেন, এবং ঐ সংস্থাপকের নামের অপ-্রকায়স্থ তাহা প্রতিষ্ঠিত করেন। তাহার উপরে ল্রুংশ অস্মদেশীয়দিগের মধ্যে তাহা "চানক" এক চাঁদনী ও উভয় পার্ম্বে দাদশ শিবমন্দির নামে প্রদিদ্ধ আছে। প্রথমতঃ চার্ণক সাহেব আ- আছে। ভাগীরথীর প্রশন্ত-গর্ভ-মাহাত্ম্যে তাহা পন নিবাদের একটি প্রশস্ত বাটা, ও একটি বাজার দেখিতে রম্য বোধ হয়, কিন্তু মন্দির-গুলি স্থাপিত করেন। তৎপরে ১৭৭২ খ্রীষ্টাব্দে ই॰রাজি শিম্পেনৈপুণ্যের নিতান্ত উৎকৃষ্ট আদর্শ নহে। এই সৈন্য রাথিবার নিমিত্ত তথায় আবাদ নির্মিত হয়। প্রস্তাব-শিরোভাগে যে চিত্র মুদ্ভিত হইল তদ্ষ্টে ঐ আবাস প্রায় অতি দীর্ঘ হইয়া থাকে, এব॰ ই॰রা- আমাদিগের এ কথা সপ্রমাণ হইবে। জী ভাষায় তাহাকে "বার্রাক" শব্দে কছে। সেই । চানকের উত্তরে মণিরামপুর; তাহা শত বৎ-ই রাজী বার্রাক্ শব্দের সহিত সংস্কৃত পুর শব্দের সর পূর্বে অতি যৎসামান্য গুাম বলিয়া পরিচিত যোগে ''বারাকপুর" হইয়াছে। এই নগরের ছিল। ১০ বৎসর হইল মেণ জান প্রিন্দেপ নামা প্রধান স্থান "পার্ক" নামে বিখ্যাত। ইংরাজ এক ব্যক্তি ইংরাজ তথায় এক ছিটের কারখানা রাজ-প্রতিনিধির তাহাই প্রমোদ-কানন, এবং তিনি ও পয়সা বানাইবার কল সংস্থাপিত করিয়া

কার রাধাবল্লভ তাহার প্রতিমা মাত্র। পরস্ত সে । কলিকাতায় থাকিলে প্রতি সপ্তাহে তথায় দুই তিন

অতঃপর বারাকপুর। দেড় শত বৎসর হইল জব্ চানকের সন্মুখে যে ঘাট আছে তাহা ৭০ বৎ-

তাহার এরিদ্ধি করেন, এবং তদব্ধি তাহার।বাসী রামায়ণ, কাশীদাসী মহাভারত ও বৈঞ্ব-সম্পত্তি বন্ধিত হইয়া এই ক্ষণে তাছা এক বিশিষ্ট নগর হইয়াছে। দেড় শত বৎসর হইল এই স্থান এবং ইহার উত্তর মূলাযোড় পর্যান্ত সর্বত্র অর-ণ্যাকীর্ণ ছিল, এবং বর্গীদিগের আক্রমণছইতে রক্ষা পাইবার নিমিত্ত তৎকালের বদ্ধমানাধিপতি পলাইবার স্থানস্থকাপে ঐ অরণ্য মধ্যে "সমুখ-গড়" নামে একটি দুর্গ স্থাপিত করেন। ঐ দুর্গ বহুকাল ধ্ব॰স হয়। সম্পুতি লৌছ পথের অনু-রোধে তাহার ধ্ব°সাবশেষও উৎস্প্ত হইয়াছে। ইছার পশ্চিমে ভাগীরথীতটে সুকীর্ত্তিশালী গো-পামোহন ঠাকুরের প্রতিষ্ঠিত ঘাট ও দেবালয় সকল দৃষ্ট হয়। তাহা কথিত পুণ্যাত্মার মান্যবর ও ধালিক বংশধরদিগের প্রয়েহে সূচারু সংস্ত আছে। ঐ দেবালয় গুলি কোন্সময়ে নির্মিত হইয়াছিল তাহা আমাদিগের নিশ্চয় স্মরণ নাই; পরস্ত তাহা পঞ্চাশৎ বৎসরের অধিক হইবে না। মণিরামপুরের উত্তরেও বহুক্রোশ স্থান মধ্যে

কোন প্রনিদ্ধ প্রাচীন নগর নাই; পরম্ভ প্রস্তাব-প্রারম্ভে মণিরামপুর-পর্যান্ত আনাদিগের সমা-লোচন করিবার সঙ্কপে ছিল, অতএব অধুনা এই স্থলে এএন্তাবের সমাহার করা গেল।

নূতন পুস্থের সমালোচন।

১, স্বভাব দর্শন। পদা পুস্থ। জীগিরীশচন্দ্র মজুমদার প্রণীত। ঢাকা নূতন যল্পে মুদ্রি। ১৭৮৪।

২, চিত্ত সভোষিণী। জীকৃষ্ণলীলা। খিদিরপুর নিবামী জীগণেশ চন্দ্র বন্দ্যোপাধ্যায় কর্তৃক বিবিধ ছন্দো বন্ধে রটিড। কলিকাভা ১২৭০।

ত্বিত্ত ক্রিক্তি দেশীয়েরা কহিয়া থাকেন যে 🦭 বাহ্বালী কবি হায় স্বভাব বর্ণ-্ত্রিনের তাদৃশ মাহাত্ম্য নাই; ত্তি তৎসমুদায় একমাত্র আদিরদে তিত্তি তিতি কিন্তু ভিনেবিদিত হইয়াছে; সর্বত্তই

্চেবল প্রেমের মধ্রিমায় অভিষিক্ত। যদিচ কীর্ত্তি-

দিগের ভক্তিগৃন্থ-সমূহ-সত্ত্বে একথা সাকল্যে সত্য বলিয়া স্বীকার করা যায় না, ভত্রাপি ইহা অবশ্য মানিতে হইবে যে আদিরস ভিন্ন অন্য বিষয়ে বাঙ্গালিতে কোন উৎকৃষ্ট গুম্ব নাই। বীর-রসের পুস্থ পয়ারে নিবদ্ধ হওয়া দুক্ষর, এবং মাইকেল মধুসুদন দভের "মেঘনাদ বধ কাব্য" প্রক-টিত হইবার পূর্বে আমরা মনে করিতাম যে বীরত্বের প্রতিধ্বনি বঙ্গভাষায় উৎপাদন করি-তে পারে না। বাঙ্গালী কবিমধ্যে ভারতচন্দু সর্বোৎকৃষ্ট ইহা সকলেই জ্ঞাত আছেন; কিন্তু নেই ভারতচন্দুও গৌড়ীয় ভাষায় বীররস প্রকাশ করিতে পারেন নাই; তদর্থে তাঁহাকে হিন্দার অবলম্বন গৃহণ করিতে হইয়াছিল। স্বভাব বর্ণনে তাঁছার "বার মাস বর্ণন" মল্ম নছে; পরস্ক তাহার প্রধান অংশ স্বভাবের সৌন্দর্য্যে সঙ্কণিপত না হইয়া বিদ্যা কোন ঋতুতে কি গৃহ-সুথ সস্তোগ করিতে পারিবেশ ভাহারই বাহুল্য বাখ্যানে নি-য়োজিত হইয়াছে মাইকেল মধ্সূদন দত্ত "তিলো-ভুমা কাব্যে " এবং রঞ্চলাল বন্দ্যোপাধ্যায় "কর্ম-(मवीटक " संভाव वर्गनित व्यवकामा लहेशाहिन, **व**व॰ তদ্বারা যে আদর্শ দর্শাইয়াছেন তাহাতে নিশ্চয় বোধ হয় যে ঐ অমৃতভাষী কবিবরেরা পরীক্ষা করিলে অবশ্যই কেবল শ্বভাব বৰ্ণনের অতি উৎ-ক্ষ্ট প্রমাণ প্রদর্শন করিতে পারিতেন, কিন্তু মভাব বর্ণন তাঁহাদের প্রকৃত প্রস্তাব ছিল না, সুতরাণ তদ্বিধয়ে তাঁহাদিগের উপযুক্ত অবকাশ হয় নাই। অন্যান্য গুম্বে ৰভাবের শোভা বর্ণনে কোন অনুরাগ দেখা যায় না; পরস্ত স্বভাবের শোভা বিষয়ে এই প্রকার বিরাগ দৃষ্টে ইছা কদাপি মনে হুইতে পারে না যে স্বভাব-শোভা কবিতার উপযুক্ত পদার্থ নহে। যে কেহ কালিদাসের " গ্রতুস হার " কি তম্সন সাহেবের " সিজন্স্"

নামক ঋতুবর্ণন পাঠ করিয়াছেন তাঁহার! অবশ্য নিতান্ত শিশু না হইলে এ প্রকার কর্ম্য সলস শোভার উপল্পি হইতে পারে। পরস্তু উষার প্র- মাতা পিতা অপত্যের গাত্রমার্ক্তনাদি করণ ৰূপ হুইতে পারে, সন্দেহ নাই। এই বিশ্বাদে আমরা দর আছে বলিতে পারি না; পরস্ত চুলকনা অত্যন্ত • স্বভাবদর্শন " নামক একথানি শভিনব পদ্যপুত্ত সঙ্কামক রোগ তাহার স্পর্শে অন্যকে ঐ রোগে গুহণ করি, কিন্তু তৎপাঠে আমাদিগের স্বভাব- আক্রান্ত হইতে হয়, অতএব তাঁহার সহাধ্যায়ি-শোভা-শুরণান্রাগ তৃপ্ত হয় নাই: প্রত্যুত পি-্দিগের মঞ্চলার্থে ঢাকা কালেজের অধ্যক্ষদিগের পাসুদিগের যে প্রকার অব্প বারিতে তৃষ্ণার শান্তি না হইয়া তাহার রদ্ধি হইয়া থাকে, সেই ৰূপে হইলে তাহাকে আর কালেজে না আসিতে দেন; "স্বভাৰদৰ্শন " পাঠে আমাদিণের অনুরাণের ইহার প্রভাবায়ে সমস্ত ছাত্র চুল্কনাপুত হট্বে, রদ্ধি হইয়াছে। পুত্কার 🕮 গিরীশাচনদু মজুমদার সন্দেহ নাই। এই সস্কুমক রোগের ভয়ে পাছে আপন পরিচয়ে কছেন যে তিনি ঢাকা কালেজের এক জন ছাত্র। পরস্ত এ পরিচয় না দিলেও তাঁ-হার বয়স নিকাপণ করা দুষ্কর হইত না, কারণ তিনি কহিয়াছেন,

"এই যে স্বভাব শোভা ভাবুকের মনে লোভা, অলুদে না হেরি আমি হায়! একে উঠি শত ডাকে আর পাঁচড়ার শোকে, यन्छ। पूरे " हूल्नात्न" यात्र ।। কিবা সুথ মরি মরি বদন জকুটি করি, नश्न यूरिश मूथ कछ। কিন্তু পরে হায় হায়! জলে জলে প্রাণ যায়, শোধ দেয় সুথ ভোগ যত ৷৷" /

ষীকার করিবেন, যে ঐ বিষয়ে কবিতার কি পর্য্যন্ত নিলন-স্বভাব সম্ভবে না. এবং তাহাতে তাঁহার হাস্য বয়ান, মধ্যাহের দোর্দ প্রচন্তুতা,ও গোধ্- অবশ্য কর্মের সাধনে বিমুখ ইহারই পরিচয় পা-লীর কমনীয়তা; কিস্বা বসন্তের তারুণ্য, কি গুীয়ের ওয়া যায়। যে ব্যক্তি সুদার্ঘ গুস্তুরচণে সক্ষম এবং গৌরব, কি বর্ষার ফলশালিতা, কি শরতের মধু- কবিতাকলাপে মান্য হইবার আশায় ৭৫ পৃষ্ঠা কবি-রিমা; অথবা সূয্যের বীর্য্য, বা চন্দের মাধুর্য্য, বা তা নিব ধন করিয়াছেন তিনি যে গাত্র-পরিষ্কার পুষ্পের নয়নানন্দকারিতা, কি ফলের মোহজন করণের তুটিতে সর্বাচ্ছে পাঁচড়া বিশিষ্ট হইবেন ও কতা, কি ঋতুভেদে জীব জন্তুর প্রেম বাৎসল্যা- গুন্থারন্তে পাঠকদিগের সমুখে বদন ভ্কৃটি করিয়া দি ভাবের সহদয়তা, ইহার যে কোন পদা- "দুই ঘণ্টা কাল" দেহ চুলকাইবেন ইহা অবশ্য র্থের প্রতি দৃষ্টি করা যায় তৎসমুদায় কবিতার আশ্চয্য মানিতে হয়। আমরাকদাপি বলজ-সমাজ অত্যুপযুক্ত পদার্থ বলিয়া মানিতে হয়। উত্তম ঢাকার আচার-ব্যবহারের পরিচয় পাই নাই, সুত-কবির হত্তে এই পদার্থ দকল চমৎকার চিভরঞ্জ রাং দেশাচারে দেখানে কি পর্যান্ত চুল্কনার সমা-কর্ত্তব্য যে মজুমদারটির চুল্কনা না আরোগ্য शाठेकहन्म च ভावদर्भातत शांतिहात करहन। **এ**ই হেতৃ তাহার আদশ্যকপে এই তলে আমরা গুস্থকারের গৃহ প্রশংসাটি এন্থনে উদ্ভ করি-লাম; তৎপাঠে অনেকে তাঁহার রচনা চাতুয়া অনুভূত করিতে পারিবেন; ফলতঃ হতন কবির কবিতা-ভাষায় দৃষ্টি স্মাছে, রোগ মুক্ত হইয়া তিনি বাগদেবীর আরাধনা করিলে ক্রমশঃ পারদক্ষ হইতে পারেন।

> "মরি মরি কিবা সূথ, ছেরিয়া গেছের মুখ, उथिवाल भागम भाषा । নিজ বাস দরশনে, বলহ কাহার মনে, সভে:যের না হয় নঞার ?

माजिया मान्नात नात्म, मूर्थी देवजयुख धारम, সুধাপানে শচী শচ্চীপতি। গছন কান্তারে চরি, অভক্ষ্য ভক্ষণ করি, তত সুখী পশুর দম্পতী।। হেরে রম্য নিকেতন, ভুলে কি পশুর মন, বাঞ্ছা তার সদা বনবাস। সদা কণ্টকিত বনে, বঞ্চে পুলকিত মনে, প্ৰাণান্তেও ছাড়ে না নিবাস।। জিজ্ঞাসিলে কুঞ্জবনে, সুভাষি-বিহুত্বগণে, বলে তারা কল কল স্বরে। রসে পূর্ণ নানা মত, সুবর্ণ পিঞ্জরে কত, সুথ যত পাদপ কোটরে॥ विंध मान शाल शाल, यथन ठतारत्र शाल, উড়ে যায় পশ্চিম অঞ্চলে। এক দৃষ্টে মরি মরি, বাস নিরীক্ষণ করি, ঝোরে তারা নয়নের জলে।। গৃহ-শোকে মগ হিয়া জলনিধি দাঁতারিয়া, আবিতে যতন কত পায়। রক্ত শোত বহে গায় দাকণ শৃত্যল পায়, আদিবেক হায় হায় হায়! স্ববাসে কি সুখ আছে, শুনহ কাফ্রির কাছে, সকৰুণ ভাষে কি সে কয়। ত্রিদশালয়ের যত, সুরম্য ভুবনে কত, कूछीदा य मूरथत छेन्य।। দেবতা দানব নর, কানন বিমানচর, शृह-भूरथ मकरल मगन। তবে বল পুলকিত, কেননা আমার চিত, হবে বাস করি বিলোকন।। (यहे ज्ञात करा करा, त्मृह पूर्व मरवाधान, বিতরে জননী সুধা-ধার। জনকের সুবচন, পৌরজন সভাজন, শিশু মুথে মধুর সঞ্চার।। সৃথকর অন্পম, ত্রিভ্রনে গৃহসম,

বল আর কোন স্থা**ন পা**ই। যথা সবে সমজ্ঞান, নাহি মান অপমান, চাকর নফর দাদা ভাই।। লণ্ডনে পুলক মনে, বঞ্চ রম্য নিকেতনে, সভ্যসনে মেজের খানায়। অথবা মঘের সনে, বাধ্য পোড়া পলাশনে, নাসা রক্ষু চাপিয়ে ঘ্ণায়।। গঙ্গার পুলিন দেশে, মগ্ন সুথ সবিশেষে, প্রকৃতির বিচিত্র শোভায়। কিম্বা তপ্ত বালুকায়, পূর্ণ মৰু নাহারায়, কর্ণ শোষ হয় পিপাসায়।। वाश् शूर्व मिवा घरत, পूष्णि च भधा क भरत, निम् याउ इतिय अछदत । অথবা গছন বনে, ভীষণ সিংহ গর্জনে, কাঁপে হিয়া থর থর থরে।। যেথানে দেখানে যাও, যাহা ইচ্ছা তাহা থাও, যে শয্যায় করছ শয়ন। मूर्थ स्वि करा करा, स्वरहत मृश्वल मरन, গৃহ পানে করে আকর্ষণ।। यि एक्न मूथ ख्रात्न, कीन वाम প्रतिशात्न, শাক অয়ে উদর পূরাই। তবে ছার ভূপতির, চিন্তাপূর্ণ সুমন্দির, সুভোজন ভোগিতে না চাই।। বাঞ্চা পরিবার সনে, সুমধুর আলাপনে, मना मूर्थ कीवन काषे। है। ইন্দুিয় রাথিয়া বশে, কবিতাকমলরদে, প্রাণেশ কীর্ত্তন সদা গাই ॥" বান্ধালী কবিতা রচনায় ছন্দের তাদৃশ কাঠিন্য অনুভূত হয় না ৷ অঙ্গুলার সাহায্যে চতুর্দশটি অক্ষর গুণিতে পারিলেই পয়ার হইল, এবং সেই পয়ারই গৌড় কবিতার প্রধান আদর্শ। ত্রিপদী ও চৌপ-দীর পক্ষেও এই ৰূপ শুথ নিয়ম দেখা যায়। পরস্ত

এ শুথতা কেবল ব্যবহার দোষেই ঘটিয়াছে; পয়ার

कि छोशमी, कि वाक्षांनी व्यवा ছत्म्ब बांचा पार्य इंड्यामि बहना बकावनीत व्यामर्भ वरहे; जाहा তাহা উদ্ভূত হয় নাই। ইহা বলা বাহুল্য যে কেবল হইলে তিনি— অক্ষর গণনায় কদাপি ছন্দ হইতে পারে না; তাহা হইলে আমাদিগের এই গদ্য ১৪ টি অক্ষরের পঁক্তিতে 🕆 নিভাজিত করিয়া দিলেই পয়ার হইত। লঘু গুৰু কিমা, ভেদ এবং যতিই ছন্দের মূল, তদভাবে কবিতা হয় অথবা, না। কেবল অক্ষর গণনার প্রতি প্রাচান পিঞ্ললের নিতান্ত হতাদর দেখা যায়, তাহাতে লিখিত আছে বা, य ছन्म पूरे जिनिष्ठे व्यक्तत विधिक हरेन होनि নাই, যেছেতু দ্রুত উচ্চারণে অনায়াসে তাহার প্রভৃতি পদগুলিকে কি প্রকারে ঐ আদর্শের প্রতি-থৰ্বতা সিদ্ধ করা যাইতে পারে; কিন্তু মাত্রা ও यि नर्वेब मार्यात्न तका कर्ता कर्वेग्र, जम्ভार्य इन्स निष्णञ्च इय ना। वाञ्चाली উত্তম কবিরা এ বিষয় জ্ঞাত আছেন, এবং কবিতা রচনার সময় তাহার বিশেষ অনুরাগ করিয়া থাকেন; কিন্তু বান্সালী ছন্দের ঐ লঘু গুৰু মাত্রা ও যতির বিবরণ কোন গুল্ভে নিয়মবদ্ধ না থাকায় নূতন কবিরা তাহার অত্যন্ত ব্যভিচার করিয়া থাকেন। ভারত-চন্দের একাবলী অতি রম্য ছন্দ; ভাহার পাঠ-মাত্রে মন নৃত্য করিয়া উঠে; কিন্তু তাহার সেই মাহাত্ম্য তাহার যতির গুণে ঘটিয়া থাকে। ঐ যতি ভ্যাগ করিয়া কেবল একাদশটি মিত্রাক্ষর বর্ণ বিন্যস্ত করিলে তাহা প্রাপ্ত হওয়া যায় না। মজুমদার মহাশয় হুতন কবি; তিনি অন্য নব্যের ন্যায় এ বিষয়ের নিতান্ত হতাদর করিয়াছেন। তাঁছার ছন্দ পুনঃ২ খণ্ডিত হইয়াছে। কি পয়ার কি ত্রিপদী কি অন্য যে কোন ছন্দ তিনি অব-লম্বিত করিয়াছেন তৎসমুদায়ই পদ ভগ্ন বোধ হয়। তাঁহার একাবলার পক্ষে এই দোষ সর্বদা পাঠকের অতৃপ্রিজনক হইয়াছে। গুস্থকার অবশ্য স্বীকার করিবেন যে তাঁহার—

> " রমণীয় ৰূপে শোভিছে ফুল। গুঞ্জরে যে থানে অলির কুল ॥"

" মাঠের স্বভাব কিবা সুন্দর ! হেরিয়া মোহিত হল অন্তর।।" " हाँ ि চাमा जे हल युष्या।" "কার হাতে শোভে ঘোড়া মাটিয়া।।" "কেছ চলে মোট শিরে করিয়া ॥" "ছিল তথা এক রদ্ধ ব্রাহ্মণ। नातीशर्व करह कन्ने वहना।"

ৰূপ মানিবেন? উহাদিগের মধ্যে মাত্রা যতির স্বৰ্গমৰ্ত্ত্য ভেদ আছে। শেষ দৃষ্টান্ত গুলীকে কি ভাষা, कि ভাব, कि इन्म, किছুতেই কবিতা বলিতে ইচ্ছা হয় না। মজুমদার মহাশয় যদ্যপি পুনরায় কবিতা লেখেন, তাহা হইলে তাঁহার এ বিষয়ে মনোযোগী হওঁয়া কর্ত্ব্য।

আমাদিগের সমালোচ্য দিতীয় গুন্তের নাম "চিত্তসন্তোষিণী ৷" থিদিরপুর নিবাসী শ্রীষুক্ত গণে-শচন্দু বন্দ্যোপাধ্যায় কতৃক ইহা রচিত ছইয়াছে। ইহার অভিপ্রেত বিষয় কোন মতে নূতন নছে, চৈতন্যদেবের সমকালছইতে বন্ধীয় সকল কবিই স্থিসংবাদ সঙ্কীর্ত্তনে কোন না কোন সময়ে আপন২ বীণার সাধন করিয়াছেন। ভারতচন্দু পরম শাক্ত ছিলেন; তাঁহার অমদামন্থল মহা-মায়ার গুণকীর্ত্রনার্থে রচিত হয়, পরস্ত তাহা-তেও স্থিদ বাদের প্রাচ্ধ্য দেখা যায়। মাই-কেল মধুসূদন দত্ত ছিন্দুধর্ম পরিত্যাগ করিয়া গ্রীষ্টধর্মে অভিষিক্ত হয়েন, তত্রাপি দেশের মহি-মায় স্থিসংবাদের মোহিনী শক্তির নিগড় ভগ্ন করিতে পারেন নাই; আদিরসের আদশ স্বৰূপে ব্ৰজান্ধনা কাব্যে "গোপ" বধুর বিরহ বর্ণন করি-য়াছেন। ফলতঃ পূর্বকার সংস্কৃত কবিরা যে প্র-কারে রামচন্দ্রে চরিত্র বর্ণন না করিয়া কবি-পদ-

বীর অভিমান করিতে পারিতেন না, সেই ৰূপ। কবিই তাহার সমাদর করিয়া থাকেন। পরস্ত যে-मछा वाक्षानी कविता उक्ननोलात वर्गन विना কবিতা রচনার কামনা শাস্ত করিতে পারেন নাই। ব্রজনীলার প্রতি এ প্রকার সমাদর হইবার কারণও যথেষ্ট আছে। আদে বৈক্ষবদিগের ভক্তি मार्श जाकारमत रेडे प्रत्वत वरे श्रकात नीमात কীর্ত্তন-ধর্ম প্রবর্জক বলিয়া বিখ্যাত আছে; তজ্জন্য অনেকে ব্রজলীলার বর্ণন করিয়া থাকেন। কিন্তু তাহাই যে ব্রজলীলা-বর্ণনের একমাত্র বা প্রধান কারণ এমত নছে। যেছেতু তাহা হইলে বৈষ্ণব ভিন্ন অন্য সম্পুদায়ির পক্ষে তাহা সমা- ভাবের বর্ণন আছে; তাহার প্রতিধনি বিষয়ক দরণীয় হ'ইত না; অপর অন্য সম্পুদায়েরা আ- গীতটা সমস্ত হতন বলিলে বলা যায়; পরস্ত ব্রজ-পন ২ ইষ্টদেবের গুণ-কীর্ত্তনে বিরত হইতেন না। লীলা বিষয়ক গীতের প্রাচুর্য্য বশতঃ তাহাও বিশেষ এই হেতৃ বোধ হয়, এমন্ডাগবত ও গতিগো- বিখ্যাত হইতে পারে নাই। এই আপত্তিহেতু বিন্দে কৃষ্ণলীলা অতি চমৎকার ৰূপে বর্ণিত হই- আমরা খ্রীযুক্ত বন্দ্যোপাধ্যায় মহাশয়ের গুল্পের য়াছে, সেই বর্ণনায় অনেকে মুগা হইয়া তজ্ঞপ রচ- বিশেষ সমালোচন করিতে অনুৎসাহী হইতেছে। নায় উত্তেজিত হয়েন। প্রাচীন কালাবধি গ্রীক তাঁহার রচনায় প্রোদ্ধল সন্ভাব পূর্ণ বর্ণনা অনেক লাটিন ও সংস্কৃত কবিরা গ্রাম্য গোপদিগের প্রেম- আছে; তাঁহার রচনার লালিত্য মনোহর হই-বর্ণন কবিতার অতি উপযুক্ত বিষয় জানিয়া তদ্ব- য়াছে, এবং ব।ক্চাতুর্য্য অবশ্য প্রশেণননায় মানিতে লম্বনে স্বভাবের শোভা ও অকপট সরল প্রেমের হইবে, পরস্ত ব্রজলীলা বর্ণন এই পত্রের অভিধেয় বর্ণন করিয়া আদিভেছেন; তাহা স্বভাব বশতঃই বিষয় নছে। তাহার আলোচনায় অবশ্য আপত্তি হউক বা প্রাচীন সংক্ষার বশতঃই হউক, মনুষ্যের জন্মিতে পারে, তরিমিত্তও এ বিষয়ের এই স্থলে অতি সমাদরণীয় হইয়া থাকে, এই প্রযুক্ত সকল বিশ্রাম করিতে হইল।

ছেতু সকলেই তুল্য কবি নছেন, এবং যাহা পুনঃ ২ প্রবণ করা যায় তাহা অনায়ানে বিস্মৃত হওয়া যায় ন,সুতরাণ ব্রজলীলা-বর্ণনে নৃতন ভাবের অপ্রাচুর্য্য দেখা যায়; তাহাতে অতি অপে বিষয় মূতন মনে হয়। নৃতন কবিদিগের পক্ষে এই বিষয় অপর এক কারণে অনিষ্টকর হইয়া থাকে। তাঁহাদিগের নৃতন রচনা পাঠকেরা বিখ্যাত প্রাচীন রচনার সহিত তুলনা করিয়া হঠাৎ তাহাতে দোষারোপ করেন। মধুসুদন দত্তের ব্রজাঙ্কনা কাব্যে অনেকগুলি ভূতন

রহ্স্য-সন্দর্ভ

নাম

পদার্থ-সমালোচক মাসিকপত্র।

১ পর্ব ৮ **খণ্ড।**]

ভাদ্র; সংবৎ ১৯২০।

[वार्षिक यशुभ मृना २ गोका।

পলিনেসিয়া বৃত্তান্ত !



শান্ত সাগর মধ্যে যে সমৃদয় অসঙ্খ্য দ্বীপপুঞ্জ লক্ষিত হয়, তাহাদের সাধারণ নাম পলি-নেশিয়া। অতি অপ্প দিন इरेन रेयुरताशीरयता এर घोश

সমুদয়ের পরিচয় প্রাপ্ত হইরাছেন। ঐষ্টীয় অষ্টা-দশ শতাকার উত্তরার্কে কাপ্তেন কুক্ এই দ্বীপ সমুদয়ের বিবরণ প্রকাশ করিয়াছিলেন। সেই व्यविध मकरलई शिलरनिशावामीर इति नीजि আচার ব্যবহার প্রভৃতি বিষয় অবগত হইতে কিন্তু অধুনা মিশনরিদিগের অনু প্রহে ইহাদের মানুষের সাধ্য নহে। কেই কি কথন মনে করিতে সমুদয় বিষয় সবিশেষ বিদিত হওয়া গিয়াছে। করিতে পারা যায়। ইন্দুগোপ কীটে কথন কি মিশনরিদিগের বিবরণ পাঠ করিলে হৃদয় প্রীতি- অভ্রণলিষ্ট বিদ্ধার্গিরিকে নির্মাণ করিতে পারে? বিক্ষারিত হয়। আমরা ইহাঁদের দয়ার্ড স্বভাব কিন্তু যিনি আজ্ঞা মাত্রে সমুদয় জগতী পদার্থের ও অসাধারণ অধ্যবসায় নিরীক্ষণ করিয়া মুক্তকণ্ঠে স্প্তি করিয়াছেন তাঁছার পক্ষে ইহা দুৰাহ নহে। ইহাঁদিগকে সহস্র সংখুবাদ প্রদান না করিয়া কোণীবিদ্যাবিৎ পশুতেরা পরীক্ষাদারা স্থির

সাচ্ছম ভূভাগকে জ্ঞানালোক প্রদীপ্ত করিয়াছেন। ইহাঁরা বর্বরদিগকে সুসভ্য করিয়াছেন। ইহাঁ-শ্বরের অপার কৰুণা, অনস্ত মহিমা জানিতে পারিয়াছে। ইহাঁরা নরমাণ্স ভক্ষক দুর্ঘান্ত রা-क्रमिन्धिक धोत-প्रकृष्ठि वृक्षिक्षोवि मानुरय शति-ণত করিয়াছেন। পলিনে শিয়াবাসীরা এক্ষণে প্রা-তঃকালে শয্যাহ্ইতে গাত্রোত্থান করিয়া প্রথমে ইহাঁদিগকৈ ধন্যবাদ প্রদান করিয়া অন্যান্য কর্মে প্রবৃত্ত হয়।

পলিনেসিয়া দ্বীপ সমুদয়ের উৎপত্তি কাহিনী অতি অভূত। এই দ্বীপ সকল কিৰূপে উৎপন্ন সাতিশয় ঔৎস্ক্য প্রকাশ করিত। যাঁহারা বা- হইয়াছে তাহা ভাবনা করিতে ২ গাত্র রোমাঞ্চিত ণিজ্যার্থে অথবা বিজ্ঞান-শাস্ত্রের উন্নতি আ- হইয়া উঠে। জগদাধরের অনন্ত শক্তি পর্য্যা-কাঙ্কা করিয়া তথায় গমন করিতেন, তাঁহারা লোচনা করা কাহার সাধ্য। ইনি কি ৰূপ উপাদানে ইহাদের বিষয়ে কিছুই বলিতে পারিতেন না। কিন্তুপ সামগ্রী প্রস্তুত করেন, তাহা বুঝিয়া উঠা রীতি নীতি ধর্ম বিধান-সংহিতা ভাষা প্রভৃতি পারে যে হিমালয় পর্বত পিপীলিকাদারা নির্মিত কোন মতেই থাকিতে পারি না। ইহাঁরা অন্ধতম- করিয়াছেন যে প্রবাল কীট সমুদয় সমুদ্র গর্ভ-



ইংতে পলিনেসিয়ার অধিকা॰শ দ্বাপ সকল প্রাচারের মধ্যে ২ এক ২ দ্বার আছে। সেই দ্বার নিৰ্মাণ করিয়া তুলিয়াছে। কিৰূপে এৰূপ ক্ষুদ্ৰ কীটদারা এরপে অদ্রুত কীর্ত্তি সম্পাদিত হইল প্রান্তে অবস্থিতি করে। তाहा वृक्षित व्यवसा। এই প্রবাল कोট मমুদয় প্রশান্ত সাগরের আকার একেবারে পরিবর্ত্তিত করিয়া ফেলিতেছে। সহস্র বৎসর পূর্বে যেথানে নীলবর্ণ লবণময় সমুদ্রজল ভিন্ন আর কিছুই দৃষ্টি-গোচর হইত না, এখন সেখানে শত২ দ্বীপ অমৃতময়-ফল-মূল-সুশোভিত-তৰুরাজি-অল**স্**ত হইয়া হাস্য করিতেছে।

অপেক্ষাকৃত রহৎ দ্বীপ গুলির অর্দ্ধকোশ দূরে প্রবালকীট নির্মিত এক ২ চক্রাকার প্রাচার আছে। এই প্রাচীর সকল থাকাতে সাগরলতা সমুদয় দ্বীপে লাগিতে পারে না! ভীষণ পর্বতাকার সমুদ্র তরঙ্ক मकल প্রচপ্তরবে এই প্রাচীর সমুদয়কে আঘাত

দিয়া প্রবেশ করিয়া জাহাজ সমুদয় নির্বিঘে দ্বীপ-

সমুদ্রহইতে এই দ্বাপ সকল দেখিতে অভি রমণীয়! হরিদণ তৰুশাথা ও লতা সমুদয় মনো-হর ফল পূষ্প বিভূষিত হইয়া সমুদ্রতরঙ্গে আকা-লিত হইতেছে; পুরেট রক্ষের প্রকাণ্ড শাথা সমু-দয়ের নিমুভাগে শান্তিপূর্ণ হৃদয়বিমোহন ক্ষুদ্র ২ কুটার সমুদয় শোভা পাইতেছে, ইহা দেখিয়া কা-হার না নয়ন আনন্দ-সন্তুপ্ত হয়। উপত্যকা ভাগে স্বৰ্ণ-বৰ্ণ শ্ৰম্যৱাশি মন্দ ২ বায়ু সঞ্চালিত হই-তেছে; এবং তরজিণী সমুদয় ঘোর রবে পর্বত গুহা-হইতে নিঃস্ত হইয়া চক্রাকারে উর্বর ক্ষেত্র সক-লকে আলিম্বন করিয়া, স্মিত-বিক্ষিত-মুখে নদী-পতি সাগরের সহিত মিলিত হইতেছে, ইহা করিয়া আপনাদের বেগ নিঃশেষিত করে। এই দর্শন করিলে, অন্তঃকরণ অনামাদিত পূর্ব আ- नन्पतरम উच्छ्लि ३ इत्। मगूष मधा १३८७ यथन | মেঘমালা मनुन পর্বত শ্রেণী সকল লক্ষিত হয়, তথন আর আনন্দের সীমা পরিসীমা থাকে না। তীরে পদার্পণ করিলে এই দ্বীপ সকলকে প্রকৃতির বিহারোদ্যান বলিয়া জ্ঞান হয়। এখানে সর্ব-প্রকার **সৌন্দ**র্য্যের সমাবেশ হইয়াছে। দ্বীপস্থিত সমুদয় পদার্থ উৎসব বেশ ধারণ করিয়া সর্বত্রই শান্তি বিস্তার করিতেছে। এখানে উপস্থিত হইলে বোধ হয় যেন কোন দেবনগরীতে উপস্থিত হুইলাম। কবিদের মুখে, অমরাবতীর নন্দনকাননের य क्र वर्गना खंदन कहा यांग्र, এই होश ममूप्य দর্শন করিলে সেই বর্ণনার মর্মগ্রহ হয়।

এই দ্বীপা সমুদয়ের ভূমি যেমন উর্বরা, জল বায়্ তেমনি উৎকৃষ্ট। এখানে এৰূপ আশ্চর্য্য ২ ফল মূল লক্ষিত হয়, যাহার নামও কেহ কথন শ্রবণ করে নাই। এখানে ব্রেড্ফুট্ নামে কাঁঠালের ন্যায় এক প্রকার ফল আছে, তাহা এই দ্বাপ-वामोरम्ब ध्रधान ভक्षा खवा। এই তৰু मমूम्य দীর্ঘাকার। ইহারা অনেক স্থান ব্যাপিয়া থাকে। ইহাদের পত্রগুলি দন্তর, এবং যোল সতর ইঞ্চি লম্বা। বৎসরে তিন চারি বার ফল হয়। ফল সকল যখন পকু হয় তথন দেখিতে পীতবর্ণ। ফল সক-লের ব্যাস প্রায় ছয় ইঞি। এই রক্ষের তক্তায় গৃহ ও ক্ষুদ্র তরি নির্মিত হয়। ইহাদের বলকলে তদেশ বাসীদের বস্ত্র প্রস্তুত হয়। এথানে স্বাদু আল, এরাফট, নারিকেল, কদলীফল, ও ইক্ষু অপর্যাপ্ত মিলে। এথানে যেমন সুন্দর ইকু পাওয়া যায়, আর কোথাও তেমন সুস্বাদু ও **ज्ञुन्मत** इक्कू भाख्या यात्र ना। देवभाग्रत्नता इक्कू-হইতে কি ৰূপে চিনি প্রস্তুত করিতে হয়, তাহা পুর্বে জানিত না। মিশনরিরা ইহাদিগকে তাহা শিথাইয়াছেন। মিশনরিরা নানা জাতীয় ফল মূল ভক্ত এথানে আনিয়া রোপণ করিয়াছেন। সেই কিশ অতি কোমল,ও চক্রাকার। ইহাদের গাত্তের

नकल वृक्ष अथारन উত্তম करण वर्षिक इह-তেছে। পূর্বে আঙ্গুর, কমলানেবু, তেঁতুল প্রভৃতি कल এই দ্বীপ সকলৈ ছিল না। কিন্তু মিশনরি-দের অনু গ্রহে দ্বৈপায়নেরা এই সকল অমৃত ফলের व्याचामन প्राथ इरुयाहा এर होश नकरन यर গাছ ভাল হয় না।

এখানে মান্যের সকল প্রকার ভোগ দ্রব্য রাশী-কৃত রহিয়াছে। এখানে সকল প্রকার ভোগে-স্থাই পরিতৃপ্ত করিতে পারা যায়। কিন্তু হায় এৰূপ উৎসব নগরীর লোকেরাও বর্দ্ধ-রুত্তি অনুস-রণ করিয়া পরম পবিত্র মানুষ নামের কলক্ষ করিত। বন্য পশু সদৃশ দৈপায়নের। মধুময় ফল ভক্ষণ করিত, সুশীতল বারি পান করিত, মনো-হর উদ্যানে ভ্রমণ করিত, নানা জাতি বিহল্পমের মধ্র গান ভাবণ করিয়া কর্ণ পরিতৃপ্ত করিত; কিন্তু কোন্ব্যক্তি কি অভিপ্ৰায়ে তাহাদিগকে এই সমুদয় রমণীয় পদার্থ উপভোগ করিতে দিয়া-ছেন, তাহারা একবারও তাহা ভাবিত না। আ-হার ও নিডা প্রভৃতি পশুর্তিমাত্র তাহারা জা-নিত। কি ৰূপে মনুষ্য নামের দার্থকতা করিতে হয়, তাহার বিন্দু বিদর্গ মাত্র তাহারা অবগত ছিল না। মিশনরিরা তাহাদের জ্ঞাননেত্র উন্মালিত করিয়াছেন। তাহাদের পুনর্জন্ম হইয়াছে। তা-হারা সকল সামগ্রাই এখন নূতন চক্ষে অবলো-কন করে।

व्यथितां नीता व्यक्ति होर्च अभाष्मन नरह । किन्न ইহাদের অঞ্চ প্রত্যাঞ্চের গঠন অতি সুন্দর। ইহারা অতিশয় কর্মক্ষম। ইছারা বলে যে ইউরোপীয়-দের আগমনের পূর্বে তথায় কদাকার বা ৰুগ वाञ्जि हिल ना। ইशाप्तत ललाणे प्रभाख, त्नब **नीर्घ উজ্জ्वन ও क्**ष्ठवर्ग, नामिका जिल পृष्ण महम, ७४ म्१०मल, म्ख चि छल, ७ कर्न मोर्च। इंश्राप्तत

বর্ণ এক বিলক্ষণ প্রকার। ইছারা কৃষ্ণবর্ণ শুল্রবণ অথবা তামুবর্ণ নছে। ইছারা পিঙ্গলবর্ণ। নারীরা পুরুষদের অণৈক্ষা ক্ষুদ্রতর বটে, কিন্তু আমাদের নারীগণ অপেক্ষা অনেক দার্ঘ। ইছাদের অবলাগণ অতিশয় বলিপ্ত। অধিবাসীদের গঠন গোল২। ইছাদের সর্দারেরা প্রাকৃত লোকদের অপেক্ষা অধিকতর দীর্ঘ ও বলিপ্ত। ইছারা বলে যে কৃষ্ণবর্ণ বলের লক্ষণ। ইছারা কৃষ্ণবর্ণ পুরুষ দেখিবা মাত্র বলিয়া উঠে "আহা! উছার অস্থি সকল কেমন শক্ত। উছাদের অস্থিতে কেমন সুক্ষর বঁড়শিও ছাতুড়ি ছইতে পারে।"

ইহাদের মনোরত্তি সমৃদয় যত দূর কর্ষিত হওয়া
উচিত এখনও তত হয় নাই। অন্যান্য দ্বাপ পুঞ্জের
অধিবাসীদের অপেক্ষা সোসাইটা পুঞ্জের লোকদিগকে অধিক বুদ্ধিমান্ বলিয়াবোধ হয়। দ্বৈপায়নদিগের মনোরত্তি সকল যে দুর্বল নহে তাহার
শত ২ প্রমাণ পাওয়া যায়। ইহাদের রীতি নীতি
ও আচার ব্যবহার যে ৰূপ, ইহারা আপনাদের
গোষ্ঠাতে যেৰূপ বাগ্মিতা প্রকাশ করে, ইহাদের
ভাষাগত সৌন্দর্য্য যেৰূপ, তাহাতে স্পষ্ট বোধ হয়,
যে ইহাদের মানসিক রত্তি সমুদয় সম্যক্ বলিষ্ঠ।
ইহারা অক্ষশাস্ত্র শিথিতে অতি তৎপর। ইহাদের
মধ্যে অনেকে বর্ণমালা হইতে আরম্ভ করিয়া
এক বৎসরের মধ্যেই "নিউ টেস্টামেণ্টের" অর্থ
করিতে শিথিয়াছে।

ইহারা ধীর প্রকৃতি, প্রসন্ধ সভাব, ও আতি-থেয়ী। ইহারা অধিক পরিশ্রম করে না; এবং অধিক ভক্ষণও করে না। ইহারা সকাল ২ নিদ্রাগত হয়, এবং সূর্য্যোদয়ের পূর্বেই শয্যা হইতে উঠে।

অধিবাসীদের সশ্বা অধিক নহে। সমুদয় দ্বীপ-পুঞ্জের অধিবাসীদিগকে একত্র করিলেও পঞ্চাশ ভাজারের অধিক হইবে না।

ইউরোপীয়দের আগমনের পূর্বে এথানে লোক

বর্ণ এক বিলক্ষণ প্রকার। ইহারা কৃষ্ণবর্ণ শুজবন সন্ধ্যা অধিক ছিল। কিন্তু যৃদ্ধ নরহত্যা জনহত্যা অথবা তামুবর্ণ নহে। ইহারা পিঙ্গলবর্ণ। নারীরা এবং নরবলিদারা সমুদয় লোক প্রায় নিঃশোষিত পুরুষদের অপৈক্ষা ক্ষুদ্রতর বটে, কিন্তু আমা- হইয়া গিয়াছে।

সর্বদাই প্রায় ইহাদের পরস্পারের সহিত পার-স্পারের যুদ্ধ হইত। প্রত্যেক যুদ্ধেই ৰুধিরনদী প্রবাহিত হইত। লাঠী, বড়শা, তীর, ধনু ইহাদের युकाख । यूकातरछत शूर्व " अता" म्हार्य निकरि नत्रविन প्रमान रूरेठ; अव॰ मकत्न अका श्रीहास्ड তাঁহার সাহায্য-প্রার্থনা করিত। তৎপরে যুদ্ধ-তরি नकल मङ्शेष ও সুসজ্জিত হইত, युकाख नकल সমার্জিত হইত, এবং দলস্থ লোকদিগকে একত্র করিবার নিমিত্ত চতুর্দিগে দূত প্রেরিত হইত। পুরোহিতেরা দেবতাদিগের অনুগ্রহ আকাঙ্গা করিয়া নানাবিধ উপহারে ত।হাদের পূজা করিত। যুদ্ধার্থে অসঙ্খ্য সৈন্য একত্রাকৃত হইত। যুদ্ধ ক্ষেত্রে এত লোক নিহত হইত, যে তাহাদিগকে রাশীকৃত করিলে শবরাশি নারিকেল রক্ষের অগ্র-ভাগ স্পার্শ করিত। জ্রীলোকেরা যুদ্ধক্ষেত্রে তাহা-দের স্বামীদিগের অনুবর্জী হইত। রান্তি নামে সমর-বাগীরা সৈন্যদিগকে প্রোৎসাহিত করিত। রান্তিরা তি লতাদারা কটি বন্ধন করিয়া, এবং তি পত্রাব্বত একং তীক্ষাস্ত্র ধারণ করিয়া সকলকে উত্তেজিত করিত। রান্তিদিগের প্রোৎসাহন-বাক্য নিম্ উদ্ত হইতেছে "তরজের ন্যায় প্রসারিত হও; সমুদ্র তরঙ্গ যেৰূপ বেগে প্রবাল প্রাচীরকে আঘাত করে, তোমরাও সেই ৰূপে শত্ত্রকে আঘাত क्तः; मावधान इड, मगूर्य वल विखात कत्, वना ক্রুরের ন্যায় তোমাদের ক্রোধ প্রদাপ্ত হউক; ভাটার জলের ন্যায় শত্তুগণ পলায়ন না করিলে তোমরা প্রত্যাগত হইও না; শত্রু নাশ কর, শত্রু नाम कत।" यूटक थ्छ वा क्ति हा हित्र हान, नश দেৰতাদের বলি হইত।

>१७१ थृ ज्यस्य यथन है 'दब्र कारत का हा क अवस्य

এই দ্বীপ সকলকে স্পর্শ করিয়াছিল, তথন অধি-বাসীরা এই সকল সমুদ্রপোত ও কামান দেখিয়া মনে করিয়াছিল, যে "এই প্রকাপ্ত২ স্থান সকল এক ২ দ্বীপ। এই দ্বীপ সকলে দেবতারা বাস করেন। তাঁহাদের আজ্ঞামাত্রে বিদ্যুৎ বিক্ষুরণ ও বজু নির্ঘোষ হয়"। দ্বৈপায়নেরা ইণরেজদিগকে দেবতা জ্ঞানে আদর ভয়ও বিস্ময়ের সহিত তাঁহা-দিগের অভ্যর্থনা করিয়াছিল।

১৭৯৭ খৃ অব্দে কাপ্তেন উইল্সন সাহেব আঠার জন মিশনরিদিগের সহিত ওটাহিটা দ্বীপে অবতার্ন হইয়াছিলেন। সেই অবধি এই দ্বৈপায়নেরা এক পুনর্জন্ম লাভ করিয়াছে। তাহারা মিশনরিদিগকে সাদরে গুহুণ করিয়াছিল। মিশনরিরা প্রয়োজনাপ্যোগী সমুদয় শিপ্পে কর্ম্ম জানিতেন। করপত্রারা মিশনরিদিগকে রক্ষচ্ছেদ করিতে দেখিয়া তাহাদের আর আনন্দের সামা পরিসীমা ছিল না। ইহাঁদিগকে তরি নির্মাণ ও অন্তর্গঠন করিতে দেখিয়া তাহারা ভক্তিরসে পুলকিত হইত।

মিশনরিরা প্রথমে সাদরে গৃহীত হইয়াছিলেন, কিন্তু পরে তাঁহাদিগকে অনেক কষ্ট পাইতে হইয়া-ছিল। তাহারা ইহাঁদিগকে বিস্তর যন্ত্রণা দিয়াছিল। কিন্তু ঈশ্বরের অনুপ্রহে ইহাঁরা এক্ষণে নির্বিঘু ঈশ্বর-কার্য্য সাধন করিতেছেন। এক্ষণে অনেকে গ্রীষ্ট ধর্ম আশ্রয় করিয়াছেন, ধর্ম এবং পরিবর্ত্ত-নের সঙ্গেং দেশের আচার ব্যবহারেরও পরিবর্ত্ত হইয়াছে। এক্ষণে ইহারা ইউরোপীয়দের অনুকরণ করিতে সর্ব্বোভাবে চেষ্টা করিতেছে।

वार्यऽ-जाया।



• থিবার সমুদয় ভাষা চারি
প্রধান ভাগে বিভক্ত হইয়াছে। ১, আর্য্য ভাষা। ২,
সৈমিক ভাষা। ৩, তুরিক
ভাষা। ৪, চান ভাষা।

আর্য্য-ভাষা আমাদের বিবেচ্য বিষয় 1

यिथात वक उ याकार्छ ननी उ कृत रहेशात्र, মধ্য আশিয়ার দেই উন্নত ভূভাগে এক জাতি বাস করিত। তথন বেদের উৎপত্তি হয় নাই, জেন্দাবেস্তার নামও কেহ প্রবণ করে নাই। তথন ইউরোপ-থণ্ড অন্ধতমদারত ছিল। এই জাতিস্থ লোকেরা আপনাদিগকে আর্য্য বলিয়া পরিচয় দিত, এব॰ কৃষি-কর্মদারা জীবিকা নির্বাহ করিত। ইহারা হল-ঢালন করিতে পারিড; বীজ-বপন করিতে জানিত; রথ্যা প্রস্তুত করিতে পারিত; গৃছনির্মাণ, ও অর্থবান নির্মাণ করিতে শিথিয়া-ছিল: এবং বস্ত্র-বয়ন করিয়া আপনাদের অন্ধ আরত রাখিত। একছইতে শত স্থা পর্যান্ত তাহারা গণিয়াছিল। গো, অশ্ব, মেষ, কৃক্র প্রভৃতি গ্রাম্য জন্তু সকলকে তাহারা পোষিত করিয়াছিল। লৌহ প্রভৃতি ধাতৃ সকলের গুণাগুণ তাহারা অবগ হ ছিল। ইহারা লৌহাজ্রের ব্যবহার করিত। ইহারা ভদ্রাভ-দ্রের ও ন্যায়ান্যায়ের বিবেচনা করিত, পুঞ্জ কন্যার বিবাহ দিত, আত্মীয় স্বজনের যথাবিধি মর্য্যাদা ক-রিত, এব॰ স্বদেশাধিপতির অনুগত ছিল। ইহারা ঈশ্বরের সন্তা স্বীকার করিয়া, তাঁহার আরাধনা করি-ত। যাহারা এই সকল কর্ম করিতে পারিত তাহারা যে সভ্যতা-সোপানে অনেক দূর আরোহণ করিয়া-हिन, स विषय थात कान मत्मह नाहै। किन्न अहे জাতি একেবারে নাম-শেষ হইয়াছে। এই জাতির महा विषयां जातिक वक्तर्व मान्य करतन।

ভাষা-বিৎ পণ্ডিতেরা ভাষা সমীকরণদারা স্থির ভাষা সমুদয়ের করিয়াছেন যে ইহারাই সংস্কৃত-ভাষী ভারতবর্ষীয়, এক ৰূপ। প্রাক, রৌমীয়, পারসীক, ইংকেজ, জর্মন্, ফরাসীস প্রভৃতি পুরাতন ও ইদানীন্তন জাতিদের পূর্বপু-ৰুষ। সংস্কৃত, প্ৰাক্, লাটিন, ইংরেজী প্রভৃতি ভাষা সমুদায় সে বিষয়ে সাক্ষ্য প্রদান করিতেছে। তাঁহারা বলেন যে আর্যোরা জন্মভূমি পরিত্যাগ করিয়া, ভিন্ন ভিন্ন দেশে অবস্থানদারা এই সকল ভিন্ন ভিন্ন कां जि उप्पान करियारहा ने भागानित मस्म इरेटन, টেমস্নদী নগে, ও আইস্লপ্ত পর্যন্ত সমুদয় জাতি এক বংশ সন্তুত। ইহারা সকলেই পূর্বে এক ভাষায় কথাবার্ত্তা কহিত; কাল-সহকারে আচার-ভেদে সেই ভাষাই ভিন্ন ভিন্ন আকার ধারণ করিয়াছে। তাহারা আরও বলেন, যে আর্য্যেরা জন্মভূমি পরি-্র্র্য, ত্যাগ করিলে পর, এক দল উত্তর দিগে ও উত্তর পশ্চিম দিগে প্রস্থান করিল, এবং আর দল দক্ষিণ দিগে আসিল। তাঁহাদের মতে, আর্য্যেরা বিভিন্ন हरेगात भारत, म॰क्ठ ভाষोप्तत পূर्वभूक्य । भारत-मोक्ट्रित পূর্বপুরুষ অনেক দিন একত্র বাদ করিত। ভাষা-বিৎ পश्चित्रम्ब अर्हे मकल कथा छनिएल ! আমাদের গাত্র রোমাঞ্চিত হইয়া উঠে। আমরা প্রায় একৰূপ। পারসীক করাসীস প্রভৃতি জাতিদিগকে এখন মেচ্ছ বলিয়া ঘূণা করি। ইছাদের সহিত আমাদের কোন সংস্রব নাই মনে করিয়া ইছাদের প্রতি অবজ্ঞা প্রদর্শন করি। আমরা ইছাদের গুণাগুণ শ্রবণ করিলে ঈর্ষ্যা-পরতন্ত্র হই। তথন একবারও মনে করি নাই যে আমরা এক বংশহইতে উৎপন্ন; অতএব ইহারা সকলেই আমাদের আত্মীয়; সুতরাং আত্মীয়ের ন্যায় ইহাদের সহিত ব্যবহার করা উচিত। কিন্তু ভাষা-বিৎ পঞ্চিতেরা সত্য কথা বলিতেছেন কি আমাদিগকে প্রবঞ্চনা করিতেছেন পূর্বে তাহা স্থির করা আবশ্যক।

সংস্কৃত, জেন্দ্, লাটিন, প্রাক্ গাথিক প্রভৃতি

ভাষা সমুদয়ের শদ-বিভক্তির আকৃতি প্রা^ই এক কপ।

একবচন।						
সৎস্কৃত		(क्षण ।	লাটিন।	গুনিক্ :		
Et,	ভাতা	বাত	কুতের্	পাতর্		
দ্বি,	ভাতর ম্	ব্রাতরেম্	কুাত্রেম্	পাতরা(ন্)		
তৃ,	ভাতা	ব্রাথুর	• •	• •		
Б,	লাত্তে	ব্রাথ্বে	ফুাত্রি	পাত্তি		
위,	লাতুঃ(র্)	ব্রাথরাৎ	ফুাত্রে(ৎ	.)		
য,	আতুঃ	বাতরস্	ফুাতিস্	পাত্ৰস্		
म,	ভাতরি	ব্রাথ্রি	ফুাত্রি	পাত্তি		
, मटय	, ভাতঃ	ব্রাত্রে	ফু তর্			
वङ्बह्म।						

প্রান্তরঃ(স্) ব্রাভরো ফ্রাব্রেস্ পাভরস্ দি, ভাতৃন্ ব্রাথেযুস্ ফ্রাব্রেস্ পাভরাস্ ত্, ভাতৃভিঃ ব্রাভরেবিস্ চ,প, ভাতৃভাঃ ব্রাভরেব্যো ফ্রাব্রিস্ পাত্রাসি

য, ভাতৃণাম <u>বাথুম্</u> ফুাত্রম্ পাতরোন্ য, ভাতৃযু পাতাসি

এই ভাষা সমুদয়ের ধাতু বিভক্তির আকৃতি প্রায় একৰপ।

मृ॰ क् ।		ग्रीक्।	
এক।	7 2 7 '	এক ৷	કહ્યું!
অস্তি	म िन्न	এ স্তি	এন্ত্ৰি
অসি	ऋ 8	এইস্	এए उ
অস্মি	न्य १	এইমি	এস্মন্
म९कु ।	Chan I	लासिंग्।	
বহুতি	বলৈতি	বহিৎ	
বহসি	বদহি	বহিস্	
বহামি	বজামি	বছো	

এই সমুদয় ভাষায় সংখ্যাবাচকশব্দ, সর্বনাম, উপদর্গ এবং অন্যান্য অনেক শব্দ একাকার। এই সমুদয় বিষয় বিবেচনা করিয়া দেখিলে ভাষা- বিৎ পণ্ডিতদের কথা নিতান্ত অযুক্তিমূলক বলিয়া বোধ হয় ना।

বৈদেশিকের কি মনে হয় ?

"অহন্যহনি ভূতানি গঞ্জি হন্ম দির্গু। শেষাঃ ভিরুজ্মমিক্তবি কিমাশ্চর্যামতঃ পর্য ।।"

क्षित्र के विक्रिया भाष्य भारत वकना श्राप्ताय अस्य मगरत वक जन जरनोकिका-ত্ত্ৰিকৃতি পুৰুষ হর্ষোৎফুল্ল নয়নে ্রনগরবাদীরা তাঁহার *সৌম্যম্*র্ভি ও গন্তীর ভাব অবলোকন করিয়া কৌতুকাবিষ্টচিত্তে তাঁহার নাম ধাম জিজ্ঞানা করিতে লাগিল। কিন্তু তাঁহার আকার প্রকার দেখিয়া তাহারা জানিতে পারিল যে তিনি তাহাদের কথা বুঝি- জা করিলেন। তে পারিতেছেন না। পরক্ষণেই তাহাদের প্রতী-নগরবাসীরা তাঁহাকে দিব্য পুরুষ জ্ঞান করিয়া জাহ্নবী-জলে প্রতিকলিত হইতেছিল। গগণমগুল অবলোকন করিতে লাগিলেন, যে সক- আত্মায়গণ পরিবেষ্ঠিত ও আনন্দে গদ্গদ হইয়া

লে বুঝিতে পারিল, যে তাছারা যে দেবের আরা-ধনা করিয়া থাকে, তিনিও দেই দেবের উপা-সক। পরস্পরায় নরপতির কণ্সোচর হইল, যে এক জন দিব্যাকৃতি পৃক্ষ নগর মধ্যে উপস্থিত হইয়াছেন; ইনি কাহাকেও কোন কথা বলেন না, এবং কেহ কোন কথা জিজ্ঞাসা করিলে তা-হার উত্তর প্রদান করেন না। নরপতি কৌতুক-পরবশ হইয়া, অমাত্যদারা তাঁহাকে রাজবাটিতে আনাইলেন, এবং অশেষ ৰূপে তাঁহার সেবা শুশ্রম্যা করিতে লাগিলেন।

অতিথি সাতিশয় যতু সহকারে কাণ্যকৃজভাষা তি জিল্ল ক্রিক কান্যকুজ নগরীর আপণবীথা শিক্ষা করিতে প্রবৃত্ত হইলেন। দিন কতকের জিল্ল জিল্ল জিল্ল ক্রিক ক্রিক জিল্ল করিছে- মধ্যেই কান্যকৃত ভাষায় আপনার মনোভাব ব্যক্ত করিতে তাঁহার সামর্থ্য জিমল। এক দিন নরপতি তাঁহার নাম ধাম জানিতে অতিশয় আ-গুহ প্রকাশ করিলেন। অতিথি দেই দিন সুর্য্যা-ন্তের পরে তাঁহার কোতুক-শান্তি করিবেন, প্রতি-

ে দেন পূর্ণিমা ডিথি। সূর্যাদেব অন্তগত হই-তি জিমিল যে তিনি মানুষতাসহজাত আচার লেন। সন্দ ২ মলয় বায়ু সঞ্চারিত হইতে লা-ব্যবহারের বিন্দু বিদর্গপ্ত অবগত নহেন। তাঁহার গিল। নিশানাথ উৎদব বেশ ধারণ করিয়া স্মি-আকার প্রকারে বুজিজ্যোতিঃ স্পাষ্ট লক্ষিত হই তবিক্ষিত মুখে আবিভূত হইলেন। এমন সময়ে তেছিল, সুতরাণ তাঁহাকে বর্র বা বাতুল বলিয়া অতিথি মহীপতির হস্ত ধারণ করিয়া প্রামাদো-কাহার এক বার ভ্রমও জন্মিল না। অজ্ঞাত পরি উত্থিত হইলেন। প্রাসাদবলভিহইতে সমু-কুলশীল ব্যক্তি তাহাদের সঞ্চেত্রারা বুঝিতে দয় নগর বীকিত হইতে লাগিল। কাণ্যকুজ সে পারিলেন, যে তিনি কে, ইহা জানিতে সকলে দিন এক অনির্বচনীয় রমণীয় শোভা ধারণ করি-প্রৎসুক্য প্রকাশ করিতেছে। তিনি তৎক্ষণাৎ য়াছিল। বসন্তের সমাগমে তরুগণ মঞ্জরিত নভোমগুলের প্রতি অঙ্গুলি নির্দেশ করিলেন। হইয়া কোকিল-কুজিত হইতেছিল। আলোকমালা তাঁছার আরাধনা করিতে উদ্যত হইল। তিনি স্থানে বীণা বেণু মৃদক্ষ শব্দ শোত্রে সুধাবর্ষণ করি-তাছাদের অভিপ্রায় বুঝিতে পারিয়া মুথ কিরা- তেছিল। কোথাও বা আপণিকেরা বহুমূল্য দ্রব্য-ইয়া লইলেন, এবং বদ্ধাঞ্জলি হইয়া এই ভাবে জাত সুসজ্জিত করিতেছে। কোথাও বা বর-বধূ

প্রণয় সম্ভাষণ করিতেছে। আকাশে সহস্র সহস্র নক্ষত্র প্রহুরীবেশে দণ্ডায়মান রহিয়াছে। অতিথি এই সকল হৃদয়-বিমোহন পদার্থ অবলোকন করি-য়া অনেক ক্ষণ নিঃশব্দ হইয়া রছিলেন। কতক-ক্ষণ পরে এক দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করিয়া চন্দুদেবের প্রতি এক দৃষ্টিতে চাহিয়া রহিলেন। কিছু কাল এতদবস্থ থাকিয়া নৃপতিকে সম্বোধন করিয়া বলিলেন; "রাজন্! আমি প্রছ-পতিকে একপ সতৃষ্ণ নয়নে নিরীক্ষণ করিতেছিলাম বলিয়া আপনি বিস্মিত হইবেন না। আমি চন্দু-লোকে বাস করিতাম। আমি দুষ্ট কৌভূহল পর-বশ হইয়া অশেষবিধ ঐশ্বর্য পরিত্যাগ করি-য়াছি; এবং জন্মভূমির অবমাননা করিয়া আপন দোষে কপ্টভোগ করিতেছি। প্রতি রজনীতে আমাদের নভোমগুলে অদামান্য জ্যোতিষান্ পৃথিবী গ্রন্থ পরিবাক্ষণ করিয়া, আমি অপরিসীম জানন্দ ও বিক্ষয় পরিপূর্ণ হইতাম; এবং পৃথিবীতে আসিয়া ধরণীতলত্ব পদার্থ সমূহ দর্শন করিতে অতিশয় আগ্রহ প্রকাশ করিতাম। বিধাতা আ-মার মনোভাব জানিতে পারিয়া আমার বাসনা পরিপূর্ণ করিতে আজা প্রদান করিলেন। কিন্তু व्यनुमिक दिवांत नमस्य अहे कथा विवासन, यदि পৃথিবা পদার্থ দর্শন করিতে তোমার ইচ্ছা থাকে, তাহা হইলে চিরদিন তোমাকে পৃথিবীতে বাস क्रिटिं रूरेर, अव॰ পृथिवीवामोता य मगूमग्र দশাপরতন্ত্র, তোমাকেও সে সকল দশা ভোগ করিতে হইবে। আমি পূর্বাপর বিবেচনা না করিয়া তাঁহার কথায় সমত হইলাম। বিধাতার इक्षावत्त जामि मूनामार्श अहे उत्त उपिञ्ड হইয়াছি। এখন ভাল হউক, আর মন্দ হউক, আমাকে এই স্থানেই বাস করিতে হইবে, অতএব অনুগ্রহ পূর্বক আপনাদের আচার ব্যবহার কি न्न , এব॰ कि निर्मा जानाता को वन याजा नि-

ৰ্বাহ করেন, তাহা আমাকে বুঝাইয়া দিন্।" কাণ্যকুজরাজ বলিলেন, "আমি আপনার কথা শুনিয়া অতিশয় বিস্ময়াবিষ্ট হইয়াছি। চন্দ্-লোকে আপনারা কি ৰূপ ঐশ্বর্য ও স্বাতন্ত্র্য ভোগ করেন, তাহা আমি অবগত নহি; কিন্তু আমি মনের সহিত আপনাকে সভাজন করি-তেছি। আপনি পৃথিবীর মধ্যে এক উৎকৃষ্ট স্থানে উপস্থিত হইয়াছেন। পৃথিবীর মধ্যে আর কোন স্থানেই কাণ্যকুজের মত সমৃদ্ধ নগর দেখিতে পাইবেন ना। এখানে সকলেই সুখী। এখানে চিন্তা নাই, দ্বেষ নাই, মাৎসর্য্য নাই। সকলেই চির দিন শান্তালাপ করে, এবং নকলেই ঈশ্বরের গুণগান করিতে ২ পরমানন্দে কালাতিবাহন করে। কাণ্যকুজ সমুদয় উৎকৃষ্ট রমণীয় মনোহর পদা-র্থের কেন্দুস্বরূপ এ কথা বলিলে অত্যক্তি হয় না। আপনি অশেষবিধ উপাদেয় সামগ্রী ভক্ষণ করি-বেন, সুশীতল সুগল্ধ বারি পান করিবেন, দুগ্ধ-ফেননিভ শয্যায় শয়ন করিবেন, তালময় বিশুদ্ধ मधुत गीं जिल्ला कितियन, अव महाक्विमिश्नत নাটক সকলের অভিনয় দর্শন করিয়া আত্মাকে পরিতৃপ্ত করিবেন।"

অতিথি এই সকল কথা শুনিয়া নিঃশক হইয়া রহিলেন। নরপতি তাঁহাকে সমুদ্য় সন্তুান্তদিগের সহিত পরিচিত করিয়া দিলেন। অতিথি তাঁহা-দিগের সহবাসে যথা কথঞ্চিৎ সময় যাপন করি-তে লাগিলেন; এবং ক্রমে ক্রমে মানুধদিগের আচার ব্যবহারে তাহার কিছু ২ আতা জন্মিতে লাগিল।

এক দিন অতিথি সন্তাকালে নরপতির সহিত নগর বহির্ভাগস্থ এক প্রকাণ্ড প্রান্তরে উপস্থিত হইলেন। রাজা দেখিতে পাইলেন, চারিটা চিতা জ্বলিতেছে; এবং মৃত ব্যক্তির আত্মীয়বর্গ হাহা-কার করিয়া আর্ভ্রনাদ করিতেছে। অতিথি তাহা- দের অবণপীড়ন কক্ষণয়র গুলিয়া অভিশয় ব্যা থিত হইলেন; এবং ঐ সকল জ্বলন্ত সামপ্রা কি, ও কেনই বা ঐ সকল ব্যক্তি ঐ সকল জ্বান্ত সাম গ্রী পরিবেণ্ডিত করিয়া ঐ রূপে কণ্ঠসূচক শব্দ করি-লেছে, রাজাকে তাছার কারণ জিজ্ঞাসা করিলেন।

রাজা বলিলেন, "এটা শ্মশানভমি।" অভিথি বলিলেন, "মানি বুঝিতে পারিলান

ना ।" নরণতি বলিলেন, "আমরা আমাদের মৃত वाक्तिमिश्तक এই স্থানে অশ্বিদথা করিয়া থাকি।"

অতিথি থিলছদয়ে কহিলেন, "আর্যা! আমি মহাশয়ের নিকট ক্ষমা প্রার্থনা করিতেছি। আগ-নি কি বলিলেন, আমি কিছুই বুঝিতে পারিলাম না। মরিয়া যাওয়া কাহাকে বলে?"

রাজা যত স্পান্ত পারেন, বুঝাইরা দিবার চেষ্টা করিলেন।

'' আমি এবারেও আপনার কথায় প্রবেশ করি-তে পারিলাম না। চন্দুলোকে মরণ কাহাকে বলে, আমরা কিছু জানি না। পৃথিবীতে আনিয়া তো-মাদের মুখেও ত এ শব্দ কথন প্রবণ করি নাই। আমার অতিশয় কৌতুক রদ্ধি হইতেছে। আপ-নাকে সবিনয়ে প্রার্থনা করিতেছি, মহাশয় আমার को जू इन शतिशूर्व कबन। यामात वाध इडेएउएइ. ইছার ভিতর কিছু বিশেষ কথা আছে। আগনি যত বিষয়ে আমাকে উপদেশ দিয়াছেন, বোধ হয়, সকল অপেকা ইহা অধিক প্রয়োজনীয়। '

নৃপতি বলিলেন, "আয্য! আপনার কথা শুনিয়া অতিশয় বিস্মিত হইরাছি। মৃত্যু কাহাকে বলে আপনি জানেন না। সকল মনুষ্যকেই মৃত্যুর করাল গ্রামে পতিত হইতে হয়। মৃত্যুর হস্ত-হইতে পরিত্রাণ পাইবার কোন উপায় নাই। আজি হউক, কালি হউক, আর দু দিন পরেই বা পিরিত্যাগ করিতে হইবে। সুতরাং আমি ভাবিয়া-হউক, সকলকেই যমদেবের আতিথ্য গুহণ করিতে ছিলাম সকলেই মৃত্যুর প্রকৃতি কি ৰূপ, তাহা

হইবে। যদি চন্দুলোকে মৃত্যু না থাকে, তাহা হইলে আপনি এই মৃহত্তেই চন্দুলোকে প্রতিগমন कक्त। পৃথিবীতে शाकित्व किश्हे वाशनातक রক্ষা করিতে পারিবে না।"

অতিথি এক দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করিয়া কহিলেন, " চন্দুলোকে যাইবার আমার আর পথ নাই। আমাকে চিরকাল পৃথিনীতে বাস করিতে হইবে। তোমাদের যে দশা, আমারও সেই দশা। হায়! আমি পূর্বে এ সকল কথা জানিলে কোন ৰূপেই জন্মভূমি পরিত্যাগ করিতে চাহিতাম না। শেষে কি এই হইল? আপনি মৃত্যু বলিয়া কাছাকে উল্লেখ করিতেছেন, যদিও আমি তাহা স্পষ্ট বু-ঝিতে পারিতেছি না, তথাপি আমার বোধ হই-তেছে, ইহা এক ভয়ঙ্কর সামগ্রা। মহাশয়। এই হতভাগ্যের প্রতি যদি আপনার কিছুমাত্র দয়া থাকে, আপনি কিঞ্চিৎ কষ্ট স্বীকার করিয়া, আ-মাকে মৃত্যুর প্রকৃতি বুঝাইয়া দিউন্।" এই কথা বলিতে২ তাঁহার বাক্য অস্পষ্ট হ্ইয়া প⊹ড়ল, करलवत किम्भिত इड्रेट नाशिल, मूथ विवर्ग इड्रेन, কপোলে অশ্রুষারা বহিতে লাগিল, এবং ললাটে বিন্দু ২ ঘর্মবারি লক্ষিত হইল।

রাজা তাঁহাকে তদবস্থ দেখিয়া মহা বিপদে পড়িলেন; কি করেন, কিছুই বুঝিতে পারিলেন না। পরিশেষে অতিথির দুংখাক্রান্ত চিত্তকে অন্যত্র বিক্রিপ্ত করিবার মান্সে বলিলেন, " মৃত্যুর প্রকৃতি বুঝাইয়া দিবার আমার ক্ষমতা নাই। আ-মাদের গুৰু পুরোহিতেরা আপনাকে এ বিষয় ভাল করিয়া বুঝাইয়া দিবেন "

অতিথি তাঁছার বাক্য হৃদয়স্থম করিতে না পা-রিয়া বলিলেন, " আপনার ক্ষমতা নাই আবার কি? আপনি এই মাত্র বলিলেন সকলকেই এক বার প্রাণ

বিলক্ষণ অবগত আছে। তবে কি, সকলকেই প্রাণ-ত্যাগ করিতে হইবে না; কেবল গুরু পুরোহিত-দিগকেই মৃত্যুর হস্তে পতিত্ব হইতে হইবে?"

রাজা আর কোন কথা না বলিয়া তাঁহাকে এক দেবমন্দিরে লইয়া গেলেন। সেথানে ধার্মিকেরা ধর্মশান্তের আলোচনা করিতেছিলেন। অনেক नामानुनारमञ्ज পর অভিথি বুঝিতে পারিলেন, যে মান্যদের অবস্থিতির নিমিত্ত পৃথিবা ভিন্ন আর এক স্থান আছে, তাহাকে সকলে 'পরলোক' বলে। দেখানে কাছাকেও বা অনস্ত-নরক-যন্ত্রণা ভোগ করিতে হয়; কেছ বা চিরদিন দিব্য সুখ অনুভব করে —কেহ ইহলোকে ঈশ্বরের প্রিয়কার্য্য मन्नापन कतिरलई शतरलारक वित्रकाल मूथ ভোগ করিতে পারিবে –এই কথা শুনিবামাত্র তাঁহার হৃদয় প্রীতিবিক্ষারিত হুইল, এবং নয়ন-হইতে অনবরত আনন্দাশ্র নিগত হইতে লাগিল। তিনি ধান্মিকদিগকে সহস্র ২ সাধ্বাদ দিলেন; এবং সেই সকল প্রিয়কার্য্য কি? তাহা জানিতে অতিশয় ঔৎসুক্য প্রকাশ করিলেন।

ধার্মিকেরা বলিলেন, "তুমি আজি এই পর্য্যন্ত জানিয়া ক্ষান্ত হও। আগামি কল্য, সেই সকল প্রিয়কার্য্য কি? তাহা বুঝাইয়া দিব।"

व्यक्ति विल्लिन, "वाशनाता এই मां कहि-लिन, यि कान् ममस्य काहात मृजू इहेर्दर, जाहा किह व्यवगं नरहः अमन कि, अहे म्र छहे व्यामात প্রাণ বিয়োগ ছইতে পারে। তবে কেন, আপনারা দেই সকল প্রিয়কার্য্য-বিষয়ে উপদেশ দিতেছেন না? সেই সকল প্রিয়কার্য্য সম্পাদন না করিতে করি-তেই যদি আমার প্রাণবিয়োগ হয়, তাহা হইলে আ-মার দশা কি হইবে? আপনাদিগকে বিনীতভাবে প্রার্থনা করিতেছি, আমাকে এক ক্ষণের জন্যেও সে সকল বিষয়ে উপদেশ দিতে বিল র করিবেন না।"

ধার্মিকেরা অতিথির হস্ত এড়াইতে না পারিয়া

ধর্মণান্ত-বিষয়ক নিগৃঢ় তত্ত্বসমুদয় তাঁছাকে বুঝাইয়া দিলেন। অতিথি একা প্রচিত্ত হই রা আদ্যোপান্ত প্রবণ করিলেন। "সেই সকল প্রিয়-কার্য্য সম্পাদন করিতে অধিক কপ্ত হয় না. অনায়াসেই তাছা সম্পন্ন করিতে পারা যায়," এই কথা শুনিয়া, তাঁছার গাত্র হর্ষে পুলকিত হইল, হৃদয় প্রতি-তরক্ষিত হইতে লাগিল, এবং নেত্রহুইতে আনন্দ-জ্যোতিঃ নিগঁত হইতে লাগিল। তিনি যখন শুনিলেন যে সেই সকল প্রিয়কার্য্য সম্পাদন করিতে যদি কিছু কপ্ত হয়, এছিক জীবনের সঙ্গে সঙ্গেই তাছা নিঃশেষিত হইবে, তথন আর তাঁছার আনন্দের পরিসীমা থাকিল না।

এৰূপ কি॰বদন্তী আছে, যে অতিথি সেই দিন-হইতে কায়মনোবাক্যে ঈশ্বরের আরাধনায় প্রবৃত্ত হইলেন। এক ক্ষণের নিমিত্তেও তিনি পাপকর্মে আস্থা প্রকাশ করিতেন না। ভ্রমক্রমেও একটা অন্যায় কর্ম করিলে. তিনি আহার নিদ্রা পরি-ত্যাগ করিতেন। যদি কেহ তাঁহাকে কোন পাপ কর্ম করিতে উপদেশ দিত, তাহা হইলে তিনি তাহাকে এই উত্তর দিতেন, "তোমরা কেন রুথা क्ट्य मगय- (क्क्प कर्त । (जामाप्तर कि अक वात-ও মনে হয় না যে চিরকাল তোমরা এখানে থা-किए भाइरव ना? मृज्यत ममय-विरवहना नाई। যথন ইচ্ছা তিনি তোমাদের কেশ প্রহণ করিবেন। তোমরা মৃত্যুর অধিকারে থাকিয়াও মৃত্যু কি ভয়ক্ষর পদার্থ তাহা বুঝিতে পারিতেছ না। প্র-ত্যহ দর্শন কর বলিয়া ইহাকে অসাধারণ বলিয়া আর তোমাদের বোধ হয় না। কিন্তু এক বার ভা-विश्रा एक यिन अरे म्एइ लामामिगरक भन्नलारक গমন করিতে হয়, তাহা হইলে তথায় তোমা-দের কি দুর্দ্দশা হইবে। আমি জানিতে পারি-য়াছি, পুণ্যকর্ম স্কাতির একমাত্র উপায়। আর বিলম্ব করিও না ; পুণ্যকর্মের অনুষ্ঠান কর ।"



षुषु मती।

মরা এই প্রস্তাবের শিরোভাগে 🔍 🎏 যে জন্তুর আকৃতি অক্কিত করি-듣 লাম, সকলেই তাহাকে অব-विकार किया विकास किया है । अकरन है তাহাকে জ্বন্য বলিয়া ঘৃণা করেন। ছুঁছা মনে পড়িলেই কুৎসিত দুর্গন্ধ-পূর্ণ স্থানের স্বরণ হয়। আমরা অধম দুষ্টপ্রবৃত্তি লোকদিগকে এই জন্তুর নামে সম্বোধন করিয়া থাকি। ইহাদের গাত্তে পাদস্সর্শ হইবামাত্র আমরা চকিত হইয়া উঠি। যদি কথন এই কদাকার জম্ভকে বধ করিতে পারি, মনে হয় যেন পৃথিবীহইতে একটা হি॰অ জন্তুকে নিকাসিত করিয়া বসুন্ধরার ভারমোচন করিলাম। অনেকের একাপ সংস্কার আছে, যে ছুঁছার দস্ত বিষময়। তাহাদারা দংশন করিলে প্রাণনাশ না হউক, অনেক অপকার হইবার সম্ভাবনা।

ইহাদের আকৃতি-প্রকৃতি-বিষয়ে কিছুমাত্র অব-গত না থাকাতেই আমাদের এই দকল কুদ°কার উৎপন্ন হইয়াছে। ইহাদের আকৃতি-প্রকৃতি-বিষয়ে তথ্যানুসন্ধান করিতে অনেকের ইচ্ছাও হয় না। পৃথিবীতে এত মনোহর পদার্থ থাকিতে কদা-কার ছুঁছা লইয়া কালক্ষেপ করিব কেন? সহস্র ২ অত্যাবশ্যক পদার্থেরও আকার-প্রকার-বিষয়ে আমরা কিছুই জানি না; যত কণ ছঁছা লইয়া সময় যাপন করিব, তত ক্ষণ তাহাদের বিষয়ে অনেক জ্ঞান লাভ করিতে পারিব। কেছ কি কথন রজনাগন্ধা, শেফালিকা, কুমুদ, পদ্ম, গোলাপ, চম্পক প্রভৃতি সুগন্ধ কুসুম থাকিতে ঘেঁটু ফুলের আদর করিয়া থাকে? না কোকিলের পীযূষ-সদৃশ সুমধুর কুহুরব শ্রবণ না করিয়া কাকের কর্ণকঠোর শব্দে কর্ণপাত করে? যাঁহারা এই সকল আপত্তি উত্থাপিত করেন, তাঁহাদিগকে আমাদিপের এই মাত্র বক্তব্য আছে যে জগতের হিত সাধনার্থে গোলাপ পদ্ম শেফালিকা কোকিলাদিহইতে ছুঁছা সহস্র অংশে শ্রেষ্ঠ। কোকিলম্বরে কোন বিশেষ

উপকার নাই; কিন্তু ছুঁছা পূত পদার্থ ভক্ষণ। করিয়া আমাদিগের স্বাস্থ্যতা সিদ্ধ করে; তদভাবে পরঃপ্রণালীয় পুত পদার্থদখন্ত প্রামে মারীভয় উৎপন্ন করিতে পারে। এপ্রকার উপকারী জীবের আলোচনা কাহারও পক্ষে অকিঞ্চিৎকর হইতে পারে না। অপর জ্ঞানীর নিকটে কোন সাম-গ্রাই অকিঞ্চিৎকর নছে। তিনি সকলকেই সমান দৃষ্টিদারা দেখেন। তিনি প্রকাণ্ড মদকল দি-त्राप्त প্रक्ति यक्तभ जाया श्रम्भन करतन, कुष পিপীলিকাকেও সেই ৰূপ যত্ন করেন। তিনি বসন্ত রজনীতে মন্দ ২ মলয় বায়ু সেবিত হইয়া, নক্তরাজি-বিভূষিত নভোমগুলে নিশানাথের কক্ষা নিৰূপণ করিতে২ যে ৰূপ আনন্দ পরি-ভোগ করেন, বৈশাথ মাসের প্রচণ্ড-মার্ভণ্ড-কিরণোভাপিত হইরা এক থণ্ড যৎসামান্য প্রস্ত-রের অস্বসংস্থা নির্ণয় করিতে করিতেও সেই ৰূপ সুখভোগ করেন। খাঁহারা পূর্বোক্ত আ-পত্তি উত্থাপিত করিয়া আমাদের ছুছুন্দরের অবদ্ধা করেন, তাঁহারা কেবল দুপ্ধকেণনিভ শ্যায় শয়ন করিয়া আলস্যে কাল্যাপন করিতে তৎপর ; কোন বিষয়েই জ্ঞান লাভ করিতে তাঁ-হাদের ইচ্ছা নাই ৷ কিন্তু হে পাঠকবর্গ ৷ ভোমরা ঐ সকল শয়ন-বিলাদী সুকুমার ব্যক্তিদিগের বাক্যে প্রভারিত হইও না। তোমরা কিঞ্ছিৎ কপ্ত খীকার করিয়া এই প্রস্তাবটী আদ্যোপান্ত পাঠ কর। আমরা তোমাদিগকে নিশ্চয় বলিতেছি, তোমাদের পরিশ্রম নিম্ফল হইবে না। তোমরা ছুছুঁনরৌর আকৃতি প্রকৃতি বিষয়ক সমুদয় তত্ত্ব অব-গত इहेल ज्ञातिमीय हर्य आश्र इहेरत; अव॰ জগদীশ্বরের অনন্ত জ্ঞানের পর্য্যালোচনা করিতে ২ ভোমরা আনন্দে পুলকিত হইবে।

সকলেই জ্ঞাত আছেন যে ছুছুন্দরের শরীর মাণসল, স্থূল, ও লোমশা মস্তক দীর্ঘ ও শুপ্তা-

क्छि। त्न कृषा। वाहिरत कर्निक् नाहे। मसूत्थत भारवय कूष, अ बायक। श्राच्यक भारत
भारत्य क्ष्मेश भाष्ट बम्रूनि बाह्य। बम्रूनित बगुजारा मृद्धिका धनरनाभर्याकी नथ
बाह्य। भग्नाजारात भारत्य भाष्ट्र बम्रूनि
बाह्य। किञ्च भग्नाजारात भाष्य अरम्बय बर्णकाक्क
कूष अ होनवन। हेहारम्त नाम्नून कूष्म अव॰ मञ्जा मसूम्र ह्यालिन्छ।।

আপাততঃ মনে হয় যে ইহাদের অত্ব-প্রত্যন্ত্র-সকল অসম্পূর্ণ। কিন্তু বিবেচনা করিয়া দেখিলে আর তাহাদিগকে বিকলান্ত বলিয়া বোধ হইবে না। ইহারা গভাশ্রয়ে যাপন করিবার নিমিত্ত স্প্ট হইয়াছে: ইহাদিগকে চিরকাল ভূমির অধো-ভাগেই অবস্থিতি করিতে হইবে , সুতরাণ ইহাদের অজস°স্থা তদুপযোগী হইয়াছে। ইহাদের অগু-ভাগের ব্যায়ত সবল ক্ষুত্র তিথ্যক্ত্রাপিত পদদ্বয় হতের কার্য্য করে; ইহারা তদ্বারা মৃত্তিকা থনন, গৃহনিমাণ এবং ভক্ষা কীটের প্রাণ বধ করিতে পারে। পাদদয় অপেকাকৃত দীর্ঘ হইলে ইছারা শীঘু ২ তাহার চালনা করিতে পারিত না; এবং এখন যেমন জ্বভাদে গমন করিতে গারে মে-ৰূপ হইলে কদাপি তাহা পারিত না। অগ্রিম পাদ্দ্র তিথ্যক্ স্থাপিত হইয়া এই সুবিধা হই-য়াছে যে ইছারা মৃত্তিকা থনন করিয়া অনায়াসে তাহা পশ্চাৎ ভাগে ফেলিয়া দিতে পারে। ইহা-দের মা॰স অত্যন্ত দৃঢ়। তীক্ষু ছুরীদারা অতি কস্টে তাহা বিদ্ধ করিতে পারা যায়। পাত্র-লোম-গুলি অতি ক্ষৃদ্ৰ, সান্দু, এবং অত্যন্ত কোমল। ইহারা প্রায় কৃষ্ণ ধূদর বর্ণ; কিন্তু কোন২ প্রদেশে চিত্রাঞ্চ ছুছুন্দরও লক্ষিত হয়।

হঠাৎ মনে হইতে পারে যে জগৎ অপ্তা ইহাদের চক্ষু অত্যন্ত ক্ষুদ্র করিয়া ইহাদিগের প্রতি বিড়-ম্বনা করিয়াছেন; পরস্ত বিশেষ বিবেচনা করিলে য়াছে। যে সকল জন্তু ভূমির অধোভাগে বাস তে পায়, তাহা হইলে সকলে তাহাদিগকে ধৃত করে তাহাদের দর্শনশক্তি তীক্ষু হইবার আবশ্যক করিয়া অমনি তাহাদের প্রাণবধ করে। রাত্রিতে নাই। অপে২ দেখিতে পাইলেই যথেষ্ট। ইহাদের আহারের অস্বেষণে বহির্গত হইলে, কথন ২ দি-নেত্র অপেক্ষাকৃত বৃহৎ হইলে অনবরত খনিত বাভীত নক্তঞ্চর পেচকেরাইহাদিগকে বিনষ্ট করে। মৃত্তিকাদারা তাহা নষ্ট হইয়া যাইত। জগদীশ্বর ইহাদের চক্ষু ক্ষুদ্র করিয়াই ক্ষান্ত থাকেন নাই; যে ইহারা অতি বেগে যাইতে পারে না? কিন্তু ইহাদের নেত্র অবিরল লোমারত করিয়া দিয়া- পরীক্ষাদ্বারা স্থির হইয়াছে যে ইহারা প্রায় ঘোট-ছেন। ইহাদের নেত্রের আবরণের নিমিত্তে আর এক অত্যুৎকৃষ্ট উপায় নিৰূপিত হইয়াছে। প্ৰত্যেক চক্তে এক ২ মাণ্সপেশী সংযুক্ত আছে, তদ্বারা ইচ্ছা মতে ইহারা চলু আবৃত রাথিতে পারে।

इंशाम्द्र मर्भनमक्ति श्रवन नरह, ताथ ह्य যেন দেই ক্ষতি পূরণ করিয়া দিবার নিমিত্তই ইহাদের শুবণশক্তি ও ঘুাণশক্তি অতিশয় প্রবল হইয়াছে। ইহারা দূরহইতেই বিপদাগম জানিতে পারে; এবং ঘোরতর অন্ধকারে গন্ধদারা থাদ্য দ্রব্যের অনুসন্ধান পায়। চক্ষু না থাকিলে যে সকল অপকার সম্ভাবনা, ইহাদিগের পক্ষে কর্ণ ও নাদিকাদারা তাহা দূরীকৃত হইয়াছে ।

वमञ्जकारल इष्ट्रम्पती একেবারে চারি পাঁচটী সন্তান প্রসব করিয়া চারি পাঁচ মাস সন্তানদিগকে লালন পালন করে। তাহার পরে তাহারা আ-পনারা স্বাধীনরত্তি হয়।

ইছারা কীটাশী। ইহাদের ক্ষুধা অতি প্রবল। বোধ হয় "ছোঁচা" শব্দটী ছুঁছা হইতেই উৎপন্ন হুইয়াছে। ইহারা সর্বদাই ভক্ষ্য দ্রব্যের অবেষণ করে। ইহারা কোন মতেই উপবাস সহ্য করিতে পারে না। কিঞ্লুক (কেঁচো) ইহাদের প্রধান ভক্ষ্য। ইহারা অন্যান্য কটিও ভক্ষণ করিয়া থাকে। ইহারা কথন২ রাত্রিতে আপনাদের বাসস্থান পরিত্যাগ করিয়া আহারের অন্বেযণে ভূমির উপরিভাগেও বেড়িয়াথাকে। যদি কোন স্থানে

ব্যক্ত হয় যে তদ্বারা তাহাদের প্রচুর উপকার হই- 'ক্ষুদ্র পক্ষী, মূষিক, ভেক অথবা ক্কলাস দেখি-

ছুঁছার ক্ষুদ্র আকার দেখিলে প্রথমে মনে হয়, কের ন্যায় দৌড়িতে পারে।

ইহারা অতিশয় জল-প্রিয়। যদি ইহাদের বাস-ञ्चात्नत निकटि छल ना थात्क, जाहा हहेत्व हेहाता ক্ষুদ্র ২ কূপা খনন করে। রষ্ঠির জলে সেই সকল কূপ পরিপ্রিত থাকে। যদি কোন মতে জল না পায়, তাহা হ'ইলে ইহারা আপনাদের বাসস্থান পরিবর্ত্ত করে। ইহারা বিলক্ষণ সাঁতার দিতে পারে; এব॰ সন্তরণদারা নদী পর্য্যন্ত পার হয়।

भु॰ हूँ हा यउ जारह, खो हूँ हा उठ नारे। **এ**ই নিমিত্ত বদত্তের প্রারম্ভে ইছাদের ভয়ঙ্কর কলছ উপস্থিত হয়। ইহারা অতিশয় স্ত্রৈণ। যদি চুছু-न्मती कृष्टेयाञ्च वन्न इय्र, जाहा इङ्ग्ला छूङ्ग्न्मत जाहात নিকটে প্রাণত্যাগ করে।

ইহারা কাহারও কোন অপকার করে না। বর° জঘন্য কটি নষ্ট করিয়া মানুষের উপকারই করে।

ইহারা আপনাদের বাসস্থান নির্মাণ করিতে যে ৰূপ কৌশল প্ৰকাশ করে, তাহা অবলোকন করি-লে বিস্মিত হইতে হয়। ছুচ্নুদরেরা আপনাদের বস-তির নিমিত্ত এক২ দুর্গ প্রস্তুত করে। শাবক প্রস্ব করণার্থে সূতিকা-গৃহ দুর্গহইতে অনেক দূরে অব-স্থিত থাকে। সূতিকা-গৃহে শৈবাল নিৰ্মিত সুকো-মল শ্য্যা দেখিতে পাওয়া যায়। দুর্গহইতে মৃগয়া ভূমিতে যাইবার নিমিত্ত এক২ প্রশস্ত রথ্যা থাকে। দুর্গের সহিত দুই চক্রাকার গৃহশ্রেণী সংযুক্ত আছে। এই সকল দেখিলে আমাদের ছুঁছার প্রতি আ- দর ভিন্ন অন্য মনোভাবের উদ্রেক হয় না। আমরা ছুঁছাকে, যেৰূপ কদর্য্য, জন্তু মনে করিতাম,
এক্সনে আর সেৰূপ মনে হয় না। বর॰ ইহার নিকটহইতে অনেক জ্ঞান লাভ হয় বলিয়া, ইহার
নিকটে কৃতজ্ঞ হইতে হয়। যথন মনে করা যায় যে
বঙ্গদেশে ধনাঢ়া মহিলারাও সূতিকা-গৃহে একথানি ছেঁড়া মাদুর ভিন্ন আর কিছুই প্রাপ্ত হন না,
এব॰ ঐ গৃহ অধমত্বের নিদান বলিয়া নির্ণাত হয়,
ও তৎপার্শে ছুঁছার উষ্ণ প্রশন্ত সূতিকা-গৃহে শৈবালের সুকোমল শয্যা দেখা যায়, তথন তাহাকে
বন্ধবাসীরা তাহার নিন্দা না করিয়া তাহার নিকট
সূতিকা গৃহের অবশ্য কর্ত্ব্যতা শিথিলে ভদ্র
হইতে পারেন।

অরণ্য-কাহিনী। প্রথম পরিছেদ।

"ছি শ্যাম! এত অধার হও কেন? ভাবনা কি? আমি প্রতিজ্ঞা করিতেছি, যে এই স্থাস্পদ ও সর্বদুঃখ মূলীভূত পুষ্পপুরীকে পুনর্বার তোমার আনন্দালয় করিব "

বিখ্যাত ব্যবহারাজীবী রমানাথ তাঁহার বন্ধু শ্যামাচরণকে এই ৰূপ বুঝাইয়া সন্ত্রীক সূহদূকে গাড়ীতে চাপাইয়া বিষয়-বদনে শোণপারে গমন করিলেন। তথন রাত্রি দুই প্রহর। ঘোর অন্ধ-কার। অপ্প ২ র্ম্নি হইতেছে। নিশানাথের গুপ্ত-ভাব, এবং দুঃথের আধিক্য শ্যামাচরণকে অত্যস্ত চিন্তামথ করিল।

তাঁহার সহধর্মিণী মন্দাকিনী, 'জন্মভূমি পুষ্পাপুরীর সহিত সম্পর্ক রহিত হইল' মনে করিয়া
এক বার শেষ দৃষ্ঠিক্ষেপ করিলেন, কিন্তু এই অব্ধস্তুদ ভাবনাটা আর সহ্য করিতে না পারাতে
দুঃথবন্ধন সকল ছিন্ন হইল। এক দীর্ঘ নিশ্বাস
পরিত্যাগ করিয়া, মন্দাকিনী এই কয়েকটা কথা
অতি কপ্তে উচ্চারণ করিলেন। "পুষ্পপুরি! এই
আমার শেষ হইল।" অনবরত অক্রধারা কপোলদেশে বহিতে আগিল। তিনি আর কিছু বলিতে
না পারিয়া হৃদয়-দলন দুঃথের নিকটে আত্মসমপ্র করিলেন।

কিয়ৎমাস পূর্বে, সমান সৌভাগ্য বাদ্ধবগণে পরিবেছিত হইয়া কত সুখভোগ করিয়াছেন, এবং এখনই বা কি অবস্থায় দেশহইতে দূরীভূত হইতেছেন, এই সমুদয় স্মৃতি পথে আবিভূত হইয়া অত্যন্ত যাতনা দিতে লাগিল। সর্বাপেক্ষা দুঃখ এই যে, এই সকল ব্যাপার এত শীঘু ২ ঘটিয়াছে, যে তাঁহার বিদেশস্থ একমাত্র পুত্র মোহিনী-মোহনকে তাঁহাদের দুরবস্থার বিন্দু-বিসর্গত্ত জানা-ইতে পারেন নাই।

শ্যামাচরণ বনেদি ঘরের সন্তান। বাল্যকালে পিতৃবিয়োগ হয়; সুতরাণ পিতার সমস্ত ধনের অধিকারী হইয়া লেখা পড়ার প্রতি অবহেলা করিয়াছিলেন। কুসণ্সর্গে প্রব্ত হইয়া পাপকর্মে প্রবৃত্ত হন।

মন্দাকিনী সদংশঙ্কাতা। তাঁহার সহিত বিবাহ

ছইবার পর, শ্যামাচরণ প্রণয়পাশে বদ্ধ ছইয়া কুপ্র-রন্তির ছন্ত প্রায় এড়াইয়াছিলেন। কিন্তু পূষ্পপূরী-তে ঐশ্বর্য থাকার কি অসাধারণ গুণ! কিয়দিন-মধ্যে তিনি বিবাহের পূর্বাবস্থায় পূনঃ পতিত হই-লেন। তিনি স্বভাবতঃ অত্যন্ত পাপিষ্ঠ নন, কিন্তু সংসর্গ-দোষে সকলি করিতে পারে। দ্যুতক্রীড়ায় আসক্ত হইলেন। ক্রমে ২ আপনার যথাসর্বস্থ হা-রাইলেন। যথন পলাইবার পথ ছিল, তথন কিছু না করিয়া পাপিষ্ঠ উপায়ে নন্ত ধন পাইবার পথ দেখিতে লাগিলেন। দ্যুতক্রীড়া-সুলভ দোষ সকল ক্ষন্থে চাপিল; এবং অবশেষে যোরতর বিপদে পতিত হইয়া অবশিষ্ট যাহা কিছু ছিল, সঙ্গে লইয়া, দেশহইতে অপমানারত হইয়া দূর হইতে হইল।

তাঁহার ইচ্ছা ছিল, যে পুষ্পাপুরীর দক্ষিণে কোন এক নিভ্ত পল্লী প্রামে যথাকথঞ্চিৎ ৰূপে অবশিষ্ট জীবন যাপন করিবেন। সঙ্গে, তাঁহার সহধর্মিণী, অত্যন্ত প্রভূপরায়ণ একমাত্র পরিচারক, এবং এক জন দাসা ছিল।

পরিচারক রামধন গাড়িবান হইয়াছিল।
প্রায় পাঁচ ছয় ক্রোশ দূরে গিয়া গাড়ী এক মাঠের মধ্যে পড়িল। পথ অত্যন্ত বন্ধুর, ও অণ্পবিস্তৃত। ঘোড়া আর চলিতে পারে না। এক চৌমাথায় গাড়ী পাঁছিল। রামধন কোন্ দিগে ঘাইতে
হইবে স্থির করিতে না পারিয়া রিশানিযন্ত্রণ করিয়া, শ্যামাচরণকে পথ জিজ্ঞানা করিল। গাড়ী
হঠাৎ থামাতে, শ্যামাচরণ চকিত হইয়া উঠিলেন।
পরে, আপনিও পথ চিনিতে না পারিয়া গাড়ীহইতে অবতীর্ণ হইলেন।

ভয়ানক অন্ধকার! কোন দিগ্ দৃষ্ঠিগোচর হয়
না৷ সৌভাগ্যক্রমে এক পাদ ক্রোশ দূরে একটা
আলোক দৃষ্ট হইল৷ গাড়া দেই থানে থামিতে বলিয়া সশঙ্ক হৃদয়ে এই গর্ত্তে পড়ি মনে
করিতে ২ শ্যামাচরণ দেই আলোকাভিমুথে গমন

क्रिंतिन। किश्विष् निक्रेवर्जी इहेश प्रिथलन, আলোকটা বাহির হইতেছে। ক্রমে২ দ্বারস্মিকট-বর্তী হইয়া অবহিত হইয়া কর্ণ পাতিয়া রহিলেন। কিন্তু প্রচণ্ড বায়ুর গর্ছন শব্দ ব্যতীত আর কিচুই কর্ণোচর হইল না। দ্বারে আঘাত করিতে লাগি-লেন; কত ক্লণে এক জন অতি কর্কশ স্বরে 'তিনি কি চান ' জিজ্ঞাসা করিলে,তিনি বলিলেন, " আমি পথিক; পথ ছারাইয়াছি। নিকটবর্ত্তী প্রামে কোন পথ দিয়া যাই, অনু গ্রহ পূর্বক বলিয়া দিন। সে উত্তর করিল, "উ! সে এথান থেকে তিন ক্রোশ দূর। যদি ইচ্ছা হয়, আজি এথানে থাকিয়া যাও।" শ্যামাচরণও রাত্রির গতিক দেখিয়া মনে করিলেন, 'প্রভাত পর্যান্ত এথানে থাকাই ভাল।' কিন্তু এ কি প্রকার বাড়া? 'অন্তর্নিবাসী-রাই বা কি প্রকার লোক,' ইহা জানিতে ইচ্ছা করিয়া দার মুক্ত করিতে প্রার্থনা করিলেন। এক দীর্ঘাকার পুরুষ, আলোক হত্তে দার খুলিয়া দিয়া সঙ্গে করিয়া একটা কুঠরীতে লইয়া গেলে দেখিলেন; এক কোণে একটা শয্যা পড়িয়া আছে। ঘরটা লবণ-জর্জরিত, অপরিকার ও দুগল্বময়, যেন কত কাল লোকের সঙ্গে অপরিচিত। অতি উচ্চে লোহ দপ্তারত একটা স্বস্পেপ্রদার গবাক্ষ দিয়া হুত্ শব্দে বাতাস আদিতেছে। প্রবেশ করিবামাত্র তাঁহার বোধ হইল, যে এ ষয় মৃত্যুর আবাদ স্থান। তাঁহার গা কাঁপিয়া উঠিল। বাহিরে যা-इटा मूथ कित्र। इटान। किस्त मिर्रे मोर्याकात शूक्य তাঁহাকে বলপূর্যক ঘরের ভিতরে প্রবেশ করাইয়া দার বন্ধ করিল। শ্যামারণ একেবারে মৃত্প্রায় इইলেন। অতি উচ্চৈঃম্বরে সাহায্য প্রার্থনা করিতে লাগিলেন। কিন্তু কিছুই উত্তর পাইলেন না। পলাইবার পথ কিছুই দেখিতে পাইলেন না। মনে क्तिलन, ইश्ता पूज्यर्ग; लाकश्ला ইश्राप्त

ব্যবসা; ইহাদের হস্তে বুঝি আজি দুঃখশেষ হইবে; কিস্তু পরিবারের দশা কি হইতেছে ভাবিয়া একে-বারে বজুাহত হইলেন। কি করেন, উপায় নাই; অতএব কপালে যা থাকে বলিয়া ধৈৰ্য্য অবলম্বন পূর্বক উত্তোলিত হস্তে মৃত্যুর ক্ষণে২ প্রতীক্ষা করিতে লাগিলেন।

পূর্বে উপরে কথাবার্ত্তার যে শব্দ শুনিতে পাইতেছিলেন, তাহা থামিল। প্রায় অর্দ্ধ দণ্ড পরে বায়ুর গর্জ্জন শব্দের মধ্যাবসরে তাঁহার বোধ रुहेल, यन कान खोलां कित मन यत करण शिन শুনিলেন। হঠাৎ মনে হইল যে বুঝি দস্যুরা তাঁ-হার গাড়ি টের পাইয়াছে; এব ও ঐ ধনি বুঝি मन्तिकिनीत। প्रतक्षराई व्यावात मत्न इरेन य, বুঝি তাঁহার বন্ধু রমানাথ বিশ্বাস্ঘাতকতা করিয়া তাঁহাকে রাজপুরুষদের হত্তে সমর্পণ করি-বার মানদে ঐ সমস্ত যড্যন্ত করিয়াছে। কিন্তু মনে মনে করিলেন যে মানুষ এত পাপিষ্ঠ হইতে পারে না। রমানাথ এরপে নরাধম কথনই নয়, যাঁহার অকৃত্রিম প্রণয়ের চিহ্ন তিনি সহস্র বার অবলোকন করিয়াছেন। এই সকল তর্ক বিতর্ক করিতেছেন, এমন সময়ে পাদসঞ্চরণ শব্দ শুনিতে পাইলেন। পরক্ষণেই দ্বার মুক্ত হইল। সেই कृष्ठवर्व मीर्यकाय शूक्य, व्यात्नाक इत्छ, अकिंग ষোড়শবর্ধীয়া পরম সুন্দরী বালিকাকে টানিয়া আনিতেছে। কন্যার সর্বাঙ্ক অশ্রু ধৌত হইতেছে। দেখিয়া বোধ হইল যে বুঝি প্রকৃতি দেবা আপ-নার সমুদয় সৌন্দর্য্য একত্রীকৃত করিয়া তাহাকে গড়িয়াছেন। কেশাবলি বিশ্পাল হইয়া ক্সন্থে পড়িয়াছে। কর্ণ বিস্তারিত নয়নযুগল অশ্রুধারা পরিপূর্ণ হইয়াছে। শ্যামাচরণ ভাঁছাকে কৌতুক বিস্ময় ও ভয়াবিষ্ট নয়নে স্থির দৃষ্টে নিরীক্ষণ করিতে লাগিলেন।

ক্রমশঃ প্রকাশ্য।

ন্তন গুম্থের সমালোচন।



্ৰিভিড্ৰেজ্য হুবাজারস্থ ঈশ্বরচন্দু বসু কো-🐠 ম্পানীর স্টান্ছোপ যত্ত্রে অনেক গুলি উত্তম বাহ্বালী গুন্থ প্রচা-্রিভিভিঞ্জি রিভ হইয়া আসিতেছে। এযুক্ত

মাইকেল মধুসূদন দক্তজার "মেঘনাদ বধ," তিলো-ন্ত্ৰমা"ও "শৰ্মিধা" প্ৰভৃতি প্ৰশণ্সনীয় কাব্য সকল ঐ মুদ্রাকারকদিগের প্রযত্ত্বে অতি উপাদেয় অবয়বে জনসমাজে সমর্পিত হইয়াছে। তাঁহারা সম্পুতি " বামাবোধিনী পত্তিকা" নামে একথানি মাসিক পত্র প্রকাশারস্ত করিয়াছেন। এতদেশীয় জ্ঞী-দিগের পাঠোপযুক্ত জ্ঞানগর্ভ প্রস্তাব প্রকাশ করাই তাঁছার উদ্দেশ্য, এবং যে দুই খণ্ড পত্র প্রকাশিত হইয়াছে তদৃষ্টে সম্যক্ প্রতীত হইতেছে যে ক্থিত পত্রে প্রকাশক দিগের অভীষ্ট সিদ্ধ হইবেক। তাঁ-হারা জ্রাদিগের সুবোধ জন্য যে ভাষার অবলম্বন করিয়াছেন তাহা সুবোধ্যও বটে এবং সাধুও বটে; উপদেশার্থে তাহা সর্বমৎপ্রকারে উপযুক্ত হইরাছে। যে সকল প্রস্তাব লিখিত হইয়াছে তন্মধ্যে ভূগো-লের প্রস্তাবদ্বয় ও শিশির বিষয়ক প্রবন্ধবন্ধান্ধনা-দিগের পক্ষে কঠিন মানিতে হইবে; ঐ সকল বিষয়ের নিমিত্ত সকলের সুজ্ঞাত উদাহরণ সহকারে অত্যস্ত সরল ভাষায় কথোপকথন প্রথার অবলম্বনে প্রস্তাব লিখিলে এতদেশীয় মহিলাদিগের উপকার হইতে পারে ; তদন্যথায় পত্রিকা অপঠিত থাকাই সম্ভব।

উক্ত পত্রিকা ভিন্ন সম্পুতি আমরা এমতী देकनाम वामिनो खेखा कृष्ठ ''हिन्सू महिनापिरगत হীনাবস্থা" তথা প্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় কৃত "রোমের ইতিহাস," তথা জীযুক্ত দীনবন্ধ গুপ্ত প্রণাত "অজেন্দুমতা চরিত" প্রভৃতি কএক থানি নূতন পুত্তক প্ৰাপ্ত হইয়াছি; অবকাশ মতে তৎ-मकरलात ममारलाहन कता याहरतक।

রহ্স্য-সন্দর্ভ

নাম

পদার্থ-সমালোচক মাসিকপত্র।

> পर्व २ थ छ ।]

আশ্বিন; সংবৎ ১৯২০ ৷

[বার্ষিক অগ্রিম মূল্য ২ টাকা।

গুনিলণ্ডের ব্তান্ত।



४ गामित शक्षम्य **रिवरम** केंग्लेख প্রদেশের সমুদ্রতীরে এক জন ভারতবর্ষীয় দণ্ডা-য়মান রহিয়াছে। ठठू र्निक् नि उका। 🕏 কেবল সমুদ্রের ভী-

ষণ তরক্ষ সকল প্রচন্তবেগে তীরস্থ পদার্থ সকলকে আঘাত করিতেছে। ঐ ব্যক্তির মুথাকৃতি দেখিলে বোধ হয় যেন কিছু ভাবিতেছে। সে কত ক্ষণ পরে এক দীর্ঘ নিঃশ্বাস পরিত্যাগ করিল; এবং मन्त्यत् এই कथा विनाटं नाशिन; "हाय! यापि কোথায় ছিলাম, কোথায় আদিয়াছি। আমি রেবা-মদীতীরে শৈশবকাল অতিবাহিত করিয়াছি। অন্ধতমসাচ্ছন্ন বিন্ধ্যাটবী বিরাজমান বিন্ধ্যবাসিনী দেবার নিকটে সাষ্টাঙ্গে প্রনিপাত করিয়াছি; পণ্যধাম বারাণসাধামে দেব দেব মহাদেবের আ-রাধনা করিয়াছি; প্রয়াগ তার্থে মন্তক মুণ্ডিত করি-श्राष्ट्रि; रुतिषादत काङ्गवी-कल-कदल्लान व्यवन कति-ब्राष्ट्रिः मध्यकांत्ररा मोजातारमत शरहिङ्क मर्मन করিয়াছি; এব॰ পুরুষোত্তমে জগন্ধাথদেবের প্র- হয়। তাহা আমেরিকা-দেশের উত্তর-পূর্বদিগে,

সাদ ভক্ষণ করিয়াছি। কালিদাসের শকুন্তলা পাঠ করিতে ২ শকুন্তলার পতির গৃহ গমন-সময়ে অঞ্-বিসভ্র্ন করিয়াছি; এবং ভবভূতির মালতীমাধব অধ্যয়ন করিতে২ শ্মশানবাদী ভূত-প্রেতদিগের বাভৎসরসোদাপক রঙ্গভঙ্গা দেথিয়া ভয়বিহ্বল হইয়াছি। এদেশে ভারতবর্ষের কিছুই দেখিতে পাইতেছি না। আমার বোধ হইতেছে যেন আট্-লাণ্টিক পার হইয়া এক নৃতন পৃথিবীতে আসি-য়াছি। এথানকার লোকদের আহার ব্যবহার রীতি নীতি সমুদয়ই বিভিন্ন। এখানে মলয়বায়ু গাত্তে অমৃত-রষ্ঠি করে না; এবং কোকিলের কুহুধনি কর্ণে সুধাবর্ষণ করে না। কিন্তু কতবিধ আশ্চর্য্য ২ পদার্থ দেখিতে পাইতেছি। বাষ্পপোত বাষ্প-শকট তাড়িত বাৰ্ত্তাবহু প্ৰভৃতি অভ্ত সামগ্ৰী সকল এ দেশকে দেবনগরীর ন্যায় করিয়া তুলিয়াছে। এথানে আসিয়া ইউরোপথণ্ডের সমুদয় দেশের বিবরণ প্রবণ করিয়া আমি পরম প্রীতি লাভ করি-য়াছি। ইহাদিগের আচার ব্যবহারের সহিত ভা-রতবর্ষীয়দের আচার ব্যবহারের তুলনা করি-য়াছি; অধিকন্ত এতদেশীয় দকলকে স্বজাতীয় বলিয়া প্রমাণিত হইতেছে। পরন্ত ইহাহইতেও আবার ঐ উত্তর পশ্চিম কোণে যে তুষার-মণ্ডিত-দেশ দৃষ্ট হইতেছে তাহা কত প্রকারে ভিন্ন বোধ



লোকে তাহাকে " প্রান্লণ্ড শব্দে কহে।" 'প্রান্- শিশুক। এখানে তিমি মৎস্য সকলও ধৃত হয়। ल छ ' मार्यत वर्ष ' इति उ श्राप्तम । ' जीन्ल छ ' শব্দটী শ্রবণ করিলেই বোধ হয়, যেন দেশটীতে নাসিকা প্রশন্ত, এবং ওপ্ত স্থূল। ইহারা ক্দাক্তি। ছরিদ্বর্ণ পত্র-সুশোভিত তব্ধরাজি চতুর্দিগে ইহাদের শরীর বিস্তর বল ধারণ করে। ইহারা সৌভাগ্য-লক্ষার জয়পতাকা উড্ডান করিয়াছে; বিশ্বাসঘাতক, এবং বৈরনির্য্যাতন-দক্ষ। ইহারা বোধ হয় যেন অপর্য্যাপ্ত তকরাজি কলভারাব- চৌর্য্য করিতে নিতাস্ত পটু ৷ তাহাতে ইহারা এমনি নত হইয়া সকলের নয়নানন্দজনক হইয়াছে। কিন্তু কৌশল প্রকাশ করে যে কেহ তাহাদিগকে ধরিতে ফলতঃ দেশটার লক্ষণ তাহার সম্পূর্ণ বিপরীত। পারে না। শীতকালে ইহারা সমুদ্রতীরস্থ পর্বত-গ্রীন্লপ্ত চিরদিন তুষারারত রহিয়াছে। এথানে গুহায় গমন করে। পর্বতগুহাতে ইহাদের কুদ্র ২ গ্রীয়াকালে কেবল কোন ২ স্থানে শস্যরোপণ পল্লা আছে। ইহারা শাল নামক পশুর চর্মে

উত্তর-কেন্দু সংলগ্ধ রহিয়াছে; বিপরীত লক্ষণায়। কারাচ্ছন্ন থাকে। এদেশীয়দের প্রধান ভক্ষণ দ্রব্য

"প্রীন্লপ্তায়েরা তাত্রবর্ণ। ইহাদের কেশ কৃষ্ণবর্ণ। করিতে পারা যায়। শীত কয় মাস এদেশ অন্ধ- নির্মিত তামুতে অথবা গহুরমধ্যে বাস করে।

শিশুক-চর্ম-পরিরত তিমি-অস্থি ইছাদের দারের কপাট। শৈবাল ইছাদের শয্যা। প্রীয়াকালে ইছারা মৎস্য ধরিয়া থাকে। ইছারা ছুরিকা, সূচী, দর্পণ প্রভৃতি সামগ্রী অত্যন্ত প্রিয় জ্ঞান করে। ইছাদের সন্তান-স্নেছ অতি প্রবল। পূর্বপৃষ্ঠায় যে চিত্র মুদ্রিত হইল তদ্প্টে উহাদিগের অবয়বের ও তাম্বর অনেক অনুভব হইবে।

"প্রীন্লপ্ত এখন ডেক্সার্ক রাজ্যের অধীন। প্রীন্লপ্তায়েরা সমুদয়ে নয় হাজারের অধিক হইবে না। প্রীন্লপ্তের পশ্চিমদিগে অপর্য্যাপ্ত পাথুরে কয়লা মিলে। ইহার দক্ষিণ পশ্চিমদিগে প্রায় দুই শত দিনামারদিগের অবস্থিতি আছে। ইহারা শিশুক চর্ম এবং গজদন্ত সদৃশ নার্বালদন্ত ইউরোপে আনয়ন করে।

"মিশনরারা ইহাদিগকে খ্রীষ্টায়ান ধর্ম শি-খাইয়াছে। সেই শিক্ষাদ্বারা যাহারা পূর্বে কেবল আহার ও শয়ন করিয়া সময়-যাপন করিত, এক্ষণে তাহারা খ্রীষ্টমতে ঈশ্বরকে জানিতে পারিয়াছে, এবং সময়ে ২ জগদীশ্বরের গুণ গান করিয়া থাকে।

"আমি এই সকল দেখিয়া শুনিয়া আনন্দিত হইতেছি বটে, তথাপি ভারতবর্ষের জন্যে আমার মন সময়ে২ অতিশয় উৎক্তিত হয়। হা জগদী-শ্বর! কত দিনে ভারতবর্ষ ইউরোপের তুল্য সম্-দ্বিশালী, হইয়া সকল দেশের,শিরোরত্ব হইবে।"

कूलपीश भिःश।

মি যে সময়ে পাটনা-নগরে রাজকার্য্য-বিশেষে নিযুক্ত ছি-লাম, সেই সময়ে উক্ত প্র-দেশের কোন প্রধান পদস্থ রাজপুরুষের সহিত আমার

সর্বদা নানা বিষয়ের কথোপকথন হইত; মধ্যে ভঞ্চীতে অহরহ বিরাজ করিতেছে !

এক দিবস উত্তর-পশ্চিম-প্রদেশীয় লোকদিগের অপেক্ষা বাঙ্গালীদিগের শারীরিক, মানসিক এবং সামাজিক কোন্কোন্বিষয় উত্তম বা অধম তা-হার বিচার ছইতে লাগিল। তিনি কহিলেন, "বাঙ্গালীরা বুদ্ধিবলে হিন্দুস্থানীদিগের অপেক্ষা শ্রেষ্ঠ বটে, কিন্তু শারীরিক বলে আপনারা তাঁহা-দিগের অপেক্ষা নিকৃষ্ট।" আমি সে বিষয় স্বীকার করিয়া লইলে পর সাছেব স্তুনর্বার কছিলেন, মান-দিক কোন কোন ধর্মেও উভয় প্রদেশীয় লোকের মধ্যে বিশিষ্ট তারতম্য দেখা যায়,—যথা, স্লেছ-শীলতা এবং নঅ-শীলতা তথা কৰুণা রুত্তিতে বা-ন্ধালীরা আপনাদের শারীরিক মার্দ্দব গুণের ন্যায় প্রাধান্য রাথেন, হিন্দুস্থানীরা তজপ সুকুমার আ-চরণে প্রসিদ্ধ নহেন ; কিন্তু ভাঁহারা সাহসিকতা এব• তেজম্বিতা প্রভৃতি পুরুষার্থ বিধায়ক গুণাবলী প্র-ভূত-ৰূপে রক্ষা করেন,—উত্তর-পশ্চিম-প্রদেশীয় লোকের সহিত তুলনায় তত্তাবদিষয়ে আপনারা হীনকপো ৷" আমি এই সকল বাক্য স্থিরচিত্তে অনু-মোদন করিতে লাগিলাম,—তদ্দর্শনে রাজপুরুষ कहिलन, "वाकानीिं रिशत जर्भका हिन्दुञ्चानीता य नकन माननिक वरन वनीयान्, जाहात উদाहतन-স্বৰূপ আপনার নিকট কোন ব্যক্তিকে পাঠাইয়া দিব, আপনি তাহার সহিত আলাপ করিলে আ-মার পূর্বপক্ষের মর্ম বৃঝিতে পারিবেন।" আমি তদনন্তর বিদায় লইয়া আসিলাম।

পর দিবস প্রাতে উলিখিত রাজপুরুষের এক থানি পত্র লইয়া এক সোম্যুর্ত্তি যুবা আমার নিকটে উপস্থিত হইল। তাহার বয়স ২৪—২৫ বৎসরের উর্দ্ধ না হইবেক,—প্রশস্ত ললাট, উজ্জ্বলায়ত লোচন,—সুদৃঢ় সুসমন্বিত হস্ত পাদাদি,—এবং প্রফুল্ল কমলাকার হসিতাস্য,—দৃষ্টিমাত্র বোধ হয় যেন সরলতা সাহসকে বরণ করিয়া তাহার মুখভছীতে অহরহ বিরাজ করিতেছে!

যুবা নমকারানন্তর আমার হত্তে রাজপক্ষের পত্র প্রদান করিল। আমি তৃৎপঠনান্তে তাহার পরিচয় জিজ্ঞাসা করিলাম। যুবা স্মিতবদনে কহি-তে লাগিল, " আমার নাম কুলদীপ সিংহ। আমি রঘুবংশা ক্ষত্রিয়,—অযোধ্যা-রাজ্যান্তঃপাতি বীর-পুর-আমে আমার নিবাস।" অনন্তর আমার প্রশ্মতে কহিল,—''আমি সাহেবের অধানে চা-করা করি না; সাছেব আমাকে বারণবার চাকরা দিবার প্রস্তাব করিয়া থাকেন, কিন্তু আমি তাহাতে সমত নহি, যেহেতু আমার দেশে শরীর-ধারণের উপযুক্ত উপায় থাকিতে চাকরী করা বিধেয় নছে, তাহা করিলে বংশ-মর্য্যাদার বিশিপ্ত হানি আছে, এনিমিত্ত দে রত্তিকে আমরা অত্যন্ত হেয়ক্তান করিয়া থাকি ৷" আমি জিজ্ঞাসা করিলাম," তবে বোধ হয় তোমার সংসার-যাত্রা-নির্বাহের উপযুক্ত সম্পত্তি আছে ।" যুবা কহিল, "হাঁ মহাশয়, আমার পরিবার-পরিপোষণের উপযুক্ত যৎকিঞ্চিৎ ভূমি-সম্পত্তি আছে; তাহাতেই স্বচ্ছন্দে দিন নিৰ্বাহ হয়। আমরা স্বম্পে সন্তুষ্ট। ক্ষুধা—নিবারণের উপ-যুক্ত অন্ন এবং লড্জা নিবারণের উপাযুক্ত বস্ত্র লব্দ হইলেই কৃতার্থ হই,—কেননা আমাদিগের কুল-ধর্মে ভোগাসক্তি নিষিদ্ধ; শুনিয়াছি তাহাতে পু-ৰুষাৰ্থ নষ্ট হয়। আমাদিগের ব্যবসায় যুদ্ধ। তদ্ধ্য-তীত অন্য ব্যবসায়েতে আমাদিগের প্রবৃত্তি হয় না। আপনাদিগের নিকটে লেখনী যে ৰূপ আদর-ণীয়, আমাদিগের নিকটে তরবার দেই ৰূপ প্রিয় তর। শত্র-শরীর আমাদিগের পত্র, তরবার আমা-দিগের লেখনী, শত্রু-শোণিত আমাদিগের মসী। যদি অযোধ্যা-রাজ্য কোম্পানী বাহাদুরের * অধিকার ভুক্ত হয়, আর মনে কৰুন, আমার পৈত্রিক সম্পত্তি যদি সরকার জব্দ করিয়া লন,

অথবা অন্য কোন কারণবশতঃ যদ্যপি আমাকে এ কয়েক বিঘা ভূমির মমতা ত্যাগ করিয়া হস্তাস্তর করিতে হয়, তবে আমি সিপাহীগিরি ব্যতীত অন্য কর্মে কদাচ প্রবিষ্ট হইব না, যেহেতু আমি অন্য কোন ব্যবসায়ে শিক্ষিত নহি; সে সকল আমার জাতীয় ধর্মও নহে।"

আমি প্রশ্ন করিলাম, "ভাল, কুলদীপ সিংহ, তোমার যদ্যপি চাকরীতে স্পৃহা নাই, তবে সা-্হেবের নিকটে থাকিবার প্রয়োজন কি?" যুবা তৎক্ষণাৎ প্রত্যুক্তর দিল,—" সাহেব আমা-কে সবিশেষ অনুগ্রহ করিয়া থাকেন; তিনি যে ममरत्र वर्थानो नर्गाद्र ताककीय-कार्या-विरमास नि-যুক্ত হইয়া গমন করিয়াছিলেন,—সেই সময়ে এক-দা আমার সহিত কৈসরবাগে তাঁহার সাক্ষাৎ হয়। আমাকে দৃষ্টি করিবামাত্র তিনি আমার পরিচয় জিজ্ঞাসা করেন। আমি পরিচয় প্রদান করিলে পর তিনি তচ্ছুবণে অত্যস্ত কৌতৃহলাক্রান্ত হন, এবং তদবধি আমাকে সঙ্গে করিয়া লইয়া আনিয়াছেন। সর্বদা সাহেব লোকের নিকট আমাকে পাঠাইয়া দেন, তাঁছারা আমার পরিচয়-শ্রবণার্থী হন,— আমিও তাঁহাদিগের কৌতূহল-তৃপ্তি করিয়া থাকি, किञ्ज योगि कानि ना, उष्टुडास्ड এমত कि मिष्टेजा আছে যে সাহেবেরা তাহা প্রবণে আগ্রহ প্রকাশ করেন,—আমার চরিত মধ্যে যে ৰূপ ঘটনা আছে, তজ্ঞপ ঘটনা সর্বদা আমাদিগের দেশে হুইয়া থাকে, তাহাতে চমৎকারিতার বিষয় কি আছে তাহা ধুঝিতে পারি না ৷"

এতচ্ছুবণে আমি কহিলাম, "ভাই, যদ্যপি তোমার অতু প্রির বিষয় না হয়, তবে অনুশ্রহ-পূর্বক আমাকে সেই রত্তান্তটি শ্রবণ করাও। সত্য বটে, তদ্বিঘয়ে তোমার কৌতৃহল না জন্মিতে পারে, যেহেতু যে ধর্ম বা মনোরত্তি যাহার অভাবসিদ্দ তাহাতে তাহার অভুতানুভবের কারণ নাই,—

^{*} ইতিহাসে নির্দিষ্ট সময়টী অযোধ্যায় বৃটিশ সিৎহের আক্র-, মণের পুর্ন্ধে ছিল ভাহা বলা বা**হুল্য।**

কিন্তু অন্যের নিকট তাহা আশ্চর্য্যের বিষয় হইতে হইতেন। থেঁ। কল সিণ্ছ একদা আমার পিতার বি-পারে।"—কুলদীপ সিণ্ছ কহিলেন, "তবে আপ- ক্ষেন্ধে এই অপবাদ প্রতার করে যে তিনি প্রতারণা-নারও যদি সাহেবদিগের ন্যায় কৌতূহল জন্মিয়া পূর্বক অর্থাৎ পঞ্চায়িতদিগকে উৎকোচদারা স্ববশে থাকে, তবে শ্রবণ কৰুন। আনিয়া পৈত্রিক সম্পত্তির অধিক ভাগ হরণ

" আমি পূর্বেই কহিয়াছি, আমরা রঘুব°শী ক্ষত্রিয়, প্রকৃত পক্ষে দূর্য্যবংশীয় বলিলেই হইতে পারে। কিন্তু এই ক্ষণে অনেক কলুষিত ক্ষত্রিয় এবং রাজপুলেরাও উক্ত মহাগৌরবাত্মক বংশের উল্লেখ-পূর্বক আত্ম-পরিচয় দিয়া থাকেন,—এমত স্থলে এই প্রকার কৌশল অবলম্বন-পূর্বক পরিচয় না দিলে আপনাদিগের প্রকৃত-বংশ-মর্য্যাদা রক্ষা পায় না ৷ সে যাহা হউক,—আমরা অযোধ্যার এক সুপ্রাচীন ক্ষত্রিয়-বংশ; বাল্মীকি বর্ণিত রঘুরাজা-হইতে অকিঞ্চন আমি পর্যান্ত যত পুরুষ হইয়াছে তাহা আমার কণ্ঠন্থ আছে। আমার পিতার নাম অর্জিত সিংহ,—তিনি আমার পিতামছের এক-মাত্র পূল,--আমার খুল্ল পিতামছের পঞ্চ পূল। পূর্বে যে ভূমি-সম্পত্তির কথা কছিয়াছি, তাহা পিতামহদিগের সময়ে বিভক্ত হয় নাই, তাঁহারা একায়ভুক্ত ছিলেন,—ভাঁহাদিগের পরলোক প্রা-প্তির পরে উভয় পরিবার পৃথক্ হইলে পঞায়িত-দ্বারা বিষয় বিভাজিত হইল; কিন্তু এৰূপ বিষয় বণ্টনের স্থিরতা কিছুই নাই, তজ্জন্য আমাদিগের মধ্যে দর্বদা কলছ উপস্থিত হয়। আমি শুনি-য়াছি,—আপনাদিগের দেশেও এই প্রকার জ্ঞাতি-বিরোধ হইয়া থাকে, আপনারা রাজদারে মোক-দ্দমা উপস্থিত করিয়া বিচার প্রার্থনা করেন, কিন্তু আমাদিগের দেশে সে প্রকার নিয়ম প্রায় অনুষ্ঠিত হয় না; আমাদিগের বিবাদ যে ৰূপে নিষ্পত্তি পায় তাহা পশ্চাৎ কহিতেছি।

"আমার খুল্ল পিতামছের পঞ্চ পুত্রের মধ্যে থোঁ)কল সিংহ অত্যম্ত দুর্দান্ত এবং দুর্ভাষী ছিলেন, তাঁহার বাক্যবিষে আমার পিতা সর্বদা জর্জরীভূত

ৰুদ্ধে এই অপবাদ প্ৰচার করে যে তিনি প্রতারণা-পূর্বক অর্থাৎ পঞ্চায়িতদিগকে উৎকোচদারা স্ববশে আনিয়া পৈত্রিক সম্পত্তির অধিক ভাগ হরণ করিয়াছেন। এই মিথ্যাপবাদ পিতার অসহ্য হইবাতে তিনি এককালে ক্রোধানলে প্রজ্বলিতাঞ্চ हरेश निकायिक व्यमिश्ख প্रতিযোগা-निन्ध উপস্থিত হন,—এবং 'মিথ্যাবাদী' 'পাপী,' 'চপ্তাল' প্রভৃতি কটুবাক্যে খেঁ বিলকে সম্বোধন করাতে সে একেবারে গর্জন করিয়া উঠে,—এবং আপনার তরবার খুলিয়া পিতাকে আক্রমণ করে,। উভয়ের ঘোরতর যুদ্ধ হইতে লাগিল, — পরিশেষে ধেঁ কিল সি॰ছ পি তার সুসঞ্চালিত অন্ত্র-ধারে বারণ্বার আহত বিধায় তাঁহার পরাভব হুইবারই সন্তাবনা হুইয়া উঠিল, এমত সময়ে জালিম সিংহ নামক তাহার এক লাতা স্বায় সহো-দরের বিপত্তি দেখিয়া লক্ষ্য দিয়া রণস্থলে পড়িয়া পশ্চাৎ-হইতে পিতার শিরোদেশে এক অস্ত্রাঘাত করে,—পিতা দেই আঘাতে ভূপুঞ্চে যেমন পতিত हरेरान, व्यमनि (धै)कल मिश्ह जाहात कर्छ-एत्म দিতীয় আযাত করাতে পিতা প্রাণত্যাগ করিলেন। "এই ৰূপ অন্যায়-যুদ্ধে জ্ঞাতিগণ আমার পি-

তাকে নিহত করে,—আমি তথন গর্মস্থ ছিলাম,
মাতার আর দিতায় অভিভাবক ছিল না, তিনি
একে গর্মভারে ভারাক্রান্তা, তাহাতে নিদাৰুণ
শোকাতুরা। কিন্তু এমত অবস্থায় আমাদিগের দেশীয় জ্ঞালোকেরা হতাশ্বাস হন না,—গর্মস্থ সন্তান
স্থায় জনকের বৈর-প্রতিশোধনার্থ জন্ম গ্রহণ
করিয়াছে, তাঁহারা এই কপ বিশ্বাস করেন। তাঁহারা পুঞ্রের স্থানে কেবল মাত্র জলও পিন্ত প্রার্থনা
করেন না,—অতএব আমার মাতা ধৈর্য্য-ধারণপূর্বক কালাতিপাত করিতে লাগিলেন। পূর্ণকালে
আমি ভূমিই হইলাম,—মাতা আমাকে যথায়কে

লালন পালন করিতে থাকিলেন। বুদ্ধি-ক্রি হইবামাত্র তিনি আমার শিকা দিমিত্ত সুর্য্যবংশীয় মহা মহা বারগণের কার্ত্তি কার্ত্তন করিতেন,—কিন্ত কদাচ আমাকে পিতার নিদাৰুণ হত্যার কাপ্ত किहरून ना,—जना जािज পश्चम वर्ष विদ্যারস্ত হয়, কিন্তু আমাদিগের কুলপ্রথা-মতে অষ্টম বর্ষে সেই সংক্ষার আরম্ভ হইয়া থাকে।—আমাদিগের বিদ্যারস্ত স্বতন্ত্র প্রকার, আমাদিগের পাঠশালার नाम আथ्डा, আমাদিগের বিদ্যা শিক্ষার উপ-क्रवन, (निकाम, मुकाब, नावी, ज्वराब, णान, छन्को, बल्लम, तक्ष्युनी প্रভৃতি। তথায় আমাদিগের জা-তীয় শিক্ষার্থিরা প্রত্যুয়ে গমন পূর্বক বেলা আড়াই প্রহর পর্যান্ত পাঠাভ্যাস করিয়া থাকেন। আমিও আথড়ায় যাইয়া শিক্ষা করিতে লাগিলাম, তাহাতে দিন দিন আমার দেহ বজুবৎ কঠিন এবং সিংহের ন্যায় তেজস্বী হইতে লাগিল; আমার অস্ত্র চালনা-কৌশল সকলের প্রশংসাভাজন হইল। মধ্যে মধ্যে এক এক দিন আমস্থ প্রাচীনবর্গের সম্মুখে আমাদিগের পরীক্ষা হইত, তাহাতে কি মল্লযুদ্ধে কি শব্রযুদ্ধে আমার বারণ্বার জয়লাভ হয়। এই कारी यामात वयम शक्षमम वर्ष উद्धीर्व इहेन।

" अहे नमरा अक दिन यानि याथ्डा हरेट गृर्ह প্রাণিমন-পূর্বক দেখিলাম, জননা তথায় উপস্থিত নাই; রন্ধনশালায় প্রবেশ করিয়া দেখিলাম, তথায় দুই খণ্ড থালা রহিয়াছে, উভয় খণ্ডই আচ্ছাদিত, তদর্শনে আমি কিঞ্চিৎ বিস্মিত হইলাম, যেহেতু কোন কোন দিন মাতা কার্য্যান্তরে গৃহহইতে বহির্গত হইলে আমার নিমিত্ত রন্ধনশালায় এক থালাতেই অম ব্যঞ্জনাদি রাখিয়া যাইতেন, সেই দিবস দুই খণ্ড থালা থাকিবার অভিসন্ধি বুঝিতে পারিলাম না, আমি সচকিতনেত্রে এই রূপ চিন্তা করিতেছি, এমত সময়ে জননা গৃহাগত হইলেন। অন্য দিবস হাস্যবদনে আমার

প্রতি মেহার্ড দৃষ্টিপাত করিতেন, সে দিবস আর সে ভাব নাই। তাঁহার আন্য মলিনতা-মেঘে আচ্ছন্ন: চক্ষর আরক্ত; দৃষ্টিমাত্রে বোধ হয় যেন কিয়ৎ ক্ষণ পূর্বে বিস্তর রোদন করিয়াছেন। মাতার একপ ভাব আমি কথন দেখি নাই, সুতরাণ দেখিবামাত্র চম্কিয়া উঠিলাম; ক্ষণৈকপরে জিজ্ঞাদা করিলাম, মাতঃ এই দুই থালী কাছার নিমিত্ত? একথানী তোমার পুঞ্রের হইতে পারে, অপর থানির নিমিত্ত অদ্যাপি তাখার তো বগু নাই? মাতা গकाम्यदा कहिए नागितन, "दा कूनिशे! मा थानीय का हाय, उघाएक प्रथा " वाबि থালার আচ্ছাদন মোচন করিয়া দেখিলাম, তা-হার এক থানিতে রোটা এবং ব্যঞ্জন রহিয়াছে, দিতীয় থালী ভক্ষে পরিপূর্ণ, আমি ভক্ষ দেখিবা-মাত্র অন্তঃকরণে অত্যন্ত কোভ পাইলাম, বাক্য-ক্ষুরণ না করিয়া মাকৃ-মুখ প্রতি অঞ্চপূর্ণ উর্জুনেত্রে দৃষ্টি করিতে লাগিলাম। মাতা তাহাতে কিঞ্চিমাত্র ব্যাকুল না হুইয়া স্থিরস্বরে কহিলেন. 'রে বেটা स्यात भारत का का का भारत था के अत पूम-त्रीरम (द्राप्ति, इंका मञ्जव छन लिंध, खेत উमी स्मा-তাবক কাম কর্৷ শুন বচ্চে, অগর তেরী মহতা-রাকা স্তনদৃধ উজালা কর্নে চাহে, অগর মনুষ জন্ম নফল করনেকে৷ চাছে, অগর বংশকা সুপূৎ হোনেকো মাস্থো, তো যাও, অপনা পিতাকা বৈর লেও, তব্ আকর য়ে রোটা খাইও। অওর অগর নহি তুজনে য়ে কান হোনে কা হ্যায়, অগর রঘ্বংশীকে বীচমে তুম্ কুপুত হো, তব যাও, উহ থাক্ থাও যাকর।" আমি মাতার মুথে এই সকল কঠোর বাক্য শ্রবণ করিয়া কিঞ্চিৎকাল অবাক্ হইয়া রহিলাম, তদনন্তর পিতৃ-বৈর-পরি-শোধের কথা সারণ হইবামাত্র আমি তাঁহার স্থানে তদ্বিরণ অবগত হইবার মানস প্রকাশ ক্রিলাম। তিনি আমাকে আনুপূর্বিকরভান্ত শুনা-

"উছ্ তেরা পিতাকা অস্ত্র হ্যায়, তুক্ষারে ওয়াস্তে 🛚 উহ্ সব্হমনে ধর রক্থা হ্যায়, অব্লে, উহ্ ঢাল তরবার বাঁধ কর, পিতাকা বৈর লেনেকো যাও।" আমি মাতৃ-নির্দ্দেশ-প্রতিপালনে আর তিলার্দ্ধ-কাল ব্যাজ করিলাম না, পিতার তরবার নাগদন্ত-হুইতে নামাইয়া চুম্বন করিয়া পরে মাতার চরণা-স্থুজ-রেণু মন্তকে ধারণপূর্বক পিতৃবৈরি-প্রতিকূলে ধাবমান হইলাম।

"জ্ঞাতি-শত্রুদিগের বাটীতে উপস্থিত হইয়া আ-कालन-পূर्वक भनगर्द्ध किहर नागिलाम, वाख त মেরা বাপ্কা বৈরী, আজ্ তেরা জান লেউগা, আজ্ মেরা পিতাকা বৈর-শোধ লেউগা, অগর সচ্চে রঘু-ব॰শীকা ২চ্চা হো তো চলে আও। এই কথা শ্রবণ-মাত্রে খেঁ।কল সিংহ গজ্জন পূর্বক তরবার হত্তে মৎসমীপে উপস্থিত হুইল, কিন্তু কিয়ৎকাল পরে আমার নিতান্ত কৈশোর-বয়ন-বশতঃ আমার সহ যুদ্ধ করা অন্যায় ও অন্যান্য সাস্তুনা বাক্য ক**হিতে** লাগিল। আমি ভচ্ছুবনে পূর্যপেক্ষা সম্থিক জুদ্ধ হইয়া উঠিলাম, অন্য জ্ঞাতিগণ ঐ ঘটনা-স্থলে উপ-স্থিত হইলেন। অনন্তর আমরা উভয় প্রতিযোগী যথানিয়নে অজ্ঞ চালনা করিতে লাগিলাম, দুই ঘণ্টা কাল যাবৎ যুদ্ধ হয়, প্রতিযোগীর লক্ষ্য সপ্ত পরে শব লইয়া যথানিয়মে গোমতী-তীরে সৎকার বার নকল হইয়াছিল, আমি দেহহইতে বস্ত্র করিয়া স্থান-তপ্ণান্তে গৃহে প্রত্যাপত হইলাম। উদ্ঘটন করিলে আপনি তাহার চিহু দেখিতে তদবধি আমরা উভয় জ্ঞাতি পরিবারে সন্ডাবে পাইবেন৷ আমি ধেঁ কিল সি॰ হকে অষ্ট স্থানে আ- কাল্যাপন করিতেছি ৷ এই ক্ষণে আপনি শুনিলেন, হত করিয়াভিলান। উভয়েই অসৃগ্ধারায় লোহিত আমরা কি নিয়মে বিবাদ নিষ্পত্তি করিয়া থাকি। মূর্ত্তি হইয়াছিলাম, গলফ্রধিরে প্রাহ্মণ আরক্ত হই- আমরা মোকদমা করিতে জানি না। রণভূমি আ-রাছিল। সি॰ছ শাবকের সহিত রন্ধ মৃগেন্দের মাদিগের বিচার ভূমি, তরবার লেখনী-মুখেই আ-সঙ্গুমবৎ সেই ঘটনার তুলনা করা যাইতে পারে। মাদিগের ডিক্রি, ডেদমিস, জয়, পরাজয়, লিখিত পারশেষে ধৌকল সিংহ বার্দ্ধক্য-বশতঃ ক্রমশঃ হয়। এই আমার আত্ম-বিবরণ, ইহাতে কিছুই রক্তক্ষয়ে ক্ষাণ হইয়া পড়িল; আমি তাদৃশ নিস্তেজ অজুত নাই, কিছুই কৌতৃহলকর নাই, তথাপি সা-হই নাই, সময় বুঝিয়া মহাগৰ্জনপূৰ্বক তাঁহার হৈব আমার এই গণ্প ভনিয়া পৰ্য্যন্ত আমাকে ব

ইয়া উর্দ্ধভাগে তর্জনা উৎক্ষেপ করিয়া কহিলেন, কণ্ঠলক্ষ্যে অসি-চালনামাত্রে প্রভিযোগী তাহা मामलाहेशा नहेटच भातिन ना, चिहता थत-कत-বালাঘাতে কণ্ঠচ্ছেদের পরে মুগু গিয়া ধরা-পৃষ্ঠে পতিত হইল। আমি তৎক্ষণাৎ সেই ছিন্ন মুণ্ডের কেশাকর্ষণ-পূর্বক জ্বতবেগে গৃহাভিমুখে চলিলাম। গৃহে যাইয়া মাত্চরণে শত্রুমুগু উপঢৌকন-স্বৰূপ প্রস্থাপন-পূর্বক প্রণত হইলাম। মাতা আমার রক্তা-ক্ত শরীর কোলে লইয়া আমার মুখচুম্বন করিতে লা-গিলেন। অনন্তর আমি ঘোরতর তৃফার্ত বিধায় জল প্রার্থনা করিলাম, মাতা সে সময়ে জল দিলেন না, "জর্রা" অর্থাৎ অস্ত্র-চিকিৎসককে ডাকাইয়া আনিলেন। সে আমার ক্ষতস্থান সকল টাকিয়া দিয়া ঔষধ প্রলেপ দিল। পরে মাতা কহিলেন, " অরে মেরে বেটা, অব্যাও, উহ্ ধৌকল সিংহকী সদ্গৎ কর, যাকে, অব তেরে বাপকা বৈর শোধ হুআ, উহ মুর্দারদে তেরী দুস্মনাই নহি। উহ তেরা চচ্চা থা ; যা, উস্কা সৎকার করকে ফির ঘর আ কর রোটা থানা, যব তক উদ্কা সদ্গাৎ ন ছোয়, তব্ তক্তু অগুদ্ধ হো; অগুদ্ধমে খানা পীনা মনা হ্যার।" আমি মাতৃ আজা শিরোধারণ-পূর্বক মুও লইয়া জ্ঞাতিদিগের বাটীতে গমন করিলাম, তাঁছারা আ-মার নিমিত্ত অপেকা করিতেছিলেন। আমরা তৎ-

করিয়া আনিয়াছেন, এবং এক আন্থা দ্রব্যের ন্যায় স্বীয় বক্ষু-বান্ধবের নিকটে পাঠাইয়া দিয়া থাকেন।" কুলদীপ সিংহ এই কথা বলিয়া আমাকে নমস্কার-করণান্তর বিদায় হইলেন।*

আমি কিয়ৎ কল পর্যান্ত তাঁহার আশ্চর্য্য বিব-রণ মনোমধ্যে আলোচনা-পূর্বক হিন্দুস্থানীদিগের সহিত বাঙ্গালীদিগের কোন্ কোন্ মানসিক ধর্মে তারতম্য আছে, তাহার সম্যক্ জ্ঞান লাভ করি-লাম, ইতি।

কপটকেশ।

ক্ষিত্র ক্রিটিল ন্দর্য্য কি ইহা বাক্যদারা নি-দুঃসাধ্য—বর° প্রিপ্র ৰূপণ করা তিওঁ অসাধ্য বলিলে বলা যায়, জিত্তি জিল্ল জড় কারণ অদ্যাপি কেহই সৌন্দ-জিল্ল জড় জড় জ কারণ আক্র কারণ শব্দে নিবদ্ধ করি-তে পারেন নাই। জ্রী-জাতির কেশ তাহাদের সৌ-ন্দর্য্যের এক প্রধান অঙ্গ—তদভাবে অদ্বিতীয়া ব্রূপ-वजीख मोन्मर्या-विश्वीना श्रामा मान कबन हेन्द्र-দেবের সভাহইতে তিলোভ্রমা আসিয়া প্রয়াগে শিরোমুণ্ডন করিলে কি কদর্য্যকাপা হইয়া উঠি-বেন৷ অথচ কেশ কতকগুলি কৃষ্ণ সূত্ৰমাত্ৰ; তাহা মন্তকহইতে ছিন্ন হইয়া ভূমিতে পড়িয়াছে দেখিলে স্পূর্শ করিতে ঘৃণা হয়। মন্তকের সহিত তাহার সংযোগে कि প্রকারে সৌন্দর্য্যের সিদ্ধি হয় ইহা অনুভব করাও দুক্ষর। কেহ বলিতে পারেন যে গৌরাস্থার মুখচন্দ্রোর্দ্ধে কৃষ্ণজ্যোতিঃ গৌরতার রূদ্ধি করিয়া সৌন্দর্য্য-সাধন করে; পরস্তু সুকেশা কৃষণান্ধীর পক্ষে দে লক্ষণ প্রযুক্ত

হইবে না; তাহার মুখ ও কেশের বর্ণ তুল্য হইলেও তাহার মনোহর কান্তি হইয়া থাকে। কি সভ্য কি অসভ্য এমত কোন জাতীয় মনুষ্য नारे य नननात होर्घ किएनत श्रमण्या ना करता তল্লিমিত্তই কলিকাতাহইতে গৃহে গমন-সময়ে পল্লীগ্রামন্ত প্রায় সকলেই কিঞ্চিৎ কিঞ্চিৎ নারি-क्ल रेजन नर्या शिया थार्कन। ये रेजन-महिमाय বরাঙ্গণারা মৎস্যগন্ধার অপেক্ষাও কিঞ্চিৎ অধিক দুর্গন্ধা হইয়া থাকেন, কিন্তু সুকেশের লোভে তাহা ত্যাগ করিতে পারেন না। কলিকাতায় অনেক গৃহমেধিনারা ঐ তৈলে গন্ধদ্রব্য দিয়া তাহার দুর্গন্ধ দ্রীভূত করিয়া থাকেন। অপর যাঁহাদি-গের কেশের প্রাচুর্য্যাভাব, তাঁহারা ছিন্নবন্তের "विँएं" अमधा " চूलित म्हों" ও अन्याना কাম্পেনিক উপায়ে তাহার প্রাচুর্য্য দেখাইয়া থা-কেন৷ গত শতাব্দিতে ইংলণ্ডে পত্মাঞ্চিনীরা রেকের সদৃশ কাঙ্গের চুপড়ী বানাইয়া তাহা মন্তকোপরি ধারণ করত তদুপরি কেশ আচ্ছাদন করিয়া তাহার প্রাচুর্য্য দেখাইতেন। সম্পু্তি সে প্রথা উঠিয়া গিয়াছে; কিন্তু তাহাতে কপট-কেশপংশের কোন মতে লাঘব হয় নাই। পারী नगरत প্रতিবর্ষে যে সকল বাণিজ্য দ্রব্য আ-সিয়া থাকে তাহার এক থানি হতন তালিকায় **मृष्ठ रुरेन यে প্रতি বর্ষে তথায় এক লক্ষ সের বা** দুই হাজার পাঁচ শত মণ চুলের আমদানি হইয়া थारक। थे नक रमत हून প্रতিবর্ষে कि व्यवस्थात নিযুক্ত হয়, অনুসন্ধান করিলে জানা যায় যে কপট বেণী কম্পিত কবরী ও কৃত্তিম কুন্তল ও পারচুলা নির্মাণে তাঁছারা ঐ লক্ষ সের চুল প্রতি বর্ষে ব্যবহার করিয়া থাকেন। সমুদ্রে পাদ্য অর্ঘ যা-দৃশ বজান্ধনার নারিকেল তৈলের সহিত তুল-নায় ফরাসিনীদিগের চুলের আমদানী তাদৃশ। তথায় চুল ওজন দরে বিক্রীত হইয়া থাকে, এবং বর্ণ

^{*} প্রস্তাব লেগক এই ছলে নিবেদন করিতেছেন, উক্ত গণ্পটি কল্পিত নহে, ফলতঃ প্রকৃত ঘটনা, কেবল কয়েচটি নামমাত্র কল্পিত হইরাছে। যাঁহার মুখে এই গণ্প শ্রুত, ডিনি বিখাসী এবৎ ক্ষুত্রি ব্যায়ান্।


ও দীর্ঘতানুসারে প্রতি ছটাক ১০ অবধি ২০ টাকায় বিক্রীত হয়, সুতরাণ প্রতি সেরে ১৯০ অবধি ৩২০ টাকা হইল; এবং গড়ে দুই শত টাকা সের ধরিলে वर्ष्य लक्क रमदत्र द्राम पूरे कार्षि होका रहेरव। शा-ঠকরন্দ মনে কৰুন সে নগর কি প্রকার ঋদিমন্ত যথায় কপটকেশের নিমিত্ত প্রতি বর্ষে দুই কোটি টাকা ব্যয় করা হয়। এই কেশ সম্ভূহ করিয়া অনেকে উপজীবিকা প্রাপ্ত হয়। এতদেশে যে প্রকারে পুরাতন জীর্ণ বস্ত্র লইবার নিমিত্ত বাসনওয়ালীরা षादत षादत जमन करत, महे बाल कतामिम्-एएन কেশ-সমূহী তারা পুতি, গিল্টির গছনা ও অন্যান্য অবলা-মণিহারি দ্রব্য লইয়া গ্রীম্মকালে গ্রামে২ ভ্রমণ করিতে থাকে, এবং ঐ দ্রব্যের পরিবর্ত্তে দুঃথিনা কামিনীদিগের মন্তকছইতে কেশ কর্ত্তন করিয়া লয়। অত্যন্ত দুঃথিনী হইলে, কেশের বিনি-ময়ে অলঙ্কার না লইয়া অনেকে কেশ বিক্রয় করে। এই প্রকারে কেহ ২ প্রতি বর্ষে বি॰শত্যধিক টাকা আপন কেশ বিক্রয় করিয়া প্রাপ্ত হইয়া থাকে i কেশ-সন্থ্ৰীতারা প্রতি সেরে ৫ অবধি ১০ টাকার অধিক মূল্য দেয় না, পরস্ত দুই বা আড়াই হস্ত দীর্ঘ কৃষ্ণকেশ পাইলে ৩০ বা ৪০ টাকা দিতেও প্রস্তুত থাকে। সৌভাগ্যের বিষয় যে অদ্যাপি ভারত-বর্ষের এমত অবস্থা হয় নাই যে দরিদ্রকে আপন মন্তকের চুল বিক্রয় করিতে হয়; পরস্তু চুলের দড়া বিশাইয়া ও তাহা বিক্রয় করিয়া এই ক্ষণে कारनरक উপজीবিকা সাধন করিতেছে; আমা-**क्रिश्रं क्रुवनरमाहिनो**ता **क्रन-ममारक विवोक्तिश** শ্যায় বিচরণ করিতে আরম্ভ করিলে কেশ ব্যব-সায়ের প্রচার হইবে। কেশ পাশের অধিক প্রয়ো-कनूरतार्थ हेश कान मर्ज व्यमस्य गरह।

নি॰ছের বিচার।



ভাসমাজে যে সকল নীতি-গর্ভ গণ্পা বিখ্যাত আছে তন্মধ্যে পঞ্চতন্ত্রের আখ্যা-য়িকাগুলি সর্বাপেক্ষা কমনীয় বলিয়া প্রসিদ্ধ। তাহাতে বা-

গাড়ম্বর কিছুই নাই; শব্দালক্ষারের সাহায্য তদ্-প্রস্থকার কদাপি স্বীকার করেন নাই, এবং শব্দ-বিন্যানে নিতান্ত অলম ছিলেন; শুদ্ধ সরল ভাষায় সামান্য কথায় ব্যাত্র ভল্লক শৃগালাদির কথো-পকথনে গণ্প-গ্রন্থন করিয়াছেন; কিন্তু তা-হার অর্থ তাৎপর্য্য এমত আশ্চর্য্য যে ভূমগুলের সৰ্বত্ৰ সকল জাতীয় আবাল রন্ধ বনিতা তাহার माधुर्या मुक्ष हरेया जाहारक नोजि-गर्ज-गरण्यत আদুশ বলিয়া স্বীকার করেন। ১৫ শত বৎসর হইল পারস্যদেশের নৌশেরওয়াঁ পাদশাহ ভাহার পহলবা ভাষায় অনুবাদ প্রস্তুত করান। সেই পছ-লবা-হইতে গণ্পগুলি আরব্য ভাষায় ভাষান্তরিত হয়। তৎপরে তাহা **এাক্ লাটিন্** ক্রেঞ্চ ইণরাজ জর্মন্ পর্টুগিজ্ স্পানিস্ দিনামার ওলন্দাজ প্রভৃতি সকল ভাষায় অনুবাদিত হইয়া সৰ্বত্ৰ নীতি গৰ্ভ-গম্পের অদ্বিতীয় আদর্শ বলিয়া বিখ্যাত আছে। ভাষান্তর হওন সময়ে প্রাচীন আদর্শের অনেক ব্যভিচার হইয়াছে, এবং অনেক স্থানে নূতন কথা আরোপিত হইয়াছে। অধিকম্ভ অনেকে সংস্কৃতের আদশিতার স্বীকার নাই; কিন্তু পরস্পারের সাদৃশ্য এমত আছে যে তাহাতে নিঃসন্দেহে বলা যাইতে পারে যে সকলই সংস্কৃত মূলক; কেছই সংস্কৃত ভিন্ন পৃথक् मृलहहरङ উৎপন্ন হয় न।है। ঐ গণ্প छलित চিত্ৰপট বিলাতে অনেক হইয়াছে; তম্মধ্যে একটির চিত্র আমরা অপর গৃষ্টায় মুদ্রিত করিলাম। ঐ চি-ত্তের মর্ম্ম দর্শকদিগের পক্ষে আপনিই উচ্চুত হইবে,



তন্মিমিত্ত আমাদিগের শ্রম স্বীকার করা বাহুল্য। চিত্রকরের চাতুর্য্যে তদর্শন মাত্র আপনা আ-পনি মনে হয় যেন এক সিণ্ছ একটা মুগকে বধ করিয়া সমীপস্থ ব্যাঘুরুক ও শৃগালকে কছি-তেছেন; "এই আমার ভোজ্য, ইহাতে তোমরা দৃষ্টিপাত করিও না৷" ফলতঃ বলবানেরা কি প্রকারে সহচর দুর্বলদিণের স্বস্থ অপহরণ করেন, ও বলবান্ ও দুর্বলে সন্ধি করিলে কি প্রকার অনিষ্ট ঘটিয়া থাকে তাহার বর্ণনাভিপ্রায়ে ঐ চিত্রটি কম্পিত আছে। এতৎসম্বন্ধে পঞ্চতন্ত্রকার এই বলিয়া আখ্যায়িকা গুন্তন করিয়াছেন যে একদা अक नि॰इ अक नामु अक त्रक अव॰ अक **मृ**शाल अहे প্রতিজ্ঞায় দক্ষি করে যে তাহারা একত্রে মৃগয়া করিয়া যে কোন জীব সংহার করিবে তাহা চারি জনে তুল্যা শে বিভাগ করিয়া লইবে। পরে চারি खनात महायञाय अक नीर्य-मृक प्रश लक रहेल, ্সি°হ মধ্যে দ্খায়মান হইয়া উৰ্দ্ধনন্তকে কহি-

লেন, "এই মৃগের প্রথম ভাগ আমার ন্যায় অংশ; ইহার দিজীয় ভাগ আমি সর্বাপেক্ষা অধিক শ্রম করিয়া শিকার করিয়াছি বলিয়া পাইতে পারি; ইহার 'তৃতীয় ভাগ আমার মর্য্যাদার পুর-কার; এবং ইহার চতুর্থ ভাগ, আমার এই বিভাগ করণের শ্রম বিনিময় বলিয়া গ্রহণ করিলাম। এই বিচারে ভোমাদিগের কোন আপত্তি থাকে প্রকাশ কর;" এই কথা বলিয়া একটি বিকট শব্দ করি-লেন। সন্ধীরা সেই ভয়ঙ্কর নাদে তুন্ত হইয়া নত মুথে স্ব স্থানে প্রস্থান করিল। মনুষ্য ও রাজ্য সম্বন্ধে এই ঘটনা কত শত প্রত্যহ ঘটিয়া থাকে তাহা লোক্যাত্রায় নিবিষ্ট সকলেই বিশিষ্ট কপে জ্ঞাত আছেন, তিয়িমিত্ত দৃষ্টান্ত সন্তুহ করা রথা শ্রম হইবেক।

ভারতচন্দের সম্বতে ব্যুৎপত্তি।



👰 🔍 🕄 হালী কবিদিগের অগ্রগণ্য ভা-🚷 রতচন্দের কোনৰূপ অপ্রকাশিত 🕼 রচনা অধুনা প্রকাশ পাইলে বন্ধ-তি ক্ৰিতি দিশায় জনসমাজে তাহাসবিশেষ

আদৃত হইয়া থাকে,—যেহেতু পুরাতন বা প্রাচীন পদার্থপুঞ্জের প্রতি অনুরাগ-প্রদর্শন-করা মনুয্য-জাতির স্বাভাবিক ধর্ম,—উদ্ঘাটিত মুদ্রা বা ধাতু-ফলক প্রভৃতি নিধির প্রতি পুরারত্ত সন্ধায়িদিগের কি পর্য্যন্ত স্নেহ তাহা বর্ণন করা বাহুল্য। পূর্বতন হিন্দুরাজগণের মুদ্রা দূরে থাকুক, আকবরী মোহ-রের প্রতি এই ক্ষণে এতদেশীয় লোকেরা শালগ্রাম শিলাবৎ ভক্তি প্রদর্শন করেন, যদি ও ইহার কার-ণান্তর থাকিলেও উক্ত স্বর্ণমুদ্রার প্রাচীনত্ব তদ্ভক্তি-ভাবের এক নিদান বটে। সে যাহা হউক,—্ভারত-**চন্দু যে অন্নদামञ्जल বিদ্যাসুন্দর মানসি**°ছ এব° রস-মঞ্জরী ব্যতীত অন্যান্য এন্থরচনায় প্রব্রন্ত ছিলেন তাহা এই ক্ষণে সপ্রমাণ হইয়াছে। তিনি স্বস্পেবয়সে লোকান্তর প্রাপ্ত হন, সুতরাং গুম্বরচনার মানস যত দূর লক্ষিত ছিল, তত দূর সুসিদ্ধ করিয়া মাইতে পারেন নাই। তিনি সংফুত কাব্য নাটকাদি এবং পারস্য কবিতায় সুপ্রবিষ্ট ছিলেন। সংস্ত এবং পারস্য ভাষায় কথন কথন কবিতা রচনা করা তাঁ-হার অভ্যাস ছিল। তাঁহার এক পৌএ বালেশ্বরে পূর্বে বিষয় কর্ম করিতেন, ঐ মহাশয়ের স্থানে রায়গুণাকরের কোন কোন অপ্রকাশিত রচনা ছিল, ভন্মধ্যে নিমুলিখিত সংস্কৃত গঙ্গাষ্টক স্তব প্লাপ্ত হওয়া গিয়াছে। যদিও ইহা প্রকাশ করা রহস্য-সন্দর্ভের প্রকৃত অভিপ্রায়ানুসারী না হউক, তথাপি নিধি অনুসন্ধায়িদিগের প্রসাদন এবং প্রিয়দর্শনার্থে যে ৰূপ প্ৰাপ্ত হইয়াছি অবিকল তক্ৰপে প্ৰক-টিত হইল। ভারতচন্দু যে সুকঠিন সংস্কৃত ছন্দে

অর্থাৎ পঞ্চামরাদিতে নিপুণ ছিলেন, তাহাও এতদ্বারা প্রতিপন্ন হইবেক। যথা, .

গঙ্গাপ্টক ৷

যদমু নাশিতুৎ মলৎ মহানলঃ দুশাতলৎ প্রযাতি নীচমার্গকণ দদাতি নিতামুক্চতাণ। হরেঃ পদাজ্ঞনির্গতাৎ হরিত্রমের দায়িনীৎ নমামি জহুজাণ হিতাণ কৃতান্ত্রকল্পকারিণীণ।। (১)

ন্নেতৃমেব গোলকণ রথো ভগীরথাছতা প্রজন্তরঙ্গরে যদেব নাম চক্রকঃ। ম্বয়ণ হি যত্র সার্থী র্থী যদাপি পাতকী নমামি জহুজাও হিতাও কৃতান্তকল্পকারিণীও।। (১)

যদমু বহিকজ্জলঃ দুশীতল ে নৃপাপ হ ৭ मूनोकतः मन्लिञ्जकञ्च भूम अव (वाममनः। যদমূনঃ প্রবাহ এব চাল্যাশদাহকো নমামি জহ্জাৎ হিতাৎ কৃতান্তকল্পকারিণীৎ।। (৩)

বিষণ যদমূভক্ষকে নিছন্তি মন্দিরাসভাপ দহত্যশেষপাপিনাও শরীরমেব দেহিনী। যদ মূনঃ পুভঞ্জনঃ প্রপাদদেহভঞ্জনো নমামি জহ্জাৎ হিতাৎ কৃতান্তকল্পকারিণীৎ। (৪)

মুধা যদস্পীতলৎ দদাতামৃত্যুতাৎদিনি में मार्थिया है निर्माश विशासनाय सिक्षमा । বিগাহিত্র দর্শিত্স্য কর্ষিত্স্য চিন্তুয়া। নমামি জফুজাপ হিতাপ ক্তান্তকল্লকারিণীপ।। (c

নিছন্তু স্থ্র উন্মদৎ সদৈন্যকঃ পরস্তপো যদসূপত্তিসংকুলং জলধ্বনি নিনাদনং। রথেভবাজিকাদয়ো মতিঃ স্তুতি নভিম্নথা নমামি জহুজাপ হিতাপ কৃতান্তকল্পকারিণীপ।। (৬)

হরিস্তথা তিলোচনস্ত্রিলোচনী হরীশরৌ বিধায়িতু নিমুক্তিতা ঘদস্না উভাকলা । ত্রিলোকলোকপাবিকাপ ত্রিদেবতাবিধায়িকাপ নমামি জহুদাণ হিতাণ ক্তান্তকল্পকারিণীণ।। (৭)

विमनधवननोना, भमुत्रोतनो वित्नाना প্রবলজলবিশালা, স্বর্জনে স্বর্ণমালা। মদনদহনকাঙ্গা, স্বৰ্গলোপানসঙ্গা কল্যহরতরঙ্গা ভারতৎ পাতু গঙ্গা।। (৮ *)

* এই পদ চঙুষ্টয় মালিনী ছন্দে রচিত।

ভূমগুলের পুরা সঙ্খ্যা।

🙎 পার নছে—পরস্ত ইহা অসাধ্যও 🛣 💥 💥 🎇 नरहा गतन कबन यहालि প্रত্যেক পল্লীর চৌকিদার আপন অধিকারস্থ ৫০ কি ৬০ ঘরে কয় জন মনুষ্য আছে তাহা একরাত্রি-মধ্যে নির্ণীত করিয়া আপন ২ থানায় জ্ঞাপন করে, তাহা হইলে সমস্ত গ্রামের প্রজা এক রা-ত্তিতে গণা যাইতে পারে; এবং যাহা এক গ্রামে সম্ভব তাহা এক পরগণা ও জেলা ও রাজ্যেও সম্ভব হইতে পারে। ফলতঃ এই প্রকারে ইউরোপ-থণ্ডের অনেক রাজ্যের প্রজা সঙ্থ্যা নির্ণীত করা হইয়াছে, এবং তাহার তুলনায় ভূমগুলের সমস্ত প্রজারও এক প্রকার স্থল গণনা হইয়াছে। তদ-नुमात बाक इरेशारक या ममख প्रिवीएं ১,২৮,৯০,০০,০০০ এক थर्ब पूरे वार्बृ पाठे कांछि नवरे लक मनुषा चाहि। ये महथात मध्य ইউরোপ থণ্ডে ২৭ কোটি ২০ লক্ষ, আশিয়া থণ্ডে ৭২ কোটি, আফরিকা খণ্ডে ৮ কোটি ৯০ লক, আমেরিকা খণ্ডে ২০ কোটি, এবং প্রশান্ত-মহা-সাগরের দ্বীপব্যুহে ২০ লক্ষ মনুষ্য আছে।

অপর ইহাও নিৰাপিত হইয়াছে যে প্রতি বর্ষে
৪০ ব্যক্তির মধ্যে এক জন করিয়া মরিয়া থাকে,
তদনুসারে ভূমগুলে প্রতি বর্ষে ০ কোটি ২০ লক্ষ্
মনুষ্য গতাসূ হয়। তথা এ সম্ব্যার বিভাগ করিলে
প্রত্যহ সাতাশী হাজার সাত শত একষ্টি, প্রতি
ঘণ্টায় তিন হাজার ছয় শত তিপপান্ন, এবং প্রতি
মিনিটে ৯১ ষ্টি মনুষ্য মরিয়া থাকে। তাহা হইলে
প্রতি সেকপ্তে বা ২॥ পলে এক ২ জন মনুষ্য মরিতেছে, সন্দেহ নাই। এই প্রকারে প্রতি সেকপ্তে এক

একটি মনুষ্য না জন্মিলে বসুক্ষরা অরায় মনুষ্য শূন্য হইত; ফলতঃ যে সঞ্জায় মানব মরিয়া থাকে, তদপেক্ষায় কিঞ্চিৎ অধিক সন্ধ্যায় জন্ম-গ্রহণ করে; সুতরাণ ক্রমশঃ মনুষ্য-সন্ধ্যার র্জি হইতেছে।

निर्मे अकारवात ममजा *।

নদী আর কাল গতি একই প্রমাণ।
অস্থির প্রবাহে করে উভয়ে প্রয়ান।।
খীরে ধীরে নীরব গমনে গত হয়।
কি বা ধনে কি স্তবনে ক্ষণেক না রয়।।
উভয়েই গত হল্যে আর নাছি কেরে।
দুস্তর সাগর শেষে প্রাসে উভয়েরে।।
সর্ব অংশে এক রূপ যদিও উভয়।
চিন্তারত চিত্তে এক ভেদ জ্ঞান হয়।।
বিকলে না বহে নদা; যথা নদা ভরা।
নানা শস্য শিরোরত্বে হাস্যমতী ধরা।।
কিস্তু কাল. সদাত্মা ক্ষেত্রের শোভাকর।
উপেক্ষায় রেখ্যে যায় মক্ত ঘোরতর।

*A COMPARISON.

The lapse of time and rivers is the same,
Both speed their journey with a restless stream;
The silent pace, with which they steal away,
No wealth can bribe, no prayers persuade to stay;
Alike irrevocable both when pass'd,
And a wide ocean swallows both at last.
Though each resemble each in every part,
A difference strikes at length the musing heart;
Streams never flow in vain; where streams abound,
How laughs the land with various plenty crown'd!
But time, that should enrich the nobler mind,
Neglected, leaves a dreary waste behind.

Cowper.

স্ক্রী মরা এমতা কৈলাসবাসিনা গুপ্তাকৃত 💥 "হিন্দু মহিলাগণের হীনাবস্থা" না-🎇**** 🛣 মক একথানি নৃতন পুস্তকের উল্লেখ করিয়াছি। উক্ত পুস্তকথানা এতৎশতাব্দীর বন্ধীয় স্ত্রী-রচনার দ্বিতীয় আদর্শ বলিয়া স্বীকার করি, কা-রণ তৎপূর্বে কেবল এমতা বামাসুন্দরা গুপ্তার এক-থানি রচনা প্রকটিত হইয়াছিল। এতাদৃশ পুস্তকের দোষ গুণ বিচারের সময় অদ্যাপি উপস্থিত হয় নাই। এই ক্ষণে সকলের অবশ্য কর্ত্তব্য যে কায়-मत्नावारका जी-शिकात उँ भार धारान करतन; যাহাতে এতদ্দেশীয়া বরাজনারা অজ্ঞান-তিমির-হুইতে উদ্ধার প্রাপ্ত হন তাহার উপায় করেন; এবং মাতা ভাৰ্য্যা দুহিতা প্ৰভৃতি আপন আ-পন অন্তরঙ্গদিগের মানব নাম সার্থক করিতে ব্যগু হয়েন। সমালোচনের প্রসিদ্ধ লক্ষণ এই যে অপক্ষপাত-হৃদয়ে উৎকর্ষের প্রশংসা ও অপ-কর্ষের দোষ প্রদর্শন করা, এবং যেছেতু মনুষ্যকৃত कान পरार्थरे निर्दायी रहेट भारत ना, मूजता॰ সমালোচন করিতে হইলেই গুণ ও দোষ উভয়েরই উল্লেখ করা আবশ্যক হয়। নবীনা গ্রন্থকা-রিণীদিগের প্রস্তের তজপে দোষোদ্যোষণ করি-লে তাঁছাদের উৎসাহ-অগ্নিতে বারিসিঞ্চন করা হয়। এই নিমিত্ত তাহা সমালোচনের পদার্থ নছে বলিয়া স্বীকার করিতে হইবে। পরস্তু তাঁ-হাদিপের রচনার তাৎপর্য্য পাঠকরন্দের সুগো-চর করায় কোন আপত্তি বোধ হয়না; বর° তাহাতে ভাঁহাদের উৎসাহ বর্দ্ধিত হইতে পারে; এই বিবেচনায় আমরা এই প্রস্তাবে প্রব্নত্ত হইয়াছি।

প্রস্থ রচয়িত্রী প্রীযুক্ত বাবু দুর্গাচরণ গুপ্তের গৃহ-মেধিনী। বাল্যকালে ইহাঁর বিদ্যা শিক্ষায় নিতান্ত বিরাগ ছিল। তিনি আত্ম-পরিচয়ে স্বয়ণ কছেন

যে "আমি এক প্রকার বিদ্যা বিরোধিনী ছি-লাম।" তাঁহার স্বামার অনুরোধে তিনি বর্ণাভ্যাসে নিযুক্ত হন। এীযুক্ত গুপ্ত বাবু এই বিষয়ে এন্থারন্তে লিখিয়াছেন " গ্রন্থ রচয়িত্রার ভাষা বিষয়ে অসা-মান্য ক্ষমতার বিষয় কিঞ্চিৎ সাধারণের গোচর না করিয়া আমি ক্ষান্ত থাকিতে পারিলামনা। দ্বাদশ বর্ষ ব্য়ংক্রম পর্যান্ত ইনি বর্ণমাত্র শিক্ষা করেন নাই। পরে আমার নিকট কিঞ্চিৎকাল বর্ণ বিষয়ে উপদেশ পাইয়া, স্বয় বাঙ্গালা গ্রন্থ সমুদয় পাঠ করত, অত্প দিনের মধ্যেই যে পরিমাণে তদি-যয়ক জ্ঞানোপার্জ্ঞান করিয়াছেন তাহা অনেকে বহুকাল বিদ্যালয়ে শিক্ষকের অধান থাকিয়াও পারেন কি না সন্দেহ। সমস্ত দিবা সংসার ও স**স্তান** সন্ততিগণের কার্য্যে ক্ষেপণ করিয়া সায় কালে যে কিঞ্চিৎ অবকাশ পাইতেন তাহাতেই এক পক্ষ মধ্যে এই গ্রন্থ থানি রচনা করিয়াছেন।"

প্রস্থ রচয়িত্রী স্বয় লিখিয়াছেন, " আমি দিবা-ভাগে সাংসারিক কার্য্যাদি সম্পন্ন করিয়া সায়ণ-কালীন অবকাশ পাইয়া যৎকিঞ্চিৎ শিক্ষা করি-তাম। কিন্তু আমার অদৃষ্টবশতঃ তাঁহার (শি-ক্ষকের) আশা সম্পূর্ণ সফল হয় নাই, কারণ আমি অবকাশাভাবে কিছুই শিখিতে পারি নাই, এব° সেই জন্য এ পর্যান্ত কোন বিষয়ে হন্তক্ষেপ করি নাই। এক বার প্রভাকরে কোন একটা প্রবন্ধ লি-থিতে আমাকে আমার বন্ধুজনেরা অনুরোধ করি-য়াছিলেন, কিন্তু আমি তৎকালে এতাদৃশ দুঃদা-হসিক বিষয়ে সাহস করিতে পারি নাই, কি জানি মহৎ পদ আশ্রয় করিতে গিয়া পাছে শিথিপুচ্ছ-ধারী বায়সের ন্যায় হাস্যাস্পাদ হই। কিন্তু এক্ষণে অনেকের নিকট নিতান্ত অনুৰুদ্ধা হইয়া, অগত্যা এই বাতুলতা প্রকাশ করিতে বাধ্য হইলাম।" **बरे वार्का वाक इरेरव या श्रमजी रेक्लामवा-**সিনা বিদ্যা শিক্ষায় অতি অপ্পকালমাত্র নিয়োগ

করিয়াছেন, এবং তম্মধ্যেও যে অধিক আয়াস তিনি কছেন যে পুকে যে কাটা অক্ষর দে-রচনা-কার্য্যে প্রদেশন করিয়াছিলেন, এমত বোধ থিয়াছিলেন, কম্পোজিটরেরা তাঁহাকে কহিল হয় না। তিনি ষয় ই স্বীকার করিয়াছেন যে যে তাহা প্রন্তরিত্রীর স্বহত্তে কাটা লেখা, প্রস্তাবিত গ্রন্থ-প্রনামনের পূর্বে তিনি বন্ধুদিগের এবং শ্রীযুক্ত দুর্গাচরণ বাবু তাঁহাকে অবগত করি-অনুরোধ-সত্ত্বেও কোন সংবাদ-পত্তে একটি প্রবন্ধ য়াছিলেন যে এস্থের রচনাও তৎসংশোধন তাঁ-লিখিতে সাহসিক হয়েন নাই। ইহাতে অনায়া- হার গৃহমেধিনীদারা নিষ্পায় হইয়াছিল; ইহাতে সেই অনুভব হয় যে তাঁহার পক্ষে এন্ত রচনা তাঁহার রচনা-বিষয়ে কোন সন্দেহ নাই। পরস্ত অধিক আয়াস সাধ্য হইবেক, কারণ অভ্যাসদারাই দুর্গাচরণ বাবু এস্থারস্তে পাঠকমাত্রেরই নিকট রচনা-কার্য্যে নিপুণতার উদ্ভব হয়; সর্বশাস্ত্রে পা- ব্যক্ত করিয়াছেন, যে এন্থানি তাঁহার জায়ার রদক্ষ পশ্তিত মহাশয়েরাও—রচনায় অভ্যাস না রচনা; তাহাতেও যদ্যপি লোকের সন্দেহ ভঞ্জন রাখিলে অনায়াসে সুরচনায় সক্ষম হয়েন না। না হয়, তাহা হইলে ঐ কথা বিদ্যাবাগাশ মহা-ফলে মৃত জগন্ধাথ তর্কপঞ্চানন ও কবিবর ঈশ্বর- শয়কে কহিয়াছেন বলিলে কোন দৃঢ় প্রমাণ চন্দু গুপ্ত উভয়ে কোন এক বিষয়ে প্রবন্ধ লিখিলে হইল না। দুর্গাচরণ বাবুর অপেক্ষা নামবিহান গুপ্ত মহাশয়ের রচনা তর্কপঞ্চাননের রচনাপেক্ষা কম্পোজিটরদিগের কথা অধিক প্রামাণ্য হইতে অনেক গুণে শ্রেষ্ঠ হইত, সন্দেহ নাই। কারণ পারে না, এবং তাহা হইলেও বর্ত্তমান বিষয়ে তা-অসাধারণ ক্ষমতা-ব্যতীত গুপ্ত মহাশয়ের অহ- হারা এই মাত্র কছে যে লেখক ও সংশোধকের রহ রচনায় অভ্যাস ছিল, তর্কপঞ্চাননের তা- অক্ষর তুল্য, অতএব উভয়েই এক। ইহাতে প্রস্থ-দৃশ কিছুই ছিল না। এ বিধায় অনেকে মনে থানি স্ত্রী কি পুৰুষদারা রচিত হইয়াছে ইহা নি-করেন যে এমতী কৈলাসবাসিনা পূর্বে অভ্যাস শ্চয় হয় না। যাঁহারা পূর্ব পক্ষ করেন তাঁহারা ইহা-না করিয়া ও অপ্পেকাল মাত্র বাঙ্গালী পুস্তক ও কছিয়া থাকেন যে "শিথিপুচ্ছধারী বায়সের" পাঠ করিয়া এক পক্ষের মধ্যে ৭২ পৃষ্ঠা পরি- উপমা ও তাদৃশ অপর কএকটি উপমা উল্লেখ বঙ্গীয় মিত সুচাৰু রচনা প্রস্তুন করিয়াছেন, ইহা সন্তা- মহিলাদিগের পক্ষে সম্ভব নহে। এবং এতদেশীয় ব্য নছে। তাঁহাদিগের মনে হয় যে হয় সমস্ত জাতি ও কুলীনদিগের যে বিবরণ লিখিত হইয়াছে রচনা এীযুক্ত দুর্গাচরণ বাবুর বা তাঁহার কোন ও ইতিহাসের যে উল্লেখ আছে, তাহাও বন্ধায়া অন্য বন্ধুর লেখনী-নিঃস্ত হইবে, অথবা এমতা কামিনীদিগের পক্ষে সহজ বোধ হয় না। বর্ত্তমান-কৈলাসবাসিনী তাছার আদর্শ করিলে প্রকৃষ্ট গ্রন্থে রাজপুঞ্চিগের কন্যা-বধের স্থানে শিখ-কপে অন্যে তাহার সংশোধন ও সম্পুক্টন দিগের কন্যা-বধের উল্লেখ হইয়াছে, ইতিহাস বি-করিয়াছেন। এই পূর্ব পক্ষ এন্থ প্রকাশকের যথে তভিন্ন অন্য কোন গুরু ভ্রম দৃষ্ট হয় না; অপ মনে আদৌ উপস্থিত হইয়াছিল, এই নিমিত্ত সিক্ষিত স্ত্রীর পক্ষে ইহা অবশ্য আশ্চর্য্য। অধি-তিনি জীযুক্ত আনন্দচন্দু বেদান্তবাগীশ মহাশয়ের কন্ত গ্রন্থকর্ত্তী রচনা কার্য্য সিদ্ধ করিয়া নানাবিধ একথানি পত্র প্রকটিত করিয়াছেন। কিন্তু তা-হাতে তাঁহার অভীষ্ট সিদ্ধ হয় নাই। কারণ বে-

উপমা থাকিতে বাঙ্গালায় অপ্রসিদ্ধ "শিথিপুচ্ধা-রা বায়সের " উল্লেখ কেন করিলেন? তাঁহার মনে দান্তবাগীশ মহাশয় কিছুই সপ্রমাণ লেখেন নাই। ত অন্যের পক্ষ প্রহণ করার কোন সন্দেহ ছিল না।

পরস্ত এ বিষয়ের মামাণ্সা করিতে আমরা সমর্থ হই- ব্রম্বন্ধ নির্বন্ধ করিয়াছেন ৷ ইতিমধ্যে সেই কন্যার চরণ বাবুর কথায় সন্দেহ করিতে পারি না; অতএব আমরা গুতুথানির নাম পত্রের বর্ণনা সত্য বলিয়া স্বীকার করি,এবং পূর্ব পক্ষকারকদিগের উক্তি এস্থলে উদ্বত করাতে প্রামতা কৈলাসবাসিনার নিকট যে অপরাধা হইলাম, তাহার ক্ষমা প্রার্থনা করিতেছি।

এম্বথানির নামেই তাহার মর্ম স্পষ্টৰূপে উপ-लक रुय ; এব॰ সেই মর্ম যে হিন্দু জ্রীরাই সর্বাপেকা উত্তমৰূপে বিবৃত ক্রিতে পারেন ইহা বলা বাহু-ল্য। যাহাদিগের অবস্থামন্দ তাহারা স্বয় থে প্রকা-রে তাহার বর্ণন করিতে পারে অন্যে তাহা কদাপি সম্ভবে না। অধিকন্ত এমতা কৈলাসবাসিনা স্বজা-তীয়াদিগের অবস্থা অতি তীক্ষু নয়নে নিরীক্ষণ করি-য়াছেন,এবং আপন পরীক্ষা অতি হৃদ্যৰূপে বর্ণন ক-রিতে প্রকৃষ্টরূপে দক্ষম, অতএব তাঁহার গ্রন্থ যে আ-দরণীয় হইবে, এবং তাঁহার প্রবোচনা দেশহিতৈয়ী ও ধার্মিকদিগের উত্তেজক হইবে ইহা অবশ্য সম্ভাব্য।

গুল্বের প্রতিজ্ঞানুসারে তাহাতে হিন্দু মহিলার জন্মাবধি বৈধব্য পর্যান্ত সকল অবস্থার বিবরণ বিরত আছে। প্রথমতঃ জন্মবিবরণ ও তৎ সম্বন্ধে যে সকল নিরানন্দের চিহু প্রকাশ করা হয় তাহার विवत्न वाक चाह्य। उर्भात वानावस्रा, उर-সময়ে পিতা মাতা যে প্রকারে কন্যার বিদ্যাশি-काञ्च व्ययत्नारयात्री हरश्न, जाहात शतिशाही-वर्नन আছে। তদনন্তর কৌলিন্য-মর্য্যাদা, রাঢ়ীয় শ্রেণীস্থ कूलीन, ও कूलोनिएरांत পृष्य कन्यात विवारहत উল্লেখ আছে। শেষোক্ত প্রস্তাবে কএকটি দৃষ্টা-স্তের মধ্যে ১৭ পৃষ্ঠায় লিখিত আছে—

''সুর তরক্ষিণীর পশ্চিম-তীরস্থ এক গ্রামে ঐ ৰূপ প্রধান বংশীয় এক ব্যক্তি বাস করিতেন, তাঁহার একমাত্র ভগিনী ছিল। সেই ভগিনীর উদ্বাহের নিমিত্ত তাঁহার পিতৃষ্দার সপত্নীপুলের সহিত

লাম না, বিশেষতঃ আমরা কোন মতে প্রাযুক্ত দুর্গা- অতি সঙ্কটাপন পীড়া উপস্থিত হুইল, পরে সেই পীড়ার কিঞ্চিৎ উপশম হইলে তাঁহার পিতৃষ্ত-পতি তাঁহাদিগের আলয়ে উপস্থিত হইলেন। তাঁহাকে দেখিয়া ঐ কন্যার মাতা ভ্রাতা প্রভৃতি আত্মীয়গণ বিবেচনা করিলেন, ইহার যেৰূপ পীড়া হইয়াছিল তাহাতে বাঁচিবার সম্ভাবনা ছিল না, কি জানি আবার কোন সময়ে ইহার মৃত্যু কাল উপস্থিত হইবে, এবং ইহার বিবাহ না হওয়া প্রযুক্ত এত বড় মানটা একেবারে নপ্ত হইবে, অতএব আর অধিক বিলম্বের আবশ্যক নাই, পিশে মহাশয়ের সঙ্গেই ইহার বিবাহ দেওয়া যাক। এই ৰূপ কথাবা-র্ত্তার পর তাহারা দেই অশীতিবর্যবয়ক্ষ বরকে বি-বাহের কথা জ্ঞাপন করিল। তাহাতে সেই বর অতি-শয় বিরক্ত হইয়া বলিল, আমার সহিত বিবাহ দিও না,আমারসহিত বিবাহ দিয়া মেয়েটাকে কেন একে-বারে নষ্ট করিবে? আমার পুলকে আসিতে আজ্ঞা করিয়াছি তিনি শীঘ্রই আসিবেন, তাঁহার সহিত বিবাহ দিও। কিন্তু তাহারা কিছুতেই **ক্ষান্ত হইল** না, ঐ রুদ্ধের সহিত সেই কন্যার বিবাহ দিল।"

> ত্রিকুলান দুহিতাদিগের বিবরণ সম্বন্ধে এমতা কৈলাসবাসিনী লেখেন, " এক বার শুনিয়াছিলাম, ভাগারথার পূর্বকূলস্থ কোন গণ্ড-আম-বাসিনী এক ত্রিকুল দুহিতার বিবাহ দিবার নিমিত্তে তাঁ-হার আত্মীয়গণ বহু-বর্য-বয়ক্ষ এক বরপাত্ত আন-য়ন করিয়াছিলেন। কন্যা ঐ র্দ্ধ বরকে বরণ করি-তে অনিচ্ছুক হইয়া কহিল, তোমরা বলপূর্বক আমাকে একাদশা ব্রত গ্রহণ করাইও না, আমি এই অবস্থাতেই থাকিব, আর তোমরা যদ্যপি নি-তান্তই আমার বিবাহ দিতে ইচ্ছা কর, তবে উহার পুলের সহিত বিবাহ দেও। এই কথায় তাহার বন্ধুবগ ঐ রদ্ধের সহিত তাহার বিবাহ না দিয়া ঐ রন্ধের দ্বাদশ বর্ধীয় পুঞ্রের সহিত ঐ ত্রিংশৎ

वर्षीय बाबीत विवाह फिल, अव॰ अ बाबी मिह फारन বর্ষীয় বালকের হস্ত ধারণ পূর্বক লইয়া গেল। এই ৰূপ ইহাদিগের আরও অনেক ঘটিয়া থাকে। হুগলি জেলার অন্তঃপাতি কোন গামে এক প্রধান বংশীয় ত্রিকুল কন্যা ষড়বিংশতি বর্ষ বয়স পর্য্যন্ত অবিবাহিতাবস্থায় অবস্থিতি করিয়া পরে এক দিন তাছার মাতাকে কহিল, তুমি যদ্য-পি আমার বিবাহ না দেও, তবে আমি কুপথ-গামিনী হইব। কিন্তু তাহার মাতা বলিল, আমি এৰূপ দুঃসাহসিক কৰ্মে প্ৰব্ৰত্ত হইতে পাৱিব না। তোমার বৈমাত্রেয় ভাতৃগণ আমার প্রতি অতি-শয় মন্যু করিবেন ও তাঁহাদিগের কুল একেবারে ক্ষয় ছইবে, কারণ আমাদিগের সদৃশ ঘর প্রায় দেখিতে পাওয়া যায় না; আমি তোমার নিমিত্ত এত বড় কুলটা একেবারে নষ্ট করিব? এবং সেই কুল-নাশ-দোষে দৃষিত হইয়া পরলোকে নিরয়-গামিনা ও ইহলোকে কুলনাশিনা নামে বিখ্যাত হইব ? তুমি যাহা ইচ্ছা তাহাই কর । উহার মাতা **बर्ड कथा विनिया काल्ड इरेलन, शर्दा लाक शद-**ম্পরায় ঐ কথা ব্যক্ত হইলে সেই গ্রামস্থ কতিপয় ভদ্র সম্ভান একত্রিত হইয়া তাহার বিবাহ দিবার জন্য বর অস্বেষণ করিতে লাগিলেন। পরে বংশ-বাটাস্থ কোন ভদ্র গৃহত্তের দৌহিত্রকে প্রাপ্ত হইয়া তাহার সহিত ঐ কন্যার বিবাহ দিলেন. কন্যার মাতা মাতামহ আশ্রমে বাস করিতেন। তাঁহার মাতার মাতুল ঐ বিষয়ে অতিশয় ৰুষ্ট হইয়া উভয়কে আপন আলয়হইতে দূরীভূত করিলেন, ভাহাতে যাহারা ঐ কন্যার বিবাহ দিয়াছিল তা-হারা ঐ কন্যাকে লইয়া তাহার স্বামির নিকট রাখিয়া আসিল। এই ঘটনার কিছু দিন পরে সেই কন্যার বৈমাত্রেয় ভ্রাতা এক বরপাত্র ও এক ঘটক সমভিব্যাহারে লইয়া চট্টগ্রামহইতে আগমন করিলেন, তদ্ভে ঐ কন্যার মাতা বিষম বিপদে[।]

পতিত হইলেন, এবং উহাকে কি বলিয়াই বা উত্তর প্রদান করিবেন? তাহা চিন্তা করিতে লাগিলেন। रेंजि मर्था जे कन्याकर्जी किन्द्रामिरनन, माजः, ভগিনী কোথায়? তিনি বলিলেন সে শ্বশুরালয়ে আছে, এই কথা শুনিবামাত্রই তিনি একেবারে হুতাশনের ন্যায় জ্বলিয়া কহিলেন, কি ভগিনী শশুরালয়ে? তাহার বিবাহ কে দিল? হা! কে আমার সর্বনাশের হেতু হইল, কেই বা আমাদি-গের জীবন স্বৰূপ এই কুলরত্ব একেবারে নষ্ট कतिन ? এই क्र नानाविध विनाश ও क्रांत এমত করাঘাত করিতে লাগিলেন যে তাহা দর্শন বা শ্রবণ করিলে সকলেরই অত্যুপাত হয়। পরে তাঁহাকে সাস্তুনা করিবার নিমিত্ত্ সকলে নানাবিধ প্রবোধ বাক্যদারা বুঝাইতে লাগিল, কিন্তু তিনি কিছুতেই প্রবোধ না মানিয়া বরণ বারণবার ইহা বলিতে লাগিলেন, তোমরা আমার ভগিনীকে আ-নিয়া দেও, আমি পুনর্বার তাহার বিবাহ দিয়া কুল রক্ষা করিব। এই কথা শ্রবণ করিয়া সকলে কহিলেন, তাহা কি প্রকারে হইতে পারে? যাহার এক বার বিধিপূর্বক বিবাহ হইয়াছে আবার কি প্রকারে তাহার বিবাহ দিবে? তাহা কথনই হইতে পারিবে না ৷ তথন তিনি নিৰুপায় হইয়া কহিলেন, তবে তোমরা তাহার মৃত্যু সংবাদ লিখিয়া দেও, আমি স্বদেশে প্রচার করিব যে আমার ভগিনীর মৃত্যু হইয়াছে, ভাঁহারা তাহাতেই সমত হইলেন।"

অতঃপর মুখ্য কুলান ও বংশজদিগের জাতি-ভেদের নিন্দা, বাল্য-বিবাহ, কামিনাদিগের শশুরা-লয়ের অবস্থা, নব বধূদিগের প্রতি শ্বশ্রুগণের আচ-রণ, ভাতৃজায়া ও ননদের প্রতি আচরণ, ধনাঢ্য মহিলাদিগের অবস্থা, পরিণয়, বিদ্যাভ্যাস, স্বাধী-নতা, ও বৈধব্য যন্ত্রণা বিষয়ে অনেক সদুক্তি আছে, তৎপাঠে পাঠকরন্দ অবশ্যই তৃপ্ত ও সৎকর্মে উত্তেজিত হইবেন, সন্দেহ নাই।

রহ্স্য-সন্দর্ভ


নাম

পদার্থ-সমালোচক মাসিক পত্র।


১ পর্ব ১০ খণ্ড।]

কার্ত্তিক; সংবৎ ১৯২০।

[বার্ষিক অগ্রিম মূল্য ২ টাকা।



क्वि-विषय़-शुक्रभाग।



ই প্রস্তাবের নিম্নে আমরা এক থানি
পত্র প্রকটিত করিলাম; উহা ভারতবর্ষীয় সভার বিজ্ঞতম সম্পাদক শ্রীয়ুক্ত বাবু যতীন্দুমোহন ঠাকুর বন্ধদে-

শীয় জমীদারদিণের নিকট প্রেরণ করিয়াছেন।
তাঁহার প্রার্থনা এই যে সম্প্রতি এতদেশের মহামান্য প্রীযুক্ত লেক্টেনেণ্ট গবরনর যে কৃষি বিষয়প্রদর্শন নামে এক মহাব্যাপারের অনুষ্ঠান করিয়াছেন, তাহাতে জমীদারেরা যথাযোগ্য উৎসাহ প্রদান করেন। এই উৎসাহ প্রদান করা
যে অবশ্য কর্ত্তব্য তাহা কথিত পত্রে অতি স্পান্ত
কাপে ব্যক্ত আছে, অতএব আমাদিণের পক্ষে
তামিষত্ত অধিক আয়াস করিবার প্রয়োজন
নাই। এতদেশের আবাল-রদ্ধ সকলেই জ্ঞাত

चाह्न, य कृषि-कार्याई ভারতবর্ষের সমস্ত সম্পত্তির এক্মাত্র আকর;, তাহা-হইতেই ভার-**एवर्य श्रीक्रमालो विलया मई** विश्रां **ए**३-য়াছে। এতদেশে সুবর্ণের থনি নাই, ও রৌ-প্যেরও আকর নাই। এখানে প্রচুর-পরিমাণে লৌহ পাওয়া যায় না, এবং তাত্র ও সীসক ও রাঙ অত্রত্য প্রদিদ্ধ থনিজ দ্রব্য নহে। এত-দেশে কয়লার থনি অনেক আছে; কিন্তু বিলাতে य পরিমাণে কয়লা প্রতিবর্ষে খাত হইয়া থাকে, এতৎ স্থানে তাদৃশ হয় না, সুতরাং কয়লা বিক্রয় করিয়া ভারতবর্ষ ধনবন্ত হইতেছে না। দক্ষিণ দেশের গলকগুা-প্রদেশে অনুপ্রেয় উত্তম হারক আছে, কিন্তু ছীরক বিক্রয় করিয়া কোন দেশ जेश्वर्याभानी इरेट भारत ना, कातन होतक वन-कात्रमाञ—व्यवभार-প্रয়োজনীয় দ্রব্য নহে, তাহার ক্রেতা প্রতিসহত্রে এক ব্যক্তি পরিগণিত হইতে পারে, এব° তাহার পক্ষেও ঐ হারক অহঙ্কার-দ্যোতক হয়, কদাপি দেহ-পোষক নহে। পরস্ত ভারতবর্ষে রজত-কাঞ্চনাদি ধাতু না থাকায় কোন ক্ষতি হয় নাই। তাহার ক্ষেত্রে যে শস্য উৎপন্ন হয়, তাহার সাহায্যে প্রতিবর্ষে অনেক খনির রজত-কাঞ্চন এতদেশে আসিয়া থাকে। স্বর্ণোৎপাদন বিষয়ে এই ক্ষণে অন্তেলিয়া দ্বীপ সর্বাপেক্ষা প্রসিদ্ধ; তথায় প্রায়ঃ আট কোটি টাকার স্বর্ণ প্রতিবর্ষে থাত হইয়া থাকে। তাহাহইতে অধিক বা তাহার তুল্য পরিমাণে স্বর্ণ কুত্রাপি থাত হয় নাই। পরস্ত ভারতবর্ষের শদ্যের সহিত তুলনা করিলে ঐ স্বৰ্ণ কি যৎসামান্য বোধ হয়? অনুমিত হইয়াছে যে এক ভূলার নিমিত্ত বিলাতহইতে এই বৎসর ৪০ কোটি টাকা আসিবেক, সূতরাও তুলা অস্ত্রে- ভূমির আঁচড়ানমাত্র নিষ্পায় হয়; তৎপরিবর্ত্তে লিয়ার স্বর্ণ অপেকায় ৫ গুণ শ্রেষ্ঠ হইল। অপরা- হাউপুষ্ঠ রহৎকায় বলবান র্ষ পাইলে ক্যকেরা পর জব্য দেখিলে এই ৰূপ শ্রেপ্ততা অনুভূত হয়। এক যুগ র্যের সাহায্যে অনেক ভূমি উত্তমৰূপে অতএব যে কোন প্রকারে এতদেশের কৃষি-কার্য্যের কিষিত করিতে পারে, তাহাতে ব্যয়েরও লাঘব

উন্নতি হয়, তাহার চেষ্টা দেশহিতৈষিদিগের অবশ্য কর্ত্তব্য; তাহাতে দেশের যে ৰূপ মঞ্চল হইবে, তাহা অপর কোন উপায়ে সম্ভাবিত নছে। এই নিমিত্তই আমাদিগের বিজ্ঞতম লেফ্টেনেণ্ট গবরনর শ্রীযুক্ত বাডন্ সাহেব প্রজার হিত-সাধনে নিবিষ্ট হইয়া কৃষি-কাষ্য্যের উন্নতি-সম্পাদনে তৎ-পার হইয়াছেন; এবং তাঁহার মঙ্গলচেষ্টা যে সুফল-বতা হইবে, তাহার সন্দেহ নাই। নানা-কারণ-বশতঃ এই ক্ষণে ভারতবর্ষের কৃষি-কার্য্য দুর্দশা-প্রস্ত হইয়াছে। অন্যত্র যে পরিমিত ভূমিতে যে পরিমাণে শদ্য উৎপন্ন হয়, এ স্থানে তাহা হই-তেছে না। লাঙ্খল মই নিড়ান কান্তে প্রভৃতি প্রচ-निত यञ्ज वर्ष्टकान रहेन य करण निर्मिष्ठ रहेज, এই ক্ষণেও সেই ৰূপে প্ৰস্তুত হুইতেছে, কোন মতে सोध्रव **धार्थ इ**ग्न नाहै। विनाज ध्रज्ञि परम প্রত্যহ ঐ সকল যন্ত্রের উন্নতি সিদ্ধ করাতে তথায় তৎসমুদয় যে প্রকার কর্মোপযোগী হইয়াছে, এথানে তাদৃশ হয় নাই, সুতরাং এথানকার শস্তে যে কর্ম অনেক প্রযত্তে সিদ্ধ হয়, অন্যত্ত তাহা অনায়াদে নিষ্পান্ন হয়। ঐ বিদেশীয় শস্ত্র मकन এতদেশে আনীত হইলে, বা এতদেশীয় যন্ত্র তজপে নির্মিত করিলে অনেক শ্রমের লাঘব हरेट পाরে, এব॰ শ্রমের লাঘব हरेटनरे खবा অপ্প নৃল্যে উৎপন্ন হয়, এবং তাহা বিক্রয়ে অধিক লাভের সম্ভাবনা। অপর কিয়ৎকাল অবধি বন্ধ-দেশে গোৰুর অত্যন্ত দুর্দশা হইয়াছে। পু॰ গো সকল এমনি কুজ ও দুর্বল হ**ইয়াছে, যে তাহারা** প্রায় হলাকর্ষণের অযোগ্য বোধ হয়। ফলে তা-হাদিগের সাহায্যে যৎসামান্যৰূপে অতি অপ্প

হয়, এবং শদ্যেরও আধিক্য সম্ভবে। ঐ হাষ্টপুষ্ট হইতে তাহার চতুর্গুণ দুখা পাইতে পারেন। কলে র্ষ প্রাপ্ত হওয়া দুক্ষর নহে, বিদেশীয় উত্তম র্ষ এক র্যের প্রসাদে যে,এই ক্ষণে দশটা গৰু রাখিয়া এতদেশে আনাইয়া এতদেশীয়া গাভীতে তাহার বৎস উৎপাদন করাইলে অনায়াসে উত্তম রুষ প্রাপ্ত হওয়া যায়। মনে কৰুন যদ্যপি ভূম্যধিকা-রীরা প্রত্যেকে দুই শত টাকা ব্যয় করিয়া এক এক গ্রামে এক একটি বিলাতী বা নাগোরী অথবা হ্রিয়ানার রুষ আনাইয়া রাথেন, তাহা হইলে দশ বৎসর মধ্যে প্রত্যেক গ্রামে দশ সহস্র রহৎবলবান্ প্রগাঢ়-শ্রম-সহিষ্ণু রুষ উৎপন্ন হইতে পারে। রুষ যে কি পর্যান্ত উত্তম হইতে পারে, তাহা অপুনা অনেকের জ্ঞান গোচর নছে। প্রস্তাবিত প্রদর্শন ব্যাপারে বিদেশায় উত্তম রুষ দেখিলে তাঁহাদের म खान लां इहेर्त, अव॰ जाहा इहेरलहे मम्बू क्षान-শীল ভূম্যধিকারীরা অবশ্য আপন২ গ্রামে বি-(प्रभीय वय लहेशा याहेटच প्रायज्ञवान् इहेटवन ।

ঐ রুষের মাহাত্ম্যে এতদেশীয় গাভীরও সম্যক্ উন্নতি হইতে পারিবেক। এই ক্ষণে পল্লাগ্রামস্থ অনেক গাভী প্রত্যহ এক পোয়া পরিমাণ দুগ্ধ দি-তেও অক্ষম, এবং তাহাদের ক্ষাণ দুর্বল থর্ব অস্থি-চর্মসার দেহ দেখিলে ঐ এক পাদ দুখা পাওয়াও সম্ভব মনে হয় না। বিদেশীয় র্যের সাহায্যে তাহা-দের অপত্য হৃষ্টপুষ্ট ও দীর্ঘকায় হইলে তাহারা এক পাদের পরিবর্ভে অনায়াদে পাঁচ সাত বা দশ সের দুপা দিতে পারিবেক। বিলাতে অনেক গাভী প্র-ত্যহ বি॰শতি সের দুখা দিয়া থাকে। আমরা অনেক বিলাতী গাভীকে যোড়শ সের দুগ্ধ দিতে দেখি-য়াছি। উত্তর-পশ্চিমাঞ্চলের নাগোর ও হান্সী-প্রদেশের গাভী অক্রেশে দশ বা বার সের দুঞ্চ দেয়। তাছাদের বৎসতরীও তজপ দুখাবতী হইয়া थारक। करन य अङ्गाता अहे करन मन्गि गरक রাথিয়া ২৷৷০ সের দুখা প্রাপ্ত হন, তাঁহারা প্রামে একটা ছান্সী বা নাগোরী র্ষ থাকিলে একটা গত্ত- সপ্তাছ ব্যাপিয়া এক রহৎ কৃষিকার্য্যের প্রদর্শন-

্থাত সের দুখো অপত্য প্রতিপালনে অক্ষম, সে প্রত্যহ ১।। বা ২ মণ দুখা পাইয়া ধনাত্য হইতে পারে। দেড় বা দুই শত টাকা ব্যয় করিলে এক আমের সমস্ত প্রজা ঋদ্ধিমস্ত হইতে পারে, ক্ষেত্রের শস্য দ্বিগুণিত হইতে পারে, এব॰ ভার-ব**হনে** वनीवर्ष मकन वर् व्याप्त (अप्त इरेट शास्त्र। ভদ্র জমীদার এমত কে আছেন, যিনি এই স্বন্ধা ব্যয়ে আপন্থ অধিকারের এতাদৃশ উপকার সিদ্ধ করিতে বিমুখ হইবেন?

অপর গো-বিষয়ে যাহা উক্ত হইল, মেষ-বিষয়ে তাহার অনেক প্রয়োগ হইতে পারে। १० বৎসর হইল, অস্ত্রেলিয়া দ্বাপে একটি মাত্র মেষ ছিল না। ই°রাজেরা তথায় প্রথম মেয লইয়া যান।সেই মেষের প্রভাবে এই ক্ষণে তথাহইতে প্রতিবর্ষে দুই কোটি টাকার লোম বিলাতে প্রেরিত হইতেছে। এতদেশে মেষের উন্নতি সিদ্ধ করিলে সেই ৰূপ कन नाज इरेदा, रेहाटा मत्मह कि?

বঙ্গদেশে উত্তম অশ্ব প্রায়ঃ নাই। অত্রত্য দলচরী কেরাঞ্চার টাটুদ্বারা কৃষি কার্য্যের কোন উপকারই সিদ্ধ হয় না। বিবেচনা-পূর্বক দেশীয় অশ্বীতে বিলাতী অশ্বের শাবক উৎপাদন করা-ইলে তাহা হল-কৰ্যণাদি নানা কৰ্মে বিশেষ উপ-যোগী হইতে পারে। অন্যান্য জীব-বিষয়েও এই প্রকার উল্লেখ করিতে পারা যায়, কিন্তু প্রস্তাব-বাহুল্য-ভয়ে এই স্থানে ভারতবর্ষীর সভার পত্র-থানি প্রকটিত করিয়া আমাদিগকে ক্ষান্ত হইতে হইল। উক্ত পত্র যথা—

"বহুবিধ-সন্মান-পূর্বক-নিবেদনমিদ । গ্রীযুক্ত লেফ্টেনেণ্ট গবর্ণর বাহাদুরের উৎসাহ ও উদ্যোগে আগামি জানুয়ারি মাসে আলীপুরে

व्याभात हरेत। ভाরতবর্ষের কৃষিকার্য্যের উৎসাহপ্রদান এব॰ উত্নতি-সাধন করাই উক্ত প্রদর্শনব্যাপারের প্রধান তাৎপর্য্য। আপনাদিগকে উহার
তাৎপর্য্য অবগত এব॰ উক্ত প্রদর্শন-স্থলে আহ্বান
করণার্থে উক্ত গবর্ণর বাহাদুর ভারতবর্ষীয় সভাকে
এব॰ লোয়ার প্রবিন্সের কমিসনরদিগকে যে পত্র
লেখেন, উক্ত দুই পত্রেরই অনুবাদ এতৎ পত্রসহ
প্রেরিত হইতেছে; পাঠ করিলে তম্মর্ম অবগত
হইতে পারিবেন।

কলতঃ কৃষি বিদ্যার উন্নতি সাথনই যে ভারত-বর্ষের প্রীর্জির নিদান, সে বিষয়ে কোন ব্যক্তিরই দক্ষা জিলান নাই; কিন্তু একণে এ করিতে পারিবার জ্ঞান লাভও আশা প্রাপ্ত হইরা বহিয়াহে, তাহা মনে হইলে এবং অন্যান্য পারিতোবিক-লোভে প্রদর্শন-স্থলে দ্রবেণা করিয়া দেখিলে মনেশান্নতিচিকীর্মু লোকর মনে অবশ্যই লজ্জাও ক্ষোভের উদয় হয়, সন্দেহ নাই। দয়াবান্ লেফ্টেনেণ্ট গবর্ণর কেবল ওদেশের কৃষি-বিদ্যার এই দুরবস্থা দূর করিবার উদ্দেশের প্রভাবিত প্রদর্শন-ব্যাপারের অনুষ্ঠান করিয়াছেন, অতএব আপনারা তাঁহার উক্ত মহৎ উদ্দেশের সহকারিতা করিয়া মনেশের প্রান্থন বর্জন বর্

উক্ত প্রদর্শন-স্থলে বাঙ্গালা ও অন্যান্য দেশজাত গো বৎস অশ্ব মেষ মহিষ প্রভৃতি নানা প্রকার জীব জন্তু এবং বিভিন্নপ্রকার ফল শস্য ও
কৃষিকার্য্যোপযোগা বহুবিধ যন্ত্র সম্ভৃহীত হইবে।
যে ব্যক্তি সর্বোৎকৃষ্ট গো কি মহিষ ও মেষাদি প্রদর্শন করাইতে পারিবে, কি যে কৃষক সর্বাপেক্ষা
উৎকৃষ্ট ফল কি শস্য আনিয়া ঐ প্রদর্শন-স্থলে
উপস্থিত করিবে, তাহারা আপন ২ যোগ্যতা ও
পরিশ্রমের উপযুক্ত পুরক্ষার প্রাপ্ত হইবে। আপ-

নারা দ্বীয় ২ অধিকারস্থ প্রজাদিগকে ইহা অবগত করিয়া উৎসাহ প্রদান পূর্বক তাহাদিগ-দারা উৎকৃষ্ট শাস্য উৎপাদন করাইয়া উক্ত প্রদর্শনস্থলে প্রেরণ করিবেন, অথবা সমভিব্যাহারে লইয়া আ-मिर्दन। वहे श्रम्भन-वर्गभारतत वहे श्रथम मृब, हेशां य भक्त क्यां के कि कार्या हहेशा जूना-ৰূপ পারিতোষিক লাভ করিতে পারিবে, তাহার সম্ভাবনা নাই বটে, কিন্তু তজ্জন্য তাহাদিগের নি-ৰুৎসাহ হওয়া উচিত নহে। যাহারা পারিতো-যিক না পাইবে, তাহারা অন্য দেশের পারিতো-ষিক যোগ্য উৎকৃষ্ট উৎপন্ন বস্তু দেখিয়া তজ্ঞপ করিতে পারিবার জ্ঞান লাভও আশা প্রাপ্ত হইয়া অধিকতর উপকৃত হইতে পারিবে। অতএব কেবল পারিতোষিক-লোভে প্রদর্শন-স্থলে দ্রব্যাদি প্রেরণ করিয়া নিশ্চিন্ত থাকা কর্ত্তব্য নছে। উক্ত প্রদর্শন স্থলে কৃষকদিগের মহ উপস্থিত হওয়া উচিত। উপস্থিত হইলে আপন অপেকা অন্যের উৎপন্ন উৎকৃষ্টতর দ্রব্যাদি দেখিয়া উভয় বস্তুর আপে-স্থলে যদি প্রামের অধিকাংশ প্রজার উপস্থিত হওয়া সৰ্বতোভাবে সহজ ও সাধ্য না হয়, তত্ৰাপি বুদ্ধিজীবি প্রজারও এ ব্যাপারে উপস্থিত হওয়া নিতান্ত আবশ্যক। তাহা হইলেও লেপ্টেনেণ্ট গবর্ণর বাহাদুরের অনেক অভিলাষ পূর্ণ ও কৃষক-দিগের মঙ্গল সিদ্ধ হইতে পারিবে। এই বিবেচনা করিয়া মহাশয় স্বীয় ও অন্য ২ অধিকারের প্রজা-লোকদিগকে সঙ্গে লইয়া এই ব্যাপারে উপস্থিত হইয়া কৃষিকার্য্যের উৎসাহ প্রদান করিবেন। ইহা-তে যে কেবল লেক্টেনেণ্ট গবর্ণরের অনুরোধ রক্ষণ এবং প্রদর্শন-দর্শনে নিজ ২ কৌতৃহল নিবা-त्र इट्रेंद, अक्स नरह; ट्रेड्राट व्यन्क डेशकांत्र

রাজস্ব সমূহ করিয়া রাজাকে প্রদোন করা জ্মী-দারের একমাত্র কর্ত্তব্য কার্য্য নছে। যাহাতে রা-জ্যের কৃষিকার্য্যের উন্নতি হইয়া প্রজার মন্ধল হয়, জনীদারদিগের সর্বতোভাবে তাহার যত্ন করা विष्या क्रमोनादाता श्रकात उपश्वचरणागी; প্রজার মঞ্জল হইলে অবশ্যই জমীদারও তাহার কুশলভাগী হইবেন, ভাহাতে আর সন্দেহ কি? অতএব যাহাতে উপস্থিত ব্যাপারে আপনাদি-গের স্ব২ ভাষিকারস্ত প্রজা লোকের সমাগন হইয়া কৃষিকার্য্যের উৎসাহ্ন প্রদান করা হয়, আ-मारिशित अहे अकाछ निद्यम्म, अव॰ लिक्टिनिष्टे গবর্ণর বাহাদুরেরও এই প্রধান ভাৎপর্য্য ইতি।

> मण्याप्तक्रमा । ্রীবতীন্দুমোহন ঠাকুর।"

শঙ্গন-ভরজ 1

নেক ইয়ুরোপীয় লেখক জম-ক্ৰমে এৰূপ পৰীবাদ দিয়া থা-কেন যে বাস্থালী জাতি কৃত-জ্ঞতারসভ্র নহেন। তাঁহারা 🕏 ভীক্ষভাব এব° প্রবঞ্চ। ভাষায় কৃতজ্ঞতা ধর্ম-বিজ্ঞাপক তাঁহাদিগের শব্দ পর্য্যন্ত নাই। যদিও অধুনা ইয়ুরোপীয়-দিগের সহিত এতদেশীয় লোকের পূর্বাপেকা সমধিক আলাপ পরিচয়ে উল্লিখিত ভান্তির কথ-ঞিৎ অপসরণ হইয়াছে, তথাপি অদ্যাপি বা**ন্না**-লী জাতির চরিত্রকালনের সম্গুণ উপায়ানুষ্ঠান হয় নাই, ইহাও সামান্য পরিভাপের বিষয় নহে। বস্তুগত্যা বান্ধালীরা যে সম্পূর্ণকপে উপরি উক্ত অভিযোগ-পঙ্ক-হইতে নির্মুক্ত তাহাও আমাদিগের প্রতিপাদনীয় নহে। বহুকাল-পর্যান্ত পরপীড়িত আবর্ত্ত ছিল। রাজা কৃষ্ণচন্দু রায়ের সভাসৎ

হুইবার সম্ভাবনা। কেবল প্রজার নিকট্ছইতে। পরাধান জাতি ক্ষোভানলে পরিদথা হুইলে যে नकल भाननिक नम् ७१ मद्या थई रुहेश शर्फन, वा-সালীরা তাহাই হইয়াছেন, ইহাতে কিছুই প্রকৃতির বিপর্যায় দৃষ্ট হয় না। তবে তাঁহাদিগকে সম্পূর্ণ-ৰূপে অফু হজ্ঞ, ভীৰু এবং প্লেবঞ্চক বলিয়া বিখ্যাত করাতে মত্যের অপাহ্নব হয়। সময়-ভেদে এবং পাত্রভেদে বাঙ্গালিদিগের মধ্যে এলপ সুকৃতজ্ঞ সুসাহসিক এবং সভ্যপারারণ লোক সকল দৃষ্ট হইয়া থাকেন, ঘাঁহারা ধরাতলন্ত পুরুষার্থ-পরারণ প্রা**ধান** প্রধান জাতিদিগের স্থাঘা এবং গৌরবের আধার হইতে পারেন। খাঘানতা বা খতন্ত্রতা, সকল সদৃত্তি এবং ঋদ্মির বীজস্বৰূপ, তদ্বিরহে মানসিক ক্ষতির সম্ভাবনা নাই। মানসিক ফুর্টির অভাবে মনোমধ্যে সভাবমূলা প্রেক্তি কিন্ধপৈ অবতার্শ হইতে পারে? মত্য বটে মুনলমানদিগের অধিকার-সময়ে প্রকৃতপক্ষে একদেশীরদিগের কোন প্রকার স্বাধীনতা ছিল না, সত্য বটে নোগল পাঠানদিগের দৌরাত্ম্যের অবশেষ ছিল না, সত্য বটে লোকের জাতি, কুল, মান এবং সম্পত্তি গ্রন্থতির কিঞ্চিমাত্র নিৰ্বিত্বতা ছিল না, কিন্তু এক কথা অবশ্যই স্বী-কত্তব্য, তাহাদিণের অধিকার-কালে এতদেশীয় জনগণ নধ্যে যাহারা বাহুবলে বা বুজিবলে সামা-জিক প্রাধান্য লাভ করিত, ভাহানা স্বাধীনতার সুথানুভবে বঞ্চিত থাকিত না। আমরা সেই সকল লোকের আখ্যানে বল বীঘ্য সাহস এবং সুপ্রতি-জ্ঞতা প্রভৃতির উদাহরণ প্রাপ্ত হইয়া থাকি। সক-লেই অবগত আছেন মুসলমানদিগের রাজ্য-সময়ে এই ক্ষণকার ন্যায় সুশাসন এবং সদিচার ছিল না, সুতরাণ দূর-দূর স্থিত সম্পান ভূম্যবিকারিগণ স্বে-চ্ছাচারী ভূপালদিগের ন্যায় কর্ত্তর ধারণ করি-তেন; কলতঃ তাঁহাদিগের স্বাধীনতা নিরবছিয়-প্রবাহে বহিত না, তাহাতে মধ্যে মধ্যে উদ্বেগের

সুপ্রসিদ্ধ কবির নিম্নেদ্ত লিপিতেই তাহা সপ্র-।
মাণ হইবেক, যথা-—

"মহাবদ্ জক্স তাঁরে ধরে লয়ে যায়।
নজরানা বলে বার লক্ষ টাকা চায়।।
লিখে দিল সেই রাজা দিব বার লক্ষ।
সাজোরাল হইল সুজন সর্বভক্ষ।।
বগিতে লুঠিল কত কত বা সুজন।
নানা মতে রাজার প্রজার গেল ধন।।
বদ্ধ করি রাখিলেক মুরশীদাবাদে।
কত শত্রু কত মতে লাগিল বিবাদে।।"

সৃক্ষরণে বিবেচনা করিয়া দেখিলে ৩—৪ শত বৎসর-পূর্বে ইয়ুরোপ-খণ্ডের নানারাজ্যে ব্যারণ উপাধিবিশিপ্ট রাজন্যেরা যেরূপ ক্ষমতায় স্ব স্ব অধিকার মধ্যে প্রভুত্ব করিতেন, অথবা ওয়াজিদ আলীর সময়ে অযোধ্যার তালুকদারেরা যেরূপ প্রোধান্য রাখিতেন, মুসলমান নবাবদিগের অধিকারে বাঙ্গলা-দেশের প্রাচীনতম প্রধান ভূম্যধিকারিগণ তজ্ঞপ স্বাধীনতায় কালহরণ করিতেন। তাঁহাদিগের নিবসতি-স্থান সকল পরিথাপ্রাকারাদি-বেন্থিত রাজান্তালিকাবৎ ছিল। তাঁহাদিগের ঐশর্যের আড়ম্বর ভারত্চন্দু রায় কথঞ্চিৎ বিরত্ব করিয়াছেন। যথা—

"করমানী মহারাজ মনসবদার।
সাহেব নওবং আরকানগোই ভার।।
কোঠায় কাজুরা ঘড়ী নিশান নৌবং।
পাতশাহী শিরপা সুলতানী সুল্তনং।।
ছত্র দপ্ত আড়ানী চামর মোরছল।
শরপেচ মোরছা কলগী নিরমল।।"
ইত্যাদি।

পরস্ক এ কথাও অপ্রকাশ নাই নবদ্বীপের রাজ-বংশ তাদৃশ প্রাচীন নহে; জাঁহাগীরের সময়ে তাঁ-হাদিগের সৌভাগ্য-সূর্য্যের প্রথমোদ্দীপন হয়। বাহালা দেশে তদপেক্ষা প্রাচীনতম ধনী মানী

পরিবার অনেক বর্ত্তনান ছিলেন, কিন্তু ভাগীরথীর পূর্বপার্শ্বে সে সময়ে তাদৃশ আঢ্য লোক বর্ত্তমান ছিলেন না। উক্ত প্রদেশের মৃত্তিকা স্বভাবতই বালু-কাময় এবং উষর। ভবানন্দ মজুন্দারের বংশধরেরা বাহুবলে এবং বুদ্ধিবলে প্রায় তাহার সমুদ্য় হস্ত-গত করিয়াছিলেন। তাঁহাদিগের সৌভাগ্য-দিব-সের অবসানে এই ক্ষণে সেই বিপুল অধিকার খণ্ড বিখণ্ড হইয়া এক এক প্রকাণ্ড এবং মূল্যবান্ জমীদারী হইয়া উঠিয়াছে।

তাঁহাদিগের প্রভূষের সময় তাদৃশ সুদীর্ঘ না হইলেও তাঁহারা তমধ্যে উক্ত অঞ্চলের বহুস্থানে অট্রালিকা সকল নির্মাণ করেন, তভাবতের ভপ্প-স্থান্য অধুনা ঐহিক যাব্দিয়রের ক্ষণভন্মরুষের সাক্ষ্য দিতেছে মাত্র। এক শত বৎসরের পূর্বে সেই সকল প্রাসাদ পূর্ণাবস্থ ছিল; এক শত বৎসর পূর্বে মত্ত মাতকের নির্যোধে এবং বাজিরাজির হুষায় যে অট্রালিকা দারান্তরাল নিনাদিত হইত, এই ক্ষণে তথায় শৃগাল কুকুরের ফেৎকার রবে দিসক্ষ্যা বিরাবিত হইতেছে! যাঁহারা নবদ্বীপ জেলার অন্তঃপাতি বাগুয়ান, মাটিয়ারী, শ্রীনগর, শিবনিবাস এবং হ্রধাম প্রভৃতি স্থানে গমন করিয়া-ছেন, তাঁহারা অবশ্যই উক্ত ভপাট্রালিকা সকল দর্শন করিয়া ক্ষণকালের নিমিত্ত উদাস্যরুসে অভিভৃত হইয়া থাকিবেন।

যেৰূপ দিনকর অন্তাচল চূড়াবলম্বা হওন প্রাকালে কিয়ৎক্ষণের নিমিত্ত পরিপূর্ণ শোভা-প্রতিভা ধারণ করেন, নবদ্বাপের রাজকুলভানু তজ্ঞপ
অবস্থা প্রাপ্তির পরে অন্তগতহয়। রাজা কৃষ্ণচন্দ্রের
সময়কেই উক্ত পরিবারের প্রোজ্জ্বল সময় বলিতে
হইবেক; পরস্ত উক্ত রাজার বিয়োগের সঙ্গে সঙ্গেই
তাহার পর্য্যবসান দেখা যায়। রাজা কৃষ্ণচন্দ্র রায়
শিবনিবাসের প্রাসাদ এবং শিবালয়াদি প্রতিষ্ঠা
করিয়া বসতি করেন। যথা—

"বিএছ ত্রহ্মণ্য দেব মূর্ত্তি প্রকাশিয়া। নিবাস করিবে শিবনিবাস করিয়া।।"

শিবনিবাস কৃষ্ণচন্দ্রে অত্যন্ত প্রিয় স্থান ছিল। তাহাকে পবিত্র স্থান মধ্যে গণনা করণার্থ তাঁহার সমাক্ প্রয়াস ছিল। বোধ হয় তাঁহার সময়েই "শিব নিবাসী, তুল্য কাশী, যত্ৰ কল্পণা নদী" এই প্রসিদ্ধ পদের হৃষ্টি হইয়া থাকিবেক। রাজা কৃষ্ণ-**চ**म्बुद कोवन-हिंदि । जिथक यिष्ठ निविनियाम বর্ণনায় অত্যুক্তির আশ্রয় লইয়া থাকুন, ফলে শিব-নিবাস যে সে সময়ের বন্ধীয় হর্ম্য-রাজী-মধ্যে সর্বপ্রধান ছিল তাহার আর সন্দেহ নাই। লর্ড-বিশপ হিবর যে সময়ে উত্তর-পশ্চিমাঞ্চলে যাত্রা করেন, তথন চুর্ণীর পথে গমন করিতে শিবনিবাস দর্শন করিয়া যান। তাঁহার সময়েও যে উক্ত পুরীর কথঞ্চিৎ 🖺 অবশিষ্ট ছিল, তাঁহার বর্ণন-পাঠে এমত হৃদয়ক্ষম হয়। কিন্তু আমাদিগের পাঠকেরা যদি কেহ বিভাবনা-পরবশ হইয়া বগুলার প্টেশনে না-মিয়া শিবনিবাস দর্শনে যান, তবে অবশ্যই ক্ষোভ প্রাপ্ত হইবেন ইহা বলা বাহুল্য। শিবনিবাসের মন্দিরদ্বয় ব্যতীত এই ক্ষণে আর দর্শনযোগ্য পদার্থ কিছুই প্রত্যক্ষ গোচর হইবেক না, করাল কালের কবলে সমুদায় চূর্ণায়মান হইয়া গিয়াছে!

আমাদিগের পাঠকবর্গ উপরি উক্ত পরিচ্ছেদপুঞ্জ পাঠ করিয়া বিরক্ত হইতেছেন সন্দেহ
নাই। তাঁহারা ভাবিতেছেন প্রবেদ্ধর শিরোভাগে
'শেষ্কর-তরঙ্গ' এই পাঠ দেখিয়া কোন মনোরঞ্জন
ইতিহাস প্রত্যাশা করিয়াছিলাম। একি? ধান
ভাবিতে শিবের গাত, গণ্প কোথা? নদ্যেওয়ালা
রাজার বংশাবলা এবং পুরাতন বাড়া ঘরদারের কথা
কে গুনিতে চাহিয়াছিল? আমরা ইহার উত্তরে
কহিতেছি, আছে, আছে, গণ্প আছে, আপনারা
ধৈর্য্য ধারণ কৰুন, আপনাদিগের অস্থিরতা দেথিয়া আমাদিগের একটা কথা স্মরণ হইল,

যদ্যপি বিলম্ব দোষ মার্ছনা করেন, তবে তাহাও এই স্থলে স্বাপেবাক্যে কহি। আমাদিগের এক জন তপ্তুলায়-ভক্ত বন্ধু ভোজনের নিমন্ত্রণে গিয়াছি-লেন; আহারে বসিয়া অদ্ধা ঘণ্টা পর্যান্ত ফল মূল মিপ্তায় প্রভৃতি প্যয়ায়ক্রমে পরিবেঘিত দেখিয়া বিরক্তচিত্তে কহিয়া উঠিলেন, "ভাত কোই, ভাত নাই নাকি?" গৃহস্ত অপ্রস্তুত হইয়া তৎক্ষণাৎ কিঞ্জিৎ আন আনিয়া দিলেন। আমরা তদ্প্রাস্ত অনুসরণ করিতেছি।

শঙ্কর-তরক্ষের বিশেষ পরিচয় আমরা অনুসন্ধান করিয়া প্রাপ্ত হই নাই, রাজকবি এন্ত মধ্যে এতা-বন্মাত্র লিথিয়াছেন ৷—

''অতি প্রিয় পারিষদ শঙ্কর-তরঙ্ক।"

পরস্তু এই প্রিয়পারিষদ্টি নবীন তপস্থিনী লেখ-কের বর্ণনানুযায়ী লিনুর পীরহান পিহিত সরভাজা মোতিচুর ভক্ত মোসাহেব ছিলেন না। শঙ্কর তরস্থ জাতিতে তন্ত্রবায় ছিলেন, অথচ এই ক্ষণকার লচী-ঘণ্টে উত্তোদর বশাথ বাবুও ছিলেন না, ইহাঁর শান্তিপুরে নিবসতি ছিল; ইনি অতিশয় দীর্ঘকায় এবং বলবান পুরুষ ছিলেন; অন্তঃকর্ণ অত্যন্ত मतल ছिल; ताकात विच्छित्र मर्वना मित्रभय চতুরতা দেখাইতেন: তাঁহার বুদ্ধি কৌশলে রাজা অনেক বার অনেক বিপদহইতে রক্ষা পাইয়াছি-लन; ইহাতেই পাঠকেরা বুঝিতে পারিবেন, শঙ্কর-তরস্ক রাজার অতি প্রিয় পারিযদ্ হইবার প্রকৃষ্ট ক্ষমতা রাথিতেন। আমরা তাঁহার সাহসিক-তার কতিপয় আখ্যায়িকা শুনিয়াছি, উপস্থিত প্রবন্ধে তাহার একটি উদাহরণ স্বরূপ প্রদর্শন করা যাইতেছে।

সকলেই অবগত আছেন, রাজা কৃষ্ণচন্দু রায় অত্যন্ত তান্ত্রিক ছিলেন। তাঁহাদারাই এ দেশে জগদাত্রী পূজা প্রভৃতির প্রকাশ হয়। কথিত আছে,অধুনা দুর্গোৎস বাদিপর্বাহে বলিদানের পর ''ওমা দিগম্বরি নাচো গো রণে" ইত্যাদি পদ যে। গাইতে হুইবেক। এই স্থানের পর-পারে মাঠের मानाई यद्ध भीज इहेग्रा थात्क जाहां जीहां त রচনা। ফলতঃ তাঁহার সময়ে বাঙ্গালা দেশের সর্বত তক্রশান্তের প্রভূত প্রাদ্ভাব হইয়াছিল। পরস্ত তাঁছার সাময়িক বারেন্দু নরেন্দুের শবসাধন প্রভৃতি তান্ত্ৰিক কাণ্ডও নিহান্ত উপন্যাস নহে। সে যাহা চ্উক, মন্ত্র বা প্রকরণ বলে ইষ্টদেব তার সাক্ষাৎকার लां कता (म मगर्यत अक्टा श्राप्तान धर्मानुष्ठान ছিল। অযুক্তিগতা মতির এমনি প্রাদ্ভাব, রাজা क्षकन्द्र श्यत-तूषिकीवी मनुया इहेरल अ नर्दना अहे मकल অযৌক্তিক ভাগে বিশ্বাস রাখিতেন, এবং তাহার অনুষ্ঠানেও জুটি করিতেন না। এফদা শিব-নিবাসের বাটীতে এক অবধূত আসিয়া উপাহিত হয়, তাহার সাদ্ধ্যাকণ্বৎ অপাস্প্রভা, বিবট সিঙ্গলাক এবং প্রলম্বিত জটাভার দেখিয়া রাজার অতিশয় ভক্তি জন্মে। সহ্যোগী সভায় বসিয়া 'দেবীনাঞ্চ यथा पूर्णा वर्गाना॰ खाकारना यथा, ज्या ममस भारा-ণাণ তব্রশাজ্ঞমনুত্তমণ-্র ইত্যাদি তব্র শাত্রের মাহাত্ম্য-প্রতিপাদক শ্লোক আরত্তি করিতে লা-গিল! ইনিতে তাহার সর্বনাম প্রদায়ক অনুষ্ঠানা-দিতে আপনার পারগতা বিজ্ঞাপন করিল। রাজা তাহার বচনাবলাতে ক্রমশঃ মুঝচিত্ত হইতেথা-কিলেন। পরে সভাভন্থ-সময়ে রাজা অন্যান্য সকল লোককে বিদায় দিয়া অবধৃতকে নির্জ্জনে লইয়া গিয়া ইউদেবতা সাক্ষাৎকরণের উপায় সম্বস্থে বিবিধ প্রশ্ন করিতে লাগিলেন। সন্ন্যাসী তভাবৎ প্রশ্নের প্রত্যুত্তর প্রদানচ্ছলে কহিল, "রাজা, আপনি সম্যগনুষ্ঠানে অশক্ত; ভাক্তদিগের কথায় বিশ্বাস করিয়া যে সকল প্রকরণ করিয়াছিলেন, তাহাতে কৃতকার্য্য হওয়া সম্ভবপর নছে। আমার প্রতি যদ্যপি তোমার শ্রদ্ধা হইয়া থাকে, তবে মৎপ্রতি নির্ভর করিলে তোমার ইষ্টদিদ্ধির সম্ভা-বনা আছে। আগামি অমাবস্যা রজনীতে ঘট জা-

পশ্চিম সীমায় যে বিরল বটরক্ষ আছে, আমি সেই স্থানে বসিয়া যোগারস্ত করিব। অন্যের অজ্ঞাত-সারে তুমি তথায় নিশীথ সময়ে প্রস্থান করিবা। এক কথা অস্তঃকরণে রাখিবা, কোন ৰূপে কোন কথা প্রকাশ না পায়; এ সবল ক্রিয়ার গুহাতাই মূল; প্রকাশে ফল সিদ্ধ হয় না; আমি অদ্য বিদায় হই-লান; আমার সহিত আর এস্থানে সাক্ষাৎ হইবেক मा ; श्रूनइं व ज्यानिनीएथ धाखत इ वर्षेत्रक-उतन সাক্ষাৎ হইবেক।" অবধূতের কথা-শেষে রাজা কৃষ্ণ-চন্দু গললমীকৃতবাসে প্রণত হইলেন, এবং ভক্তি-ভাবে গদাদ হইয়া সন্ত্যালিকে বিদায় দিলেন। এই ক্ষণে রাজা যে সময়ে অবগুতের সহিত সম্বোপনে পরামর্শ করিতেছিলেন, সেই ক্ষণে সম্পূর্ণকাপে নির্ভনতা লাভ করিতে পারেন নাই। বলাবা-হুল্য ঐ সময়ে তাঁহার িয়ে পারিষদ্ শঙ্কর-তরস কৌভূহল তরজের আঘাতে পতিত হইয়া বিজনগৃহের ক্বাটস্থ ছিদ্রে শনৈঃ শনৈঃ প্রতি-প্র-স্থাপন পূৰ্বক নমুদায় গুহা মন্ত্ৰণা অবগত হইয়া-ছিলেন। তাহাতে তরঙ্গের উক্ত তরঞ্ব-রঙ্গ আরো রদ্ধি হইল ব্যতীত হ্রাস পাইল নাই। পরস্ত তিনি इंशर्डे ख्रित कतिलन, " तांका जमानमा निमीत्थ यिथात्न याउन, जामात्क मञ्ज याइत्व इइत्वक। রাজা এই সকল ভণ্ডদিগের কথায় বিশ্বাস করিয়া কোন দিন কোন বিপদে পড়িবেন, তাহার নিশ্চ-য়তা নাই। তাঁহার অনে শরীর পোষণ হইতেছে, অতএব কোন কপে তাঁহার অনিষ্ট সঙ্ঘটন হইলে প্রাণ-পর্যান্ত প্রদান করিয়া উদ্ধার করাই আমার ন্যায় আভিত জনগণের কর্ত্ব্যা শঙ্কর-তর্ত্ব এই ৰূপ চিন্তা করিয়া কএক দিবা-যামিনী যাপন করিতে লাগিলেন।

ক্রমে অবধুতের নির্দিষ্ট দিবস উপস্থিত হইল। রাজার সে দিবস চঞ্চলচিত্ত, সচকিত নয়ন এবং

চিন্তাকুল মুখভন্নী, এক জন ভিন্ন কেহই দে ভা-বের অভিসন্ধি পরিপ্রছে সমর্থ ছিল না। রাজা অন্য দিবসাপোক্ষা সে দিন সকাল সকাল সভাভম্ব করিয়া অন্তঃপুরে প্রবেশ করিলেন। নাথ-বিরহিণী যামিনী বিগলিতকুন্তলা নীলাবগুণ্ঠনবতী প্ৰবাসি-বনিতাবৎ ধীর-গমনে আগতা হইতে লাগিলেন। কঙ্কণা-পুলিনে কোক বিহুম্বা কাতরম্বরে বিরহ্-বে-দনা বিকাশ করত বিয়োগিনী নিশীথিনীর যেন মনোভাব নিনাদিত করিতে থাকিল। ক্রমে যামিনী मार्टिक्क्यायविश्रीना इहेरलन, त्राङा कोमलाखता-বলম্বনপূৰ্বক প্ৰমোদময়ী-প্ৰমদা-সভাহইতে বহি-র্গত হইয়া শুদ্ধান্তর্দার-পথে প্রস্থান করিলেন। পৃথিবী ঝিল্লীরবনিনাদিতা; কুচিৎ কৃচিৎ ন্যগ্রো-ধরক্ষ-কোটরে গম্ভাররাবী উলূকের কঠোর কটুতর চাৎকার ধনিও হইতেছে বায়ু ক্রমশঃ স্তম্ভিত হইয়া আসিল। রাজা সেই ঘননিবিড়ান্ধকারে পথপরি-জ্ঞানের উপর নির্ভর করিয়া ফ্রন্তবৈগে চরণচালনা করিতে লাগিলেন। ক্ষণকাল পরে নদীতীরে উপ-নীত হইলেন। পূর্বদক্ষেতানুসারে তথায় জনৈক কৈবর্ত্ত দ্রোণী লইয়া উপস্থিত ছিল। রাজা তদারো-হণে পরপারে অবতার্ণ হইয়া পাটনার প্রতি পুন-র্বার বিহিত-সম্বোপন নির্দেশ করিয়া বটরক্ষাভি-মুথে যাত্রা করিলেন।

আমার ঘরের লোক পাড়িত। আমাকে শীঘ্র যরে যাইতে হবে। আপনি আর,কাহার ডিফ্রী চড়িয়া পার হউন।" তরজ তচ্ছুবণে আরক্তলোচনে তরবার নিচোষ করণ-পূর্ঘক ঘোরস্বরে কহিতে লা-গিলেন, "পারে লয়ে যাবি তো চল, নচেৎ এক চোটে তোরে চূর্ণীশারী করিয়া যাই।" পা-টনী ভয়ার্ত্র হইয়া আর কথা না কহিয়া তরঙ্গকে তরঙ্গিণী-পারে লইয়া গেল। শঙ্কর নিঃশঙ্কচিত্তে বটরুক্ষ ব্যবধানে থাকিয়া দেখিলেন,অবগৃত স্থলিত-জটাভারে ব্যাঘ্রচর্মে উপবিষ্ট, সমূথে জবাকুসুম-মালায় মণ্ডিত এক ঘট, তাহার স্থানে স্থানে সিন্দূর-ঘটা, তৎসমীপে হোমকুণ্ডে সমিধ দক্ষ হইতেছে; তাহার প্রজ্ঞলনে চতুঃপার্শ্বে কিয়দূরপর্য্যন্ত নাল-লোহিতছটা বিকাৰ হইতেছে; অদূরে পশুবন্ধনীয় এবং ছেদনীয় যূপ; এক দিগে নরকপাল চতু স্তয় নিপতিত। সন্তাসী শস্ত্রমালা জড়িত বাহু, গুত-ষরে তত্ত্র-বিহিত বীজমন্ত্রনিচয় আরত্ত্রি-করণপূর্বক কুণ্ডমধ্যে শনৈঃ শনৈঃ আহুতি প্রদান করিতেছে; এক এক বার মন্ত্রপূত পুষ্পা লইয়া রাজার মন্তকে নিক্ষেপ করিতেছে; রাজা স্তম্ভিতের ন্যায় বসিয়া আছেন। কিয়ৎকাল পারে অবধূত এক নরকপাল ফলকে বাৰুণী পূৰ্ণ করিয়া উচ্চৈঃম্বরে মন্ত্রপাঠ-পরে কিয়দ শ পানান্তে রাজার হত্তে প্রদানপূর্বক পানার্থ আদেশ করিল। রাজা দ্বিক্তি না করি-या जाहा अकाशृईक शान कतिएन। मन्यामो কিঞ্চিৎ পরে পুনর্বার চসক পূর্ণ করিয়া উচ্ছিষ্ট করণান্তে রাজকরে দিল। রাজাও তাহা এহণ করি-লেন। এই ৰূপে পঞ্চ বার পানপাত্র পরিবেষিত

অতি কষ্টে উত্তর প্রদান করিয়াছিলেন, কিন্তু পরি- | স্বরে সবিশেষ রত্তান্ত জিজ্ঞাসা করিলে শঙ্কর উত্তর শেষে তাহাতে এককালে অক্ষম হইলেন। হরনেত্র-প্রায় তাঁহার অক্ষিপুওলা ভ্রেলতাভিমুখী হইয়া গেল। মুমূর্বৎ কণ্ঠাগতখাস ঘোরস্বরে বিনির্গত হুইতে লাগিল। ক্রমে সেই স্বর নিদাঘ সাময়িক মধ্যাহ্লকালীন রক্ষকোটরগত ধীরস্মীরবৎ বিলীন ; দেবতার সাক্ষাৎকার লাভার্য এই ৰূপ বিপদাপন্ন इहेबा (भन। वाक्नी यमा खब्र अटक हानाहन-বিশেষ, তাহাতে আবার গরল সংস্রব থাকা অস-ন্তব নছে, বিশেষতঃ তাব্ৰিক অনুষ্ঠান সকল স্বতই অজ্ঞানাভিভূত-করণে সম্যক্ উপযোগিতা রাথে। পাঠক মহাশয়েরা মেস্মেরিজমের ব্যাপার দৃষ্টি বা শ্রুতিগোচর করিয়া থাকিবেন, তন্ত্রবিহিত যো-গাসনপ্রভৃতির প্রকরণ তদ্বৎ মনুষ্যকে সহসা হততেত্ব করিয়া থাকে। রাজাকে এই ৰূপ জড়-তাবস্থায় পাতিত করিয়া সম্যাসী তাঁহার করযুগল দৃঢ়-রঙজুবদ্ধ করিয়া ছেদন-স্তম্বমধ্যে ভাঁহার মস্তক ञ्चाशनशूर्वक कीलक आँ हिंशा दिल, अनखत यात-নাদে বিকট মুখভঙ্গাতে মন্ত্রোচ্চারণ-করত এক শাণিত অসি নিক্ষোয করিয়া যেমন রাজার কণ্ঠ-লক্ষ্যে তাহা উত্তোলন করিবেক, অমনি পশ্চা-তিদুভরে শঙ্কর কহিলেন, "মহারাজ! তজপ দ্যাগহইতে শঙ্করতরঙ্গ উল্লন্ফনপূর্বক আকস্মিক শান্তি, দানে আমার অভিকচি হয় না। তাহাতে অশনিপতনবৎ অবধৃতের পৃষ্ঠদেশে পতিত হইয়া হীনত্ব প্রকাশ পায়। আমি এই দুষ্টের প্রাণ না তৎক্ষণাৎ এক হত্তে তাহার মণিবন্ধ ধারণ করিয়া লইয়া ক্ষান্ত হইব না।" অবগৃত সেই সময়ে সজল-অন্য হস্তদ্বারা অসি আক্ষিয়া লইলেন। সন্ন্যাসী নেত্রে আর্ড্রেরে প্রাণভিক্ষা চাহিতে লাগিল। শঙ্কর

দিলেন, "মহারাজ! এই দুরাত্মা আপনাকে হত-চেতন করিয়া ঘট সমাপে বলিদান করিতে বসি-য়াছিল, এ অধীন না থাকিলে এত ক্ষণ আপনাকে ক্তান্তপুরে প্রবেশ করিতে হইত। মহারাজ ইপ্ত অসমসাহ্সিক-কার্য্যে প্রব্রত হওয়া যুশ্মৎসদৃশ গভীরবুদ্ধি ধীর লোকের নিতান্ত বিসদৃশ বিগহিতি কার্য্য। মহারাজ! ঈশ্বর-সাক্ষাৎ-লাভ-করা এক কুছকমাত্র, ভাঁহার কফণা ব্যতীত মনুষ্যসাধ্যে তা-হার সংঘটন কোন ৰূপেই সম্ভাবিত নহে। এৰূপ ভপ্ত ভ্রস্তারী দুরাঝা লোকে দেশ পূর্ণ হইয়াছে। ইহাদিগের শাসন না করিয়া আপনার ন্যায় মহো-**দয়বর্গ যদ্যপি ইহাদিগকে প্রশ্রয় দিতে বসিলেন,** তবে আর দুষ্ট-দনন শিষ্ট-পালনের পন্থা পরিকার থাকিবে না। আপনি স্থির হউন,আমি এই থর তর-বারে এই দুর্ভের প্রাণ সংহার করি।" রাজা কহি-লেন, "শাফ্র, ত্রক্ষহত্যা করিও না, ক্ষমা কর, দুষ্টের নাসিকা কণচ্ছেদ করিয়া পরিত্যাগ কর।" তাঁহার বার-রকোদর-মূর্ত্তি দর্শনে ও ভাম-নির্ঘোষ- জিজ্ঞাসিলেন, "রে বর্ধর দুরাত্মন্! বল্ এ প্রকার শ্রবণে তথা সেই শৈলসারবৎ দেছের ভার প্রাপণে দুষ্টচেষ্টার অভিসন্ধি কি?" অবগৃত কহিল, "তবে একেবারে হতবুদ্ধি হইয়া গেল, বিশেষতঃ অক- শ্রবণ কর। আমি যোগ-বিশেষ-সাধনে প্রবৃত্ত, ন্মাৎ এ প্রকার অভবনায় ঘটনায় কম্পান্ধিত ইহাতে পঞ্চমন্ত্র্যক ব্রাক্ষণ রাজার ছিন্ন মুপ্তের কলেবর হইয়া উঠিল। শঙ্কর-তরঙ্গ তদনন্তর সেই প্রয়োজন। আমি উত্তর, পশ্চিম, দক্ষিণ এবং মধ্য অসিদারা রাজার দৃঢ় বন্ধন ছেদন-পূর্বক বহু: দেশে পরিভ্রমণ পূর্বক চারিটা দিজ ভূপালের মুপ্ত কষ্টে তাঁহাকে সচেতন করাইয়া এবং দ্বিতীয় রজ্জু- সঙ্গুহ করিয়াছি। রাজা কৃষ্ণচন্দের মন্তক পাই-षाता मन्त्रामीत्क (मह यूर्ण पृष्करण वक्षन लहे मिक्षकाम इहे जाम। এই क्रांत यामात मक्र-भ ় করিলেন। রাজা সংবিৎ প্রাপ্ত হইয়া তথন কাতর- 'বিফল হইল। আমাকেবল্পন দশাহইতে মুক্ত করিয়া

দেহ। আমি আর এ প্রকার সঙ্কটাপন্ন অনুষ্ঠানে তাহার শেষ না হইতে হইতেই মরিয়া যায় বা প্রবত হইব না।" শঙ্কর-তরম্ব তচ্ছুবণে জ্বলিতাম দারিদ্র্য-গ্রস্ত হয়, এবং বাড়ী ী অর্দ্ধনম্পন্ন অ-হইয়া কহিতে লাগিলেন, "না, না, তাহা হইবেক চুণকাম থাকে, এইটাও তদ্ধপ ছিল। ফলে এক না। তোর কথায় বিশ্বাদ কি? রে বঞ্চরাজ! জন বহুব্যয়ী ইহার আরম্ভ করিয়া দেউলিয়া তোর প্রাণদণ্ড না করিলে সমুচিত হইবেক না। হইলে তাহার ক্রৌথর নামা এক জন কুসীদপ্রিয় তোকে বধ করিলে কোন পাপ অশিবৈক না, বর॰ উত্তমর্গ ক্রয়। লইয়াছিল। সে নি হান্ত ব্যয়-জগতের উপকার-সহকারে পুণ্য-স্থ ছি হইবেক।" কুণ্ঠ অতএব বাড়ার উপরের দুই তালা যেমত এই কথা সমাপন হইতে না হইতে শঙ্কর ভপ্তযোগী অসম্পূর্ণ ছিল তজাপই রাখিয়া প্রথম তালা আ-দুরাত্মার কণ্ঠলক্ষ্যে তরবারাঘাত করণমাত্র তৎ- পনার বাসোপযোগ্য করিয়া লইল। ভাহার পরি-শরীর দ্বিশপ্ত হইয়া ভূপৃধ্বে পতিত হইল। শঙ্কর- বার মধ্যে এক র্দ্ধা গৃহমেধিনা দাসী, এক তরঙ্গ তদনন্তর সুদীর্ঘ গর্ভ থনন-পূর্বক তক্মধ্যে অপে বয়ক্ষা পাঢিকা; এক মালী এবং এক সন্ন্যাসীর শব ও ঘটাদি যাবতীয় উপকরণ সমাহিত। সহিষ মাত্র ছিল। ইহারাই পরস্পার সাহায্য করিয়া রাজার করধারণপূর্বক অতি গোপনে করিয়া গৃহের সকল কর্ম নির্বাহ করিত। যদ্যপি রাজপুরে প্রত্যাগত হইলেন।

বিখ্যাত রাজসম্বন্ধীয় প্রকৃত আখ্যান। তৎপাঠে এবং কৃতজ্ঞতার এক উদাহরণ উপলব্ধি হইবেক।

অপূর্ব ভূতের গলপ।

জ্ঞাত জ্ঞাত জ্ঞানি দিগের উপন্যাদের সময় জ্ঞাত জ্ঞাত জ্ঞানি নছে; বিংশতি বৎ-অ সর হইল ইহার উদ্ভাবন ত্রি হয়। তৎসময়ে লণ্ডন-নগরের তিত্তি ক্রিটিটিটি সন্ধিকটে একটি গণ্ডশৈলের উপর এক সমুন্নত অট্টালিকা ছিল; বোধ হয় তাহা অদ্যাপি বর্ত্তমান আছে। দূরহইতে দে-থিবা মাত্র বাড়াটা ধনাঢ্যের বোধ হয়; কিন্ত ইছাও নিশ্চয় হয় যে তাহা অদ্যাপি সম্পূর্ণ হয় নাই। এতদেশে আধুনিকেরা যে প্রকারে কিঞ্চিৎ थन প্राथ इट्रेलरे এक नीर्घ अफ्रोलिका काँ दिया मर्ग हिला अश्वितिष्ठ थरने स्वाभी एट्रे यां था।

ক্রেথর সাহেবের ইচ্ছা হইত তাহা হইলে তাঁ-উপরি উক্ত রন্তান্তটা উপন্যাস নছে, কৃষ্ণনগর হার নৃতন বাটিতে এতদপেকা অধিক পরিবার বাস করিতে পারিত, কারণ তাঁহার একটি পুত্র বাঙ্গালা-দেশীয়মনুষ্যের সাহস, প্রত্যুৎপন্নমতিতা দুই পৌল ও এক পুলবধ ছিল; কিন্তু পুল আটাশ বৎসর বয়সে এক নির্ধন অকুলীনের কন্যাকে বি-বাহ করাতে পিতা ভাঁহাকে গৃহহইতে বহিষ্ত করিয়াছিলেন, এবং সে জায়ার সহিত দুঃথে স্ব-দেশ ত্যাপ করত ভারতবর্ষে প্রস্থান করিয়া-ছিল। ক্রৌথর ধনীদিগের বহুব্যয়ী সন্তানদিগকে অধিক সুদে ঋণ দিয়া অনেক সম্পত্তি সমুহ করি-য়াছিল। কিন্তু যাহারা প্রভূত উপার্জন করে তা-হারা অনায়াদে অধিক ব্যয় করিতে সক্ষম হয় না। যাহার নিমিত্ত অনেক শ্রম করিয়াছি তাহার সহসা অপচয় করা মনের অবশ্যই বেদনাদায়ক হয়। ধনবানের পুত্রের পাফে সে বেদনার সম্ভাবনা নাই, কারণ উপার্জনের ক্লেশ সে কিছুই জানে না, সুতরাং সে অনায়াদে বহু ব্যয় করিতে সমর্থ হয়। যদি অনেক নব্য স্বয় কৃতী ধনীর পক্ষে এ লক্ষণ প্রযুক্ত নহে, তত্তাপি ক্রৌথর উহার আ-



কিন্তু সাহিত্য-বিদ্যা-বিহানা, অতএব সচিববরকে আহুত করিয়া কছিলেন, " যামিনী-পুণতিলকা সঞ্জীতশান্ত্রে নিপুণা হইয়াছে বটে, কিন্তু সাহিত্য-বিদ্যা-বিরছে ভদ্বিদ্যা যুবতাদিপের প্রৌচ্তার কা-त्रव इस। পत्रष्ठ तम मण्पूर्ग योवनवजी इरेसाएइ, তাহাকে শিক্ষা দিতে এই ক্ষণে কে সমর্থ হইবেক"? মন্ত্রী কহিলেন, " সর্ব শান্তে সুপণ্ডিত চাৰু চরিত্র-ৰান্ পুৰুষদিগের আহ্বান করিয়া বারবার পরীক্ষা করিয়া পরে উপযুক্ত ব্যক্তিকে উপদেশ কার্য্যে নি-যুক্ত করা যাউক।" তদনস্তর তর্ক, ব্যাকরণ, পুরাণ, বেদান্ত, আগম এবং বেদ প্রভৃতি শাল্তে পারদর্শি বহুবিধ পণ্ডিত সমাগত হইতে লাগিলেন। তাঁহারা কাব্যালঙ্কারে নিপুণ নছেন, যেছেতু কবিতা কান্তা ব্যাকরণীকে পিতা, ও তার্কিককে জ্রাতাজ্ঞান করিয়া সঙ্ক্রতিত চিত্তে দূরে পলায়ন করেন। অপর তন্ধি-কটে ছান্দস চণ্ডাল এবং মীমাংসা-নিপুণ ক্লীববং অবজ্ঞা পাইয়া থাকেন। পরস্ত তাঁহারা কহিলেন, "অধুনা সিল্হন এবং বিল্হন নামক দুই জন সরস किव बार्ष्ट्न। उन्नर्था विन्ट्न (अर्थरिक वाठा; যেৰূপ বাদোমধ্যে গুল বাসঃ, পুষ্প মধ্যে মল্লিকা, ধানুক মধ্যে কুসুমাযুধ, পরিমল মধ্যে কন্তুরিকা, षाद्ध मरश्र धनू, वांनी मरश्र छर्कतरमाञ्चल वाका, জ্ঞী মধ্যে শ্যামা, বয়সের মধ্যে যৌবন, দেবতার মধ্যে এপতি, গীতির মধ্যে পঞ্চ-মলয়া, সেই ৰূপ ক্ৰি মধ্যে বিল্হন ক্ৰি সৰ্ববিধায়ে শ্ৰেষ্ঠতম।"

অতঃপরে বিল্ছন কবি সেই সুধর্মাথ্য সভান্ত-রালে আনীত হইলে মহাশের প্রতি আশিঃশ্লো-কাদিতে একাপ কবিতায় পটুতা প্রকাশ করিলেন, যে রাজা যথাবিধানে তাঁহার পূজা করিয়া সভা-ভঙ্গ পরে অন্তঃপুরে গমনপূর্বক বিচার করিতে লাগিলেন; "এ ব্যক্তি সাধারণ পুরুষ নহে; আ-কারে মদনের প্রতিকাপ, সুকাব্যরচনায় অতি চতুর, যড় ভাষায় বিজ্ঞা ইহার প্রতি দৃষ্টি

করিয়া কামিনাগণের থৈষ্য ধারণ করা দুবাছ। ইহাদ্বারা কি প্রকারে তনয়ার কলাকলাপ শিক্ষা म॰माधिक इहेर्दक? ब व्यक्ति ध्रतीकण्य-इरक्रत তৰুণমঞ্জরী। ইহাতে আয়তলোচনাদিগের অন্তঃ-করণৰাপ-ষট্পদ অবশ্যই আকর্ষিত হইবেক।" मजी जम्ह्रवा कहिलन, "ज्यांनि दाक्कनगात শান্তাভ্যাদ বিধেয় হইতেছে। যেহেতু আমা-দিগের দেশে বিল্ছনের তুল্য আর দ্বিতীয় কবি নাই। ইহার এক উপায় আছে; আমি শুনি-য়াছি, বিল্হনের এবং রাজকুমারীর এক এক ব্রত আছে। কুমারী অন্ধ ব্যক্তির মুখাবলোকন করেন না, এবং বিল্ছন কুষ্ঠশরীর দর্শনে বিরত; অত-এব আপনার মুখে যদ্যপি তাঁহারা উভয়ে এই প্রকার প্রবণ করেন, তবে উভয়ে উভয়ের প্রতি দৃষ্ঠিপাত করণে বিমুখ থাকিবেন। শিক্ষক এব॰ শিক্ষ্যার ব্যবধানে কাণ্ডগট * বন্ধ করিয়া দেওয়া যাইবেক। তাহা হইলেই নির্বিগ্নে শিক্ষাকার্য্য নি-র্বাহ হইতে পারিবেক।" রাজা মন্ত্রীবরের বাক্যে সম্প্রীত হইয়া তাঁহাকে সাধুবাদ-প্রদান-পূর্বক যামিনীপূর্ণতিলকাকে ডাকাইয়া আনিলেন, এবং শাস্ত্র প্রবণের বিধেয়তা বিজ্ঞাপন করিয়া কছিলেন, "জন্মান্ধ কবি বিলৃহনের স্থানে তোমাকে বিদ্যা এ-হণ করিতে হইবেক।" সমনন্তর বিল্হনকে আহ্বান-পুরঃসর আজ্ঞা দিলেন, "কুষ্ঠগলা মৎপুঞাকে তুমি সর্বকলা-কোবিদা করহ। তোমাকে তাহার মুথাব-লোকন করিতে হইবেক না। আমি তোমাদিগের উভয়ের ব্যবধানে য্বনিকা বন্ধ করিয়া দিব।" বিল্হন তচ্ছুবণে কহিলেন, " স্বামিন্ আপনার আ-দেশ আমি যথাক্ষরে পালন করিব। আমি আপ-নার কিঙ্কর, আমি আপন শক্ত্যনুসারে বিদ্যা দান করিব।"

^{*} কাণাং শন এই শনের অপভূৎশ।

তৎপরে বিচিত্র গেছে বহুচিত্র-চিত্রিত কাপ্ত-পট প্রেছাপিত হইলে বিল্হন সর্বশাস্ত্রের উপ-দেশ করিতে থাকিলেন। রাজকন্যাও উদকে তপ্ত-লৌহের প্রবেশবৎ তত্তাবদিদ্যা গ্রহণ করিতে থা-কিলেন। রাজপুল্রী উপদেশক অপেক্ষাও সমধিক মতিযুতা ছিলেন, সুতরাং নানালঙ্কার-যুক্ত নব-রস-ভারত-ভাবসংরম্ভরক্ত কাব্য এবং বহুমত নাটকা-দিতে স্বংপ্রকাল মধ্যে পৌঢ়তা লাভ করিলেন।

একদা বসস্তকালে পৌর্ণনাসী রজনীতে চন্দুোদয়

হইলে পর বিল্হন কবীন্দু শয্যাগৃহের গবাক্ষ পথে

সুধাকর সন্দর্শন করিয়া ভাব ভরে বিজ্ঞল হইয়া

বহুবিধ প্রকারে তাহার বর্গন করিতে লাগিলেন।

ঐ সকল কবিতা স্বভাবোক্তি সম্পন্না এবং চমৎকার
ভাবসমূহে অলঙ্ক্তা। আমরা তাহার দুইটি উদা
হরণ দিতেছি, যথা—

"নেদপ নভোমগুলমসূরাশির্নেমাশ্চ তারা নবফেণ্যভঃ। নায়প শশা কুগুলিভঃ ফণীন্দ্ো নায়স্ক্লস্কঃ শয়িতো মুরারিঃ॥" অস্যার্থঃ।

ও নহে আকাশ, নীল-নীর-নিধি হয়। ও নহে তারকাবলী, নব ফেণ চয়।। ও নহে শশাস্ক, কুগুলিত ফণিধর। ও নহে কলস্ক, তাহা শয়িত কেশব।।

অন্যচ্চ !

"ইন্দুমিন্দুমূথি লোকয় লোকস্তানুভানু-ভিরমুম্পরিতপ্তও । বীজিতুৎ রন্ধনিহস্তগৃহীতন্তালবৃন্ধমিব নালবিহীনও ॥"

অস্যাৰ্থঃ ৷

কর ওহে ইন্দুমুথি ইন্দু দরশন।
ভানু ভানু-পরিতপ্ত যত জন-গণ।।
বিভাবরী দেই তাপ বারণ কারণ।
নালহীন তালরস্তে করিছে বীজন।।

রাজকন্যা যামিনী-পূর্ণতিলকা কবীন্দের এই প্র-কার অপূর্ব অপূর্ব কবিতা প্রবণ করিয়া স্বায় গৃহ-মধ্যে আশ্চর্য্য-রসে অভিভূতা হইয়া কহিতে লা-গিলেন, "এ কি? জন্মান্ধকবিই বা কোথায়? আর क्लाह्मभ हम्पूरे वा कार्थाय? व्यात मिरे क्राचा-कर्जुक व्रमुवर्गनाई वा कि काला मछत्व? प्रहा! অসংশয় জনক আমারে প্রতারণা করিয়াছেন। আমার ব্রতভঙ্গ হয় হউক, আমি অবশ্যই ইহাঁকে দেখিব।" রাজকন্যা জনান্তিকে এই কথা বলিয়া শয্যাতলহইতে উত্থানপূৰ্বক মহাকৌতূহলাক্ৰাস্তা হইয়া কাণ্ডপটোপরি হস্তদম রাখিয়া তদন্তরালে বিল্হনকে দর্শন করিবামাত্র পূর্বরাগে একেবারে মূচ্ছাপন্না হইলেন। পক্ষান্তরে কবিবর তাঁহার বদনারবিন্দ দেথিয়া মহাসুথে তদীয় মনোহর ৰূপলাবণ্য বৰ্ণন করিতে লাগিলেন। তদাক্যা-মৃতবোধিতা বালা পশ্চান্মুখী হইয়া লজ্জাভয়া-ষিতাবস্থায় চল্ট্রের প্রতি চাহিয়া রহিলেন। কবীশ্বর তদনন্তর তাঁহার সমতি এহণান্তে গান্ধর্ব বিধানে তাঁহাকে পরিণয়পাশে বদ্ধ করিয়া গুপ্তপ্রেমে সময় সংবরণ করিতে থাকিলেন। কিয়ৎ কাল পরে রাজা তদৃত্তান্ত অবগত হইয়া মহাক্রোধাবিষ্ট হইলেন, এবং বিল্ছনের প্রাণ হননার্থ কোটপালের হস্তে তাঁহাকে সমর্পিত করিলেন। কোটপাল চোর কবিকে ঋশান ভূমিতে লইয়া গেলে তিনি কিঞ্চিন্-মাত্র ভীত না হইয়া হাস্য করিতে থাকিলেন। যাতুক এবংবিধ অভীতচিত্ততার কারণ জিজ্ঞাসা कतित्व क्वोश्वत कहित्वम, " आमात ज्ञारत छे ६-ফুল্ল লোচন লসদ্বদনারবিন্দা দেবী অজস্ত্র নিবস্তি করিতেছেন, আমার ভয়ের বিষয় কি?" তদনস্তর পঞ্চাশৎ প্লোকে দেই দেবতা অর্থাৎ স্বীয় ভার্য্যার ৰূপ-গুণাদি বৰ্ণন করেন। রাজা তত্তাবৎ গুণপণা শ্র-বণাস্তে অন্তঃকরণে মহাসুখানুভব করিয়া বিল্ছনের প্রতি যামিনা-পূর্ণতিলকাকে সম্প্রদান করিলেন।

এই আখ্যায়িকার সহিত বিদ্যাসুন্দরের কি সাদৃশ্য আছে, এবং তক্মধ্যে আদর্শই বা কি এবং অনুকরণই বা কি, তাহা বিচক্ষণ পাঠকরন্দ অনায়া-সেই নিৰূপিত করিতে পারিবেন।

প্রস্তাব সমাগ্রিকালে পাঠকসমাজে ইহাও বি-জ্ঞাপ্য, ভারতচন্দু রায় যদিও প্রকৃত চোর পরি-বর্ত্তে তৎপদে এক মান্দ্রাজী চোরকে দগুায়মান করিয়াছেন, কিন্তু চোরপঞ্চাশতের দ্ব্যর্থ ত্র্যর্থ করিয়া এই ক্ষণে যে অনুবাদ প্রকাশ হইয়াছে, তাহা তৎকর্তৃক সম্পাদিত নহে। তিনি দুই এক কবিতার মর্মানুবাদ করিয়া লেখেন, "বুঝছ পণ্ডিত চোর পঞ্চাশটি কয়।" অতএব যে সকল পাঠকের এত-षिষয়ে ভ্রম ছিল, বোধ করি এতৎ প্রস্তাব পাঠে তাঁহাদিগের সেই ভ্রম অপস্রিত হুইবেক।

নূতন পুস্থের সমালোচন।



স্প্রতি আমরা অনেক গুলি নূতন এন্ত প্রাপ্ত হইয়াছি, তাহার প্রত্যেকের প্রকৃত সমালোচনের উপযুক্ত স্থান এই পত্তে সন্তাব্য নহে i পরস্ত

যে সকল গ্রন্থকার মহাশয়েরা অনুগ্রন্থ করিয়া স্ব স্ব নৃত্ৰ প্ৰস্থ সমালোচনাৰ্থে আমাদিগের নি-কট প্রেরণ করিয়াছেন, তাঁহারা অবশ্য প্রত্যাশা করেন যে তাঁহাদিগের দানের অম্বীকার, ও তৎসহ গ্রন্থবিষয়ে আমাদিগের অভিপ্রায় কিঞ্চিৎ ব্যক্ত করি। অতএব আমাদিগকে এ স্থলে কএকথানি অস্থের কেবলমাত্র নামোলেথ ও ক্রতজ্ঞতা দ্বীকার করিয়া ক্ষান্ত হইতে হইল। ইহার কোন২ পুত্ত-কের বিস্তার সমালোচন অবকাশ মতে পরে লেখা যাইতে পারে। প্রাপ্ত-প্রস্থ-নিচয়ের প্রথম-থানির নাম-

"প্রকৃত সুখ।" ইহাতে প্রকৃত সুখ কি এবং তল্লাভের উপায় বা কি প্রকারে পাওয়া যায় তাহা খ্রীযুক্ত দারকানাথ রায় অমিতাক্ষর কাব্যে বর্ণন করিয়াছেন। অমিত্রাক্ষর অতি উৎকট ছন্দ, তাহাতে অক্ষরের মিল না থাকিলেও ছন্দ যতিও মাধুর্য্যের অভাব থাকে না। সংস্কৃত কাব্য প্রায় স-কলই অমিত্রাক্ষর; অথচ ছন্দোবিষয়ে তাহা অপে-ক্ষা উৎকৃষ্ট আদর্শ আর নাই। সংকৃতের যতি মাত্রা ও মাধুর্য্যের প্রশংসা করাই বাহুল্য। সেই আদর্শ দেখিয়াই এীযুক্ত মাইকেল মধুসূদন দত্ত বঙ্গভাষায় ঐ ছন্দের স্ঞ িকরেন, এবং তাহাতে তিনি সম্যক্ প্রসিদ্ধি লাভ করিয়াছেন। শ্রীযুক্ত রায় মহাশয় তাঁ-হারই প্রথানুসরণ করিয়াছেন, কিন্তু তাহাতে অন-ভ্যাস ও তাঁহার অসাধারণতা প্রযুক্ত দত্তজার ন্যায় ঐ ছন্দ আয়ত্ত করিতে পারেন নাই। পরস্ত ইহা স্বীকর্তব্য যে তাঁহার রচনায় অনেক সন্তাব আছে, এব॰ তাঁহার প্রন্থ কোন মতে নিন্দনীয় নছে।

২। বিবিধ পুত্তক প্রকাশিকা। নাহিত্য সমুহ।২ সশ্ব্যা। এই ক্রমশঃ প্রকাশ্য পুত্তকের প্রথম সশ্ব্যার উল্লেখ পূর্বে করা গিয়াছে। বর্ত্তমান সশ্ব্যায় রঘু-বংশের ৯ অবধি ৮ স্বর্গ পর্যান্ত প্রকটিত হইয়াছে। ইহাতে মল্লিনাথা টীকারও প্রকটন আরম্ভ হই-য়াছে। সংকৃত পাঠকদিগের পক্ষে এ পুত্তক উপা-प्तिय इट्रेंट मन्दर नाई।

৩। অজেন্দুমতী চরিত, গ্রীদীননাথ গুপ্ত প্রণীত। রঘ্বংশোক্ত অজ রাজা ও তৎপত্নী ইন্দুমতীর ইতি-রত্ত সঙ্গুহ করাই এই অস্থের উদ্দেশ্য, পরস্ত তাহা রঘুবংশের অনুবাদ স্বৰূপে না সিদ্ধ করিয়া গ্রন্থকার স্বীয় রচনায় নিবন্ধন করিয়াছেন।

81 कालान। श्रीयुक्त मध्यूपन मूरथालाधगाय-কর্তৃক ইণরাজী ভাষাহইতে অনুবাদিত। এই অভি-নব এন্থে সূচতুর এম্বকার জাপান নামক রহৎ দ্বীপের বিবরণ সন্তুহ করিয়াছেন। এতদেশীয়- দিগের মধ্যে সুসভ্য জাপান বাসীদিগের ইতিহাস কিছু মাত্র প্রকাশ নাই। ঐ জাতি চীন জাতীয়দিগের এক শাখা। তাহাদিগের বিবরণ জানিবার
অতি উপযুক্ত বিষয়, অতএব আমরা ভরসা করি যে
প্রীযুক্ত মুখোপাধ্যায় মহাশয়ের গ্রন্থ সর্বত্র সমাদৃত হইবে। তিনি চীন ও তৎ শাখার বিষয়ে মনোনিবেশ পূর্বক যে প্রকার অনুসন্ধান করিয়াছেন, তাহাতে আমরা তাঁহাকে চৈনিকাচার্য্য বলিয়া সাধুবাদ করিতে পারি। তিনি অপ্প কাল মধ্যে অনেক
গুলি গ্রন্থ প্রকটিত করিয়াছেন, এবং তম্মধ্যে কএক
খানি জ্রী পাঠের নিমিত্ত অতি উপযুক্ত হইয়াছে।
আমাদিগেরু নিতান্ত প্রত্যাশা যে ঐ গ্রন্থ গুলি প্রত্যেক ভদ্র মহিলার হস্তে বিচরিত হয়।

e। নাগানন। এ কালাপদ মুখোপাধ্যায় কর্তৃক সংস্কৃত নাটকহইতে গদ্যে অনুবাদিত।

া কবিতা কৌমুদী। প্রথমভাগ অর্থাৎ নীতিপূর্ণ পদ্যময় পুস্তক। ঢাকা নিবাসী শ্রীযুক্ত হরিশুলু মিত্র ইহার প্রনেতা। ইনি বিদ্যা বিষয়ে অত্যস্ত
অনুরাগী এবং সম্প্রতি এতন্ডিয় অপর তিন থানি
গ্রন্থ প্রস্তুত করিয়াছেন। বর্ত্তমান গ্রন্থে বিভূভক্তি,
দয়া, সাধুর অন্তঃকরণ প্রভৃতি নানা বিষয়ের বর্ণন
আছে, তক্মধ্যে আদর্শ-স্বরূপে নিমুন্থ প্রস্তাবটি
আমরা এ স্থলে উদ্ভ করিলাম। ইহা অতি উৎকৃষ্ট বলিয়া নির্বাচিত হয় নাই।

শিশির বর্ণন।

"কেন কৌমুদীর আভা হইল মলিন? কেন সরোবর-নীরে বিলীন নলিন? কেন পদ্মাকরে নাছি গুঞ্জরে অলিন? কেন এবে তটিনার পক্ষিল নলিন? কেন শেকালিকা আর বিতরে না বাস? কেন বোধ হয় এত শীতল বাতাস? কেন এত পরিমাণ বাড়িল নিশির? জান না যে সমাগত হইল শিশির?

ভীম পরাক্রম হিম রশ্চিকবাহনে। আসিয়াছে অবনীর শাসন কারণে। শরতে স্বদল সহ করি নির্য্যাতন। হরি নিল হিম তার শাসন আসন। শরতের বিষম-বিরহ রোগে দিন, मिन र मोन आय इंटेंट इकीन। **मिरने को ने का पृथ्य (मिथ मिनके है।** থেদে অশ্বি কোনে যেয়ে হন হিমকর। হিম অধিকার শীঘ্র করিতে নিংশেষ, ত্বরাকরি অন্তাচলে চলেন দিনেশ। পতির এৰপে গতি করি বিলোকন, मरताकिनो मरतायरत जाकिन कीवन। যে ছায়া আগেতে কত ক্লান্ত পান্ত হিয়া। জুড়াইত, শীয় স্মিথা ক্রোড়ে স্থান দিয়া। তাহার আদর আর না হেরি এখন। হায় হায় সময়ের বৈচিত্র এমন। সকলে সমান প্রীতি সদত না রয়। नगरत्र नृथरनवा पृथ्यमञ् इत्र। আগে দর্ব প্রিয় ছিল সুধাকরকর। এখন সে করে কেছ করে না আদর। হিমকর হিমকর বর্ষি এখন। ষ্বনামের সার্থকতা করিলা জ্ঞাপন। স্বপ্রিয়ের নির্থিয়া মলিন বদন। চকোরনিকর থেদে ব্যাকুলিত মন। कूगूरिनी विवारिनी चकारखंद पृश्य। আর তার হাস্য নাহি দৃশ্য হয় মুখে। विल्ली ११ विमाल देश स्था विल्ला । প্রতিযামে যামবোষ ঘোরভাকে ভাকে। কুয়াসায় নভন্তল আচ্ছাদিত রয়। खेयात याहिनीपृर्खि मृभा नाहि हय।"

রহ্স্য-সন্দ্ভ

ন†ম

পদার্থ সমালোচক মাসিক পত্র।

) পর্ব)২ খণ্ড।]

(भोष : म॰व९)a२०1

[বার্ষিক অগ্রিম মূল্য ২ টাকা।


अध्युनीय मनुष्र।



নাই। তথাকার জল সুমিষ্ট এবং প্রচুর, বায়ু হাদ্য, মতে মনুষ্যের খাদ্য নছে। ঐ রক্ষ সকল-মধ্যে সুখাদ্য, এবং ইছার সংহারার্থে অষ্ট্রেলিয়ায় ডাল-

এক প্রকার রক্ষের কাপ্ত প্রস্তরের ন্যায় ভারী এবং লৌহসদৃশ দৃঢ়, এই নিমিত্ত তাহাকে লোকে রত সমুদ্রের পূর্ব- "লৌহ কাপ্ত" কহিয়া থাকে। ঐ কাপ্তহইতে পাৰ্শ্বে একটা অতি ফনেক নিৰ্যাস (গঁদ) নিৰ্গত হয়, এবং তাহা প্রকাপ্ত দ্বীপ আছে, অষ্ট্রেলিয়া-বাদীদিগের নানা প্রয়োজন সিদ্ধ করে। তাহা অধুনা নানা তথাকার তৃণও এতদেশের তৃণের সদৃশ নছে; কারণে বিখ্যাত হ- কিন্তু তাহাতে গো-মেষাদি গৃহপালিত পশুর ইয়াছে। তাহার প- উভ্রম পুষ্ঠি হইয়া থাকে।

রিমাণ ভারতবর্ষ- পূর্বকালে তথায় গো মেয অশ্ব ছাগ প্রভৃতি 🕍 💯 হইতেও রহৎ, এব॰ কোন প্রসিদ্ধ চতুস্পদ পশু ছিল না; শূকর যাহা তল্পিমিত্ত লোকে তাহাকে অষ্ট্রেল-এশিয়াবা "দক্ষি- সমস্ত অসভ্য স্থানে দৃষ্ট হইয়া থাকে, তাহাও ণস্থ আশিয়া" নামে বিধান করে; তাহার অপ- অষ্ট্রেলিয়ায় প্রচার হয় নাই। সমস্ত দ্বীপে একটি ল্রুংশে অধুনা অষ্ট্রেলিয়া শব্দ প্রেসিদ্ধ হইয়াছে। ইন্দুর বর্ত্তমান ছিল না, এবং হাতী ব্যাঘ্র ভল্লুক ইহার ভূমির অধিকাণ্শই সরল তৃণক্ষেত্র, কিন্ত উষ্ট্র প্রভৃতি জাব অঞ্চত পদার্থ ছিল। এতৎ সমু-মধ্যে২ অনেক পর্বতও আছে। দ্বীপের মধ্যভাগে দায়ের পরিবর্ত্তে অষ্ট্রেলিয়াদ্বীপে এক প্রকার চতু-জলকণ্ঠ অত্যন্ত, কিন্তু সমুদ্র তটে সে আপদ্ মাত্র স্পদ পশু থাকে তাহার নাম "কম্বাক।" তাহার অনেকবিধ জাতি আছে; তন্মধ্যে কোন জাতি এবং ভূমি সরল উর্বর এবং স্বাস্থ্যকর। অধুনাইংরা- বিড়ালহইতে রহৎ নহে, অপর জাতি মেয অপে-জেরা তথায় অনেক সুমিষ্ট ফল ও শস্যের উৎ- ক্ষাও উচ্চ হয়। এই জাবদিগের এক প্রধান লক্ষণ পাদন করিতেছে, কিন্তু তৎসমুদায় তথাকার আ- এই যে তাহাদের স্ত্রীর তলপেটে এক একটা রহৎ দিম বস্তু নছে; বস্তুতঃ ভারতবর্ষীয় রক্ষলতাদি ছিদ্র থাকে, তন্মধ্যে নব্য প্রসূত শাবককে রাখিয়া কিছুই তথায় ছিল না। তথাকার প্রধান২ রক্ষ তৎপ্রতিপালন করিতে পারে—তন্মিমত্ত গর্ত্ত বা সকল দেবদাৰু রক্ষের সদৃশ, তাহার ফল কোন বাসা করিতে হয় না। এই জীবের মাণ্স অতি



अध्युनीय खी ७ श्रृक्ष।

কুকুরের সদৃশ এক প্রকার কুক্কুর আছে,তাহারা এই জীবের মৃগয়ায় সুপটু হইয়া থাকে। এই দুই জীব ভিন্ন আর কোন প্রসিদ্ধ চতুষ্পদ পশু অষ্ট্রেলি-য়ায় নাই। পরস্তু পশুর পরিবর্ত্তে হণ্স শুক শারিকাদি বংশের পক্ষী তথায় অনেক আছে; এবং তাহাদের দেহ নানা মনোহর বর্ণে বিচিত্রিত হইয়া থাকে। কিয়ৎকাল পূর্বে তথায় এক প্রকার **ধকিত হুইয়া থাকে।**

অপর, থনিজ-দ্রব্য মধ্যে তথায় সুবর্ণ অপ-র্যাপ্ত পাওয়া যায়। তথাকার এক প্রদেশের নাম "বিকটোরিয়া উপনিবাস;" তথাকার বাথষ্ঠ-প্রদেশে এত অধিক সূবর্ণ প্রাপ্ত হওয়া যায় যে তাহার এক এক পিণ্ড দেড় বা দুই মণ পরিমাণ দেখা গিয়াছে। তথাকার বাণিজ্য দ্রব্যের তালি-কাতে দৃষ্ট হইতেছে যে সম্পুতি তথাহইতে আট সারস জাতীয় পক্ষী ছিল, তাহা হন্তীহইতেও উচ্চ কোটি টাকার সূবর্ণ প্রতি বর্ষে বিদেশে প্রেরিভ হুইত। কাকাতুয়া তথায় অনেক ও নানা বর্ণের হুইয়া থাকে। তথায় তাত্র ও বিলাভী কয়লার খনিও অনেক আছে।

পশু কিছুই ছিল না। কিন্তু ইণরাজেরা অন্যত্ত-হুইতে গো মেষ ও অশ্ব অনেক লইয়া গিয়াছে। তা-हात व्यथा मकन वह काल वजाम्म वहन हरे-য়াছে যে অষ্ট্রেলিয়ার মেষের লোম বিক্রীত হইয়া অধুনা দুই কোটি টাকা প্রতি বর্ষে লভ্য হইয়া থাকে। তথাকার অশ্বও রহৎ বলবান্ও সুন্দরকায় হয়, এবং তাহার অনেক সহস্র ভারতবর্ষে আনীত হুইয়া থাকে।

পরস্তু এই মহাদ্বাপের অপর সকল দ্রব্যহইতে उथाकात मनुषा महीरशका याण्ठयां जनक। जा-হাদিগের প্রতিমূর্ত্তি পূর্ব পৃষ্ঠায় মুদ্রিত করা হুইল। তদ্দপ্তে ব্যক্ত হুইবে যে এতদেশের কোল ভিল্ল ধাঙ্গড় সাঁওতাল প্রভৃতি অসভ্য জাতীয় মনুষ্য যাদৃশ, অস্ট্রেলীয় আদিম প্রজারাও তাদৃশ; কিন্ত কায়িক-সৌপ্তবে তাহারা ভারতবর্ষীয় আদিম জাতি-হইতে নিরুপ্ত। ইহাদিগের দীর্ঘতা ০।০ বা ০।।০ হা-তের অধিক হয় না, এবং শরীর সর্বদা একহারা ভিন্ন স্থূলকায় দুষ্পাুুুপ্ত। পশ্চিম প্রদেশীয় ঘৃত- রেখা হত্তে ধারণ করিতে হয়; এবং সেই রেখার ভোজী বৈণিয়ার গজাননসদৃশ তুন্দ অষ্ট্রেলিয়ায় গণনায় স্ত্রীদিগের সন্ততি-সখ্যা নিরূপিত হয়। কদাপি সম্ভব হয় না; পরস্ত তাহা ক্যেন অস-ভ্যেরই সম্ভব নছে; কারণ তাহাদিগকে অনেক তুল্য তাহাদের বেশও যে সাঁওতালের সদৃশ হইবে পরিশ্রম ও পরিভ্রমণে জীবন্যাত্রা নির্বাহ করিতে ইহা আশ্চর্য্য নহে। ফলে অষ্ট্রেলীয়েরা কৌপীনই হয়, এবং সেই পরিশ্রম ও পরিভ্রমণ তুন্দের অত্যস্ত বিদ্বেষী। যথেষ্ট সম্পত্তি,নির্বিত্ন সৃদৃঢ় গৃহ, নিমিত্ত অপোজম পশুর সলোম চর্মে এক প্রকার প্রচুর দুঞ্জ ঘৃত নবনীত আহার, দীর্ঘ নিজা,অনুক্ষণ লবাদা বানাইয়া থাকে, তাহা জ্ঞা পুৰুষ উভয়েই অলসতা ও পরিশ্রম মাত্রের বিরহ, তুন্দের পোষক; তুলারূপে ব্যবহৃত করে। তদভাবে গজেন্দের সদৃশ ভুঁড়া সম্ভাব্য নছে। অপর অষ্ট্রেলীয়দিগের শরীর যে প্রকার থর্ব ও ক্লা, বর্ণন অবশ্যই অনুভূত করা যাইতে পারে। কলে তাছাদিগের বলও তাদৃশ ৰম্প। কিন্তু চিরকাল কড়ীর মালা অস্থির মালা,শুকাদি কাকাতুয়ার পা-অপর্যাপ্ত পরিশ্রম করিয়া তাহা অত্যন্ত শ্রম- লক,ও সমুদ্র-জীবের দন্ত অলঙ্কারের মধ্যে প্রধান; স্হিষ্ণু হইয়া থাকে। তাহাদিগের বর্ণ কাল. কেশ্ তাহাতেই মন্তকে সাঁতি, গলে হার, কর্ণে কর্ণিকা, क्रक । कूकिल, प्रकृत्यातका क्रेयर नोलवर्ग, बवर पत्र हत्य वनत्र প্रकृष्ठि मकल व्याख्तर निष्णत हत्र ; कृवर

কথিত হইয়াছে যে অষ্ট্রেলিয়ায় প্রনিদ্ধ চতুস্পদ অতি উজ্জ্বল শুক্র। ঐ দস্তমধ্যে মধ্যের একটা তা-হাদের বিবাহ হইলে তাহারা উৎপাটন করিয়া रफरल। खोनिरगंत शरक विवारकाशनरक अह দন্তোৎপাটনের আবশ্যকতা নাই। পুৰুষের অপে-कांत्र खोरिएगत চून थर्व, मूजता॰ व्यजास कर्मा দেখায়। আমাদিগের ঠাকুরণদিদিগের ন্যায় না-রিকেল তৈল সেবন ও অগণ্য চুলের দড়ীর সাহায্য **इ**हेटल प्राष्ट्रिलीय खोता वह थर्स क्टान्य क्**र्या**क्ट দোষাপনয়ন করিতে পারিত, কিন্তু তাহারা ঐ থর্ব কেশের কিছুমাত্র বিন্যাস করে না। তদ্বিপরীতে চুল গামছার বিনিময় জ্ঞান করিয়া তাহাতে সর্বদা হাত পোঁছা ও তৈল ঘৃত চরবী দেওয়াতে তাহা সুদৃশ্য না হইয়া কদর্য্য জটাপাশ হইয়া থাকে।

অন্যান্য অসভ্যদিগের ন্যায় অস্ট্রেলীয়েরা আপ-नाम्रिशंत (मरह উल्की পরিয়া থাকে, किञ्च (मह উल्कीत প्राप्त्र्या मूर्य ना रुइंश शृष्ठरम्दन व धक দেখা যায়। জ্ঞীদিগের অনূঢ়াবস্থায় উল্কী পরা विहिত नरह, किञ्ज मञ्जान हरेरलहे अकर ि छेल्की त

যাহারা আচার ব্যবহার ও অবস্থায় দাঁওতালের প্রধান বস্ত্র জ্ঞান করে; তদ্ধিক শীত নিবারণের


বেশের যে ৰূপ বিবরণ হুইল তাহাতে ভূষণের

দমদম পটুরী প্রভৃতি ধারণে আমাদিগের ভূবন- আছে যে ইহাতে অনেক দূরের ব্যক্তি অতি সাঙ্ঘা-মোহিনীরা যে, রূপ অনুরাগিণী, অণ্ট্রেলীয়া মহি- তিক রূপে আহত হইতে পারে। অধিক আশ্চ-লারা ঐ পালক ও কড়ীর মালা ধারণে অবিকল র্যোর বিষয় এই যে, সেই আঘাতের পর কথিত তদনুরূপ; তাহাতে তাহারা কোন মতে বন্ধীয়া অন্ত আহত ব্যক্তিহইতে প্রত্যাপমন করত শূন্য-ভগিনীহইতে অণ্প অনুৎসাহিনী নহে।
মার্গে চারি পাঁচ বার ঘূর্ণন করিয়া আপন স্থামির

পরস্ত অলঙ্কারানুরাগে বঞ্চ ও অষ্ট্রেলীয় মহিলার मानृना थाकित्व चायुध-विषयः वस् उ चर्डुनीय মনুষ্যের কোন সমতা দেখা যায় না। বন্ধীয়দিগের আয়ুধমাত্র নাই, সুতরাণ তাহার ধারণ সম্ভবে ना। चर्छुनीयिं प्रित नाना श्रकात चायुष चाह्न, তাहा তাहाता मर्दना धातन करत, अव॰ তाहात वाव-হারে তাহারা বিলক্ষণ পটু হয়। এই আয়ুধ মধ্যে वन्हमरे नर्द्राधान; তाहा পূर्दीक लोह कार्ष्ठ নির্মিত হইয়া থাকে। তাহার অগ্রভাগে কাচ-থণ্ড বান্ধিয়া ফলা নিষ্পাদিত করা হয়,এবং মৎস্য ধৃত করণার্থে তাহার প্রয়োগ হইলে তাহাতে চারিটি कना मण्युक करा याय। এই वन्हम ৮ इस नीर्य হুইয়া থাকে; এবং ইহার নিঃক্ষেপের নিমিক্ত অপর একটি অন্ত্র আছে তাহার নাম 'অন্মরাঃ।' তাহার উপর আরোহণ করাইয়া এই বলুহম নিঃক্ষিপ্ত করা यात्र । অष्ट्रिलियाचीरा इंताकि मराग्र वहरे-বার পূর্বে তদেশে লোহের প্রচার ছিল না, সুত-রাণ তথন অষ্ট্রেলীয়েরা প্রস্তরের টাঙ্গী বানাইত; তাহার নাম "তমাহক্;" তাহা অত্যন্ত ভয়ানক অস্ত্র ছিল। সম্পুতি তাহার পরিবর্ত্তে লৌহ টাল্লী প্রচলিত হইয়াছে। এতডিয়া সকলেই এক একটা সোঁটার সদৃশ স্থুল ও থর্ব যতি ব্যবহার ক্রিয়া থাকে। কিন্তু তাহা যোদ্ধারা নিকটবর্ত্তী না হইলে প্রযুক্ত হয় না। দূরহইতে যুদ্ধের নিমিত্ত বল্হমই প্রধান, তন্ডিয় অপর এক অন্ত আছে তাহার নাম "বুমরাণ।" ইহা ১৮০ হাত কাষ্ট- খণ্ডে নিস্পাদিত হয়, এবং দেখিতে তাদৃশ ভয়ম্বরও 'ন্তু। কিন্তু ইহার নিঃকেপ করণের এমনি কৌশল

আছে যে ইহাতে অনেক দূরের ব্যক্তি অভিসাঙ্ঘাতিক ৰূপে আহত হইতে পারে। অধিক আশ্চর্যোর বিষয় এই যে, সেই আঘাতের পর কথিত
অন্ধ্র আহত ব্যক্তিহইতে প্রত্যাগমন করত শূন্যমার্গে চারি পাঁচ বার ঘূর্ণন করিয়া আপন স্থামির
পদপ্রান্তে পতিত হয়। এ ৰূপে শত্রু বিনম্ভ করিয়া
স্থামীর নিকট প্রত্যাগমন কম্পে ত্রন্ধান্তের প্রস্কু
আছে, তভিন্ন অন্যত্র দেখা যায় না। কিন্তু অস্ট্রেলীয়দিগের বুমরাং যে প্রাচীন হিন্তুদিগের ত্রন্ধান্ত্র
ইহা বলা ভার। এই প্রত্যাগমন নিংক্ষেপের কৌশলে হইয়া থাকে, কিন্তু তাহার বিশেষ প্রক্রিয়া
অদ্যাপি নিক্রপিত হয় নাই।

অক্তেলীয়দিগের উদ্বাহ-প্রক্রিয়া অতীব বিষ্ণয়-জনক; তদর্থে ঘটক ভাট বন্দী কাহারই প্রয়োজন হয় না। বর পূর্ণবয়ক্ষ হইলে স্বয়° কোন বিপক্ষ-দলের অন্ঢ়া জ্রীকে লক্ষ করেন, ও গুপ্তভাবে তা-হার হরণার্থে অবকাশ অনুসন্ধানে ভ্রমণ করেন। উপযুক্ত অবকাশ পাইলেই ঐ পরিণেতা সেই নববালার মস্তকে এক যস্থি প্রহার করেন; তাহাতে সে তৎক্ষণাৎ মূর্চ্ছাপ**ন্ন হ**ইয়া পড়ে,ও তাহার সঞ্চি-রা ভয়ে,কে কোথা পলায়ন করে, কেহই আহতার তত্ত্ব লইতে পারে না। এতদবস্থায় বর মূর্চ্ছাপন্ন স্ত্রীকে আপন দলে লইয়া গিয়াতাহার মুখে জল দিয়া সচেত্রন করেন; এব° ক্রমশঃ তাহাকে আপন বশীভূত করেন। কিন্তু বিবাহ কার্য্য ইহাতেই সমাধা হয় না। যে দলহইতে কন্যা অপহত হয় তাহার লোকেরা মহাসমারোহে বৈর-নির্যাতনে উদ্যত হয়, এবং উভয় দলে তুমুল যুদ্ধের আয়ো-জন হয়; কিন্তু বিপক্ষ দল সমুখ-সন্ধুমে উপস্থিত হুইলে, বর আপন দলহুইতে নিঃস্ত হুওত নিজক্লত অপরাধের দণ্ড লইতে স্বীকার করে। তথন কন্যার म्रात्त अथान अथान पूरे ठाति वा कि वानिया अ বরের প্রতি বল্ছম নিঃক্ষেপ করিতে থাকে, ও বর



অফুেলীয় বিবাহের প্রতিফল।

ये वल्हम जालन कांश्व छात्न जवङ्क करत। अहें शिकात युक्क हरे वत उक्षात लाहे त्न लाह क्रमण पूरे जिन वाक्नि यि वहें या वरतत महिन युक्क करत, जाहार उठ वरतत क्रय हरे ता ममरवन्न छें ज्ञय पर क्रय हरे ता ममरवन्न छें ज्ञय पर करता जाहात क्रय कि करिया लात निम्म क्रय वि वि व्याचन कर कर कि कां मिलनीय वर्ष, लाइ वि व्याचन व्याचन वि व्याचन व

পুণ্যপুঞ্জের পরিভূমণ ৷



ক সময়ে কতিপায় পুণ্য, ধর্মারণ্যে চিরদিন বসতি প্রযুক্ত
ক্লান্তি অনুভব করিয়া, কিক্ষিৎকাল দেশ পর্যাটনে
ইচ্ছুক হইলেন। যদিও কর্ম-

ভূমির অন্যত্ত্র তাঁহাদিগের তাদৃশ সমাদর লা-ভের সম্ভাবনা ছিল না, তথাপি তাঁহারা উক্ত স্থান-হইতে হস্তিনাপুর পর্যান্ত গমনে সাহস করিলেন। অতি শুভদিন, অনুকূল বাতাস, আর যে থানে পুণ্যপুঞ্জের একত্র বিরাজ, সে থানে সুথ সংযো-গের অসন্ভাব কি?

তাঁহারা হরিদারের নিকটে এক থানি নৌকায় আরোহণ করিয়া যেমন যাত্রা করিবেন, অমনি দে-থিতে পাইলেন, শতগ্রন্থি-ছিন্ন-বন্ধ-পরিধানা এক অনাথা নারী শিশু সন্তান কক্ষে লইয়া তাঁহাদিগের কৰুণা ভিক্ষা করিতেছে। বদান্যতা তৎক্ষণাৎ স্বীয় সম্পুট মোচন করিয়া একটি আধুলী বাহির क्रितल्न । वित्वहना ये नमर्ग्न जुवापि नामलाहरू ছিলেন, বদান্যতার এই অবিবেচনা দেখিয়া তাঁ-হার হস্তধারণ-পূর্বক কহিয়া উঠিলেন, " হা জগ-দীশর! তুমি ওকি করিতেছ? ত্মি কি সংসার-বিধান বিদ্যা পাঠ কর নাই? তুমি কি জান না পাত্রাপাত্র বিবেচনা না করিয়া দান দিলে কেবল পাপ-প্রসবিনা নিক্ষর্মিতার প্রতি উৎসাহ দেওয়া হয়? তুমিই আবার পুণ্য মধ্যে গণনীয়! ধিক্! তোমার কার্য্যে আমার লজ্জা বোধ হইতেছে। বলি, ওগো, তুমি এখানছইতে প্রস্থান কর। না না এক্টুক্ দাঁড়াও, এই পত্র থানি লয়ে হস্তি-নার ধর্মশালার অধ্যক্ষকে দাও গিয়ে, তাঁহার বিবেচনায় যদি দয়ার পাত্রা হও, তবে এক পাণড়া (वाणी मारेल शारेरव।"

কিন্ত বিবেচনা অপেক্ষা বদান্যতা ত্বিতমতি।
তিনি সহসা পশ্চান্ডাগহইতে ভিকারিণার হত্তে
আধুলাটি দিলেন; সূতরাণ সে দানবাটার পত্রী
সহিত অর্দ্ধ মুদ্রাটি এক কালে প্রাপ্ত হইল। মিতব্যয়িতা এবণ উদারতা উক্ত দিগুণ দান দেখিতে
পাইয়াছিলেন। মিতব্যয়িতা আরক্ত-লোচনে
কহিতে লাগিলেন, "ছি! কি অপব্যয়! দানলিপি, আবার আধুলী! দুয়ের এক হইলেই যথেপ্ত
হইত।" উদারতা কহিলেন, "কি? দুয়ের এক?
ছি! ছি! ছুঃখিনাকে যদি বদান্যতা একটি
স্বর্ণ মুদ্রা দিতেন, আর বিবেচনা যদি তাহাকে
অভাব পক্ষে ১০ খানা দানপত্রী দিতেন, তবেই
উপযুক্ত হইত।"

এই ৰূপে এক দপ্ত কাল যাবৎ উক্ত রমণী-চতুষ্টয়ে যত্ত্বে লইয়া যাইতেছিলেন। ঐ মিষ্টায়-পূর্ণ ধামা বিলক্ষণ বিবাদ যুড়িয়াছিলেন। বোধ হয় হস্তিনা- ঝপাৎ করিয়া নদীজলে পড়িয়া কোথায় ভা-পুর পর্যাস্ত তাহা চলিত। কিন্তু পথিমধ্যে সাহস সিয়া গেল, সূতরাণ তদ্দর্শনে উক্ত আরোহিদিগের

তাঁহাদিগকে পরামর্শ দিলেন, " হাত থাকিতে মুখামুখি প্রয়োজন কি? তোমরা তীরে নামিয়া হাতাহাতি করিয়া বিবাদ-নিষ্পত্তি কর।"

ইহা শুনিবামাত্র রমণীগণ দেখিলেন, তাঁহারা বিবাদ-মদে মন্ত হইয়া আপনাদিগের প্রকৃতির বিপর্যায় করিয়াছেন, অতএব লজ্জিতা হইলেন। সর্বাথো উদারতা ক্ষমা প্রার্থনা করিলেন। অন-স্তর পরস্পার প্রতিনিয়ন্ত হইলে আর দুই তিন ক্রোশ সুথে অতিবাহিত হইল।

ক্রমে দিবস কিঞ্চিৎ ঘোর হইয়া আসিল, অতি ত্বরায় রষ্টি হইবার আশঙ্কা। সাবধানতা এক থানি নৃত্ৰ তদরের শাটী পরিধান করিয়া-ছিলেন, অতএৰ ২া০ দণ্ড তারে উঠিয়া বিশ্রাম করণের কর্ত্ব্যতা দশাইতে লাগিলেন। সাহস কহিলেন, '' রঙ্কির প্রতি আবার ভয় কি? হোক্ না কেন? ক্ষতি কি?" কিন্তু যাত্রিদিগের মধ্যে তিনি একামাত্র পুরুষ, আর সকলেই অবলা, সুতরাণ সাবধানতার জয়লাভ হইল। তাঁহারা ঘাটে উঠি-বেন এমত সময়ে আর এক থানা নৌকা অভদ্রতা-পূৰ্বক তাঁহাদিগের মধ্যদিয়া এৰূপ বেগে চলিয়া গেল, যে তাহার ধাকায় বদান্যতা প্রায়ঃ জল-শারিনা হইয়াছিলেন। ঐ নৌকার আরোহিরা পুণ্যগণকে নিতান্ত ইতর লোক ঠাছরাইয়াছিল; এবং তাহা ঠাহরাইতেও পারে, যেহেতু পুণ্যদিগের অঙ্গে কথন কোন বহুমূল্য পদার্থ থাকে না। তাঁহারা সামান্য বেশে কাল্যাপন করেন। বদা-ন্যতার উদ্বেগ দেখিয়া তাহারা "হো হো" রবে হাঁসিয়া উঠিল, বিশেষতঃ উক্ত রমণীর মস্তকে এক थामा नाजु हिन; रखिनात ताक्र भाष्य मोनशीन ক্ষুপাতুর বালক বালিকাদিগের কারণ তিনি তাহা যত্ত্ৰে লইয়া যাইতেছিলেন। ঐ মিষ্টান্ন-পূর্ণ ধামা ঝপাৎ করিয়া নদীজলে পড়িয়া কোথায় ভা-

হাস্য উদয় না হইবার বিষয় কি? সাহস তদ্স্টে বিসিয়াছেন। ভোজনের সময়ে ভোকার দল ঘন গোঁকে পাক দিতে লাগিলেন, ও হাস্যকারিদি-গকে উত্তম মধ্যম দিবার উদ্যোগে ছিলেন, এমত সময়ে বিরক্তিতে কিপ্ত প্রায় হইয়া দেখিলেন, শীলতা ধীর-গমনে শত্রুদিগের নৌকায় গিয়া শান্তি বাসনায় মিপ্ট ভাষণ করিতেছেন। এতদর্শনে ঐ জাল্মদিগেরও চৈতন্যোদয় হওয়াতে তাহারা र्थापिरगंत साल कमा शार्थना कतिरा नागिन। তাহাদিগকে क्या कतिए প্রণোদিত হইলেন। তদনন্তর সাহস শীলতার উপর একপ নিদাকণ ব্যবহার করিতে থাকিলেন, যে যদ্যপি আমা-দিগের পাঠকেরা তাহা প্রত্যক্ষ গোচর করিতেন, তবে কৰুণায় তাঁহাদিগের হৃদয় দ্রবীভূত হইয়া যা-ইত। অপর মানসিক এক সদ্ত্তির অপরের প্রতি তজপ বিদ্বেষী হওয়া কি ৰূপে সন্তবে? এই প্ৰশ্ন অনবরত তাঁহাদিগের হৃদয়ে সমুদিত হইত। উভ-য়ের মধ্যে এই কলহ উপস্থিত হওয়াতে সভাশুদ্ধ বিমর্ষ হইয়া গেল, সুতরা র্ষ্টি-শেযে যথন তাঁ-হারা পুনর্বার গমনে প্রবৃত্ত হইলেন, তথন আর তাঁহাদিগের মধ্যে অক্ষোভ প্রাতিবন্ধন ছিল না। মিতব্যয়িতা গঙ্গাতীরস্থ অট্টালিকা নিকরের কি প্রকার দোষ দর্শন করিয়াছিলেন—লীলা-তরণীতে नगतीय विनामवन लाकिरिशत वाक्नी शानत ঘটা দেখিয়া সংযমিতা কি ৰূপ ঘৃণারসে অস্থির হইয়াছিলেন, এই প্রকার স্কুড স্ফুড ঘটনা সকলের বর্ণনা বাহুল্য-বোধে পরিত্যক্ত হইল।

भाकबीशा बाक्ष । जिस्तार्थ निमञ्जा कतिया ११० (मिथलन, छेक याजिमनमध्य मकत्नई शा-

একেবারে ক্রোধে অগ্নিশর্মা হইয়া উঠিলেন; ঘন[্]রদ্ধি দেথিয়া মিতব্যয়িতা এবং সাবধানতার বদনভন্নী কি ৰূপ দীৰ্ঘীকৃত হইয়াছিল তাহা পাঠক মহাশয়েরা মানসপট্টে চিত্র করিয়া দেখুন। পক্ষান্তরে আতিথ্য-শ্রদার মুখে কেবল "দীয়তাং ভুজ্যতা "ব্যতীত আর কিছুই শ্রুত হয় না। তিনি বাটীর কনিষ্ঠা বগুদিগের ন্যায় মুক্ত হস্তে ক্ষীর সর নবনীত মিষ্টাম্ম প্রভৃতি পরিবেষণ করি-তে থাকিলেন। সে কালে মধুপানের নিয়ম সাহস স্বভাবতঃ যণ্ডা নহেন, সুতরা° অতৃগুচিত্তে ছিল; ভিন্ধুক ব্রাহ্মণেরা আকণ্ঠ সোমপান করি-वाटज मध्यमिजा विषश्चमत्व व्याधावम्य कतित्वन; বিশেষতঃ যে সকল কৌতৃক চলিয়াছিল তাহাতে লজ্জা দেবীরও অধরপত্র বিকুঞ্চিত এবং বিলীন হইয়া গিয়াছিল। কিন্তু আতিথ্যশ্রদা দে সময়ে আনন্দমদে বিহ্বলা হইয়া পড়িয়া সংযমিতাকে " দুধ্থাকী খুকী" এবং লড্জা দেবাকে " নুথচোরা যতিনী" বলিয়া উপহাস করিতে লাগিলেন।

এই ৰূপে দিবাবসান হইলে প্রত্যাগমনের কাল উপস্থিত। তাঁহারা নিগমপথ নামক সি°হ-দারদিয়া গঙ্গাভারে উপস্থিত হইলেন। পরস্পর কাহার সহিত কাহার আর অনুকূল ভাব ছিল না। মিতব্যয়িতা এবং উদারতা সমস্ত পথ ব্যয়বহুলতা এবং নগরীয় পণ্যজীবিদিগের প্রবঞ্চনা-দূত্রে মহা-কলছ করিতে থাকিলেন। মিতব্যয়িতা তদুভয় वियरवृत या पाय प्रथाहर नाशितन, উদার छ। তত্ই তাহাদিগের গুণ বর্ণনায় প্রবৃত্ত হইলেন। পথমধ্যে তাঁহাদিগের বিরক্তি এবং ক্ষোভের চতু-গুণ রদ্ধির আর এক কারণ উপস্থিত হইল। তাঁ-তাঁহারা হস্তিনাতে উত্তীর্ণ হইলে পর সংযমি- হারা দেখিলেন অপর এক থানি নৌকায় কতকগুলি তার প্রতি ভোজনের আয়োজনের নিমিত্ত ভার যাত্রি মহানন্দে কালক্ষেপ করিতেছে। সকলেই এক অপিতি হইল। সেই সময়ে আতিথ্য-শ্রদ্ধা দেবা এক বার "হো হো" করিয়া হাসিয়া উঠিতেছে, উদ্যানে ভ্রমণ করিতে করিতে এক প্রবল দল অথবা ক্ষিপ্তপ্রায়ী ৎকার করিতেছে। পুণ্যশক্তি-

তকশ্রেণীর অন্তর্গত। প্রসম্নতার সদস্যতায় তাহারা মহা আমাদ প্রমোদে সময় সংবরণ করিতেছে। পাঠফ মহাশয়েরা ইহাতেই বুঝিতে পারিবেন, যে খানে প্রসম্নতার অভাব, সে খানে
পুণ্যপুঞ্জের একত্র সংস্থান হইলে আনন্দোদ্য
হওয়া দূরে থাকুক, বিবাদ বিসংবাদ সঙ্ঘটনেরই
সম্ভাবনা। পুণ্যপন স্বস্থানে প্রত্যাগমনপূর্বক দিতায় সংযাত্রায় প্রবৃত্ত হইয়া কি কাপ সুথলাভ করিয়াছিলেন, তাহা আগামী থণ্ডে বণিত হইবেক।


শোথ পশু।

র পৃষ্ঠায় যে জীবের চিত্র মুদ্রিত **रुहेल, তाहा** ताग वङ्काला-বধি ইউরোপীয় লোক-সমা-জে বিদিত আছে, কিন্তু ইতি-উস্ট্রীক্তিটিটি পূর্বে ইহার প্রকৃত বিবর্ণ কাহার সুগোচর হয় নাই। প্রবাদ ছিল যে এই জীবের তুল্য অলম অনুৎসাহী প্রাণী আর নাই। ইহা সর্থদাই বেদনা ভোগ করে, কদাপি স্বচ্ছন্দে থাকিতে পারে না। ইহারা যে রক্ষে আরোহণ करत, क्रमभः जाशांत्र कल शूष्ण পত वल्कल मकल ভক্ষণ করিলে দুই চারি দিন অনাহারে থাকে, তথাপি ঐ तुक्करूरेट जनाज यारेवात किष्टा भाष না। অবশেষে ক্ষুধার যাতনা অসহা হইলে রক্ষের শাথা ছাড়িয়া দিয়া ভূমিতে পতিত হয়। এই পতনে ইহাদিগের দেছে অত্যন্ত বেদনা লাগে, এবং সেই বেদনায় দুই তিন দিন ভূমিতে পড়িয়া ক্রন্দন করিতে থাকে,অন্যত্ত গমন করিতে পারে না; পরস্ত ঐ বেদনার সম্যক্ সম্ভাবনা সত্ত্বে ইছারা শ্রম-স্বীকার করিয়া যথা-নিয়মে শাখাহইতে অবতরণ করে না। অতঃপর সমস্ত দিবস পরিশ্রম।

করিয়া ১০—১৫ পাদ স্থান অগ্রসর হুইয়া দুই চারি দিনে আপন মনোনীত অন্য কোন রক্ষোপরি আ রোহণ করে, এবং যে পর্যান্ত সেই রক্ষের পত্র পুষ্পা ছাল কিছুমাত্র অবশিষ্ট থাকে তৎতাবৎ তথাহইতে অন্যত্র গমন করে না। এই অনুদ্যোগিতা প্রযুক্ত ইংরাজেরা প্রস্তাবিত পশুকে অলসের পরাকাণ্ঠা মনে করিয়া তাহার নাম "শ্লোথ" রাথিয়াছেন, কারণ ঐ শব্দে অত্যন্ত আলস্য ও নিদ্রালুতার বিধান করে। সংস্কৃতে এই শব্দের পর্যায় "ল্লথ"; এবং উভয় শব্দই এক ধাতুহইতে উৎপন্ন। বস্তুতঃ এই বর্ণনা প্রায় সমস্তই ভ্রমনূলক; ইহার কিছুই প্রকৃত নহে।

জগদীশ্বরের ক্ষিতে কোন জীবই এ প্রকারে ক্ষেষ্ট হয় নাই, শ্বাহাতে তাহাকে বেদনায় সমস্ত কাল যাপন করিতে হয়। সকল জীবেরই দেহ যাত্রায় প্রচুর সুথ আছে। আমরা যাহাকে অত্যন্ত দুর্দশাপন্ন মনে করি তাহারও দুঃথের ভাগহইতে সুথের ভাগ অশ্বিক; এই নিমিত্ত সে জীবিত থাকিতে সর্বদা মানস করে। শ্লোথ জীবের জীবন যাত্রা বেদনায় নির্বাহ করিতে হয় ইহা পিপ্তার বন্ধ প্রত পশু দেখিলে বোধ হয়, কিন্তু বন্তুতঃ কোন মতে সত্য নহে, কারণ যে সকল ভ্রমণকারিরা এই জীবকে ইহার জন্মস্থান অরণ্যে দেখিয়াছেন তাঁহারা কহেন যে ইহারা চঞ্চল ক্রীড়া-তৎপর ও সর্বদা আহ্লাদে অনুরক্ত থাকে।

প্রাণি-বিদ্যা-বিশারদ পশুতেরা ইহাদিগকে
অপুরোদন্তী জাব-শ্রেণার মধ্যে নিজপিত করেন,
কারণ ঐ শ্রেণার পিপীলিকা তুক্ বজুকীট প্রভৃতি
জীবের ন্যায় ইহাদের মুখের পুরোভাগে দন্ত হয়
না। ইহাদিগের পদতলও হয় না। পদের পুরোভাগে কোন জাতীয় পশুর দুইটা অপর জাতীয়
পশুর তিনটি অঙ্গুলী হয়, ও তাহাতে অতি দীর্ঘ
নথ সংলগ্ধ থাকে, তদ্বারা রক্ষ শাথাদি অতি



লোথ পন্তা।

অষ্টা এই জীবদিগকে আজন্ম-মৃত্যু-পর্যান্ত রক্ষো- গণ্প কন্সিত করিয়া থাকিবেক।

অনায়ানে ধ্রত করা যায়, কিন্তু পদতল বা পার ছেন। সেই রক্ষশাথাহইতে ভূনিতে আনিলে চেটো না থাকায় ভূমিতে বিচরণ করিবার কোন তাহারা ভূমিতে আনীত মৎস্যের ন্যায় নিতান্ত উপায় নাই। ভগবান্ মনুষ্যকে ভূপৃষ্ঠে, বাজ- অচল হইয়া পড়ে। মৎস্য যে প্রকারে ডানা বা পক্ষীকে আকাশে, এবং বানরকে রক্ষোপরি বিচ কাণকুয়াদিয়া অত্যন্ত কপ্তে কিঞ্ছিং অগ্রসর হয়, রণ করিতে নিয়োজিত করিয়াছেন; কিন্তু প্রয়ো- ইহারাও দে প্রকারে ভূমিতে নথ আঁচড়াইয়া যৎ-জনমতে ইছারা পরস্পারের স্থান গ্রহণ করিতে কিঞ্চিৎ নড়িতে পারে, কিন্তু কোন মতে স্বচ্ছন্দে পারে, এবং তাহাতে তাহাদের কোন বিশেষ ক্লেশ চলিতে পারে না। পিঞ্জর বদ্ধ শ্লোথকে ঐ অব-হয় না; কেবল শ্লোথের পক্ষে দে উপায় নাই। বিশ্ব স্থায় দেখিয়া লোকে উহার অলসভার ও ক্লেশের

পরি কাল্যাপন করিবার নিমিত্ত স্পষ্ট করিয়া- কথিত হইয়াছে যে শ্লোথের সমুলী রক্ষণাথা

শ্লোথ পশু রক্ষোপরি কাঠবিড়ালের ন্যায় দ্রুত- বালির মাঠে ছাড়িয়া দেন, কিন্তু তথায় ঐ পশু বেগে ভ্রমণ করে, ও এক রক্ষহইতে অন্য রক্ষে এক পাদও চলিতে পারিলেক না। তৎপরে তা-গমন করে, তদর্থে কদাপি ভূমিতে অবতরণ হাকে লইয়া একটা রক্ষশাখার নিকট আনিলে করে না। কিন্তু এই বিচরণের এক বিশেষ আছে। সে ক্ষণকাল মধ্যে অতিবেগে রক্ষাত্রে উঠিয়া এমত অপর পশু রক্ষে বিচরণ-সময়ে শাখার উপরি শাঘ্র নিবিড় বনমধ্যে প্রবেশ করিল, যে সে কোন্ পৃষ্ঠে চলে, শ্লোথেরা শাখার অধঃপৃষ্ঠে ঝুলিয়া দিগে গেল তাহার অনুসন্ধান করা অসাধ্য হইল। চলে, कराशि উপর পৃষ্টে যায় না। ইহাদিগের এই জীবের নিবাসস্থান দক্ষিণ আমেরিকা; নিদ্রা ঐ ঝুলিত অবস্থায় নিষ্পান্ন হয়, এবং শাবক- তথাকার অরণ্য মধ্যে ইহা প্রাপ্তব্য, তডিয় প্রসবও তদবস্থায় সিদ্ধ হয়; তদর্থে কোন পদা- অন্যত্র ইহা দৃষ্ট হয় নাই। র্থের উপরে অধিষ্ঠান করিবার আবশ্যক হয় না। কাঠবিড়াল ও ইন্দুর শাখার উভয় পৃষ্টে চলিতে পারে, কিন্তু তাহাদিগের প্রিয় পথ উপর পৃষ্ঠ। শ্লোথ পশু উপর পৃষ্ঠ কোন মতে গ্রাহ্য করে না।

य मकल कोवरक এই बारा कालयायन कतिएछ হইবে তাহাদের পায়ের চেটো কোন মতে আব-শ্যক নাই, তন্মিমিত্ত তাহা তাহারা প্রাপ্ত হয় নাই। অপর তাহাদের পায়ের গঠনও ভ্রমণের যোগ্য না হইয়া যে কোন অবস্থায় শাথা ধৃত করণের উপযুক্ত হইলেই উত্তম হয়, এবং বস্তুতঃ তাহাই ইহার প্রমায়ুঃ অতি দীর্ঘ। জগৎ-স্থীর কিঞ্চিৎ হইয়াছে। ঐ পদ তাহারা ক্র মত জড়াইতে পরেই ইহার জন্ম হয়, এবং অদ্যাপি ইহা যে প্রকার দেখিলে ইহার প্রকৃত অনুভূত হইতে পারিবে।

মাকড়নার মূত্র অপেক্ষাও মৃক্ষ ও অত্যন্ত কো-मन रुप्त । এই লোমের বর্ণ রক্ষ বকের ন্যায়, সুত-রা॰ দূরহইতে শ্লোথ পশুকে রক্ষোপরি দৃষ্টি করি-লে সে রক্ষের শাখা বলিয়া বোধ হয়।

় ওয়ার্ট্ন্ নামা এক জন জমণকর্তা লেখেন যে শেও হয়। অবৈধনিষ্ঠা কি তাহার স্বামী দেশাচার

ধ্বত করণে অত্যন্ত পটু। সেই অঙ্গুলীর সাহায্যে। তিনি এক সময় একটা শ্লোথ ধ্বত করিয়া একটা

श्रोदिष-निष्ठा।

ক্রীনানানানি তাহার মাতা; এবং এই পিতা মাতার ধর্ম ইছাতে সম্পূর্ণ ৰূপে বর্তিয়াছে। পারে। মুদ্রিত চিত্রে শ্লোথের পশ্চাৎ পার আফ্রতি বলবতী আছে, ইহাতে তাহার অরায় নিপাতের কোন সম্ভাবনা নাই। প্রত্যুত ইহার স্বামী দে-প্রস্তাবিত পশুর অপর এক আশ্চর্য্য লক্ষণ, শাচার এবং ইহার পুগ্র প্রাচীন-প্রবাদ ইহাকে আছে। অপর পশুদিগের লোম ও কেশ মূল- এ প্রকার যত্নে প্রতিপালন করিতেছে, যে বোধ নিকটে স্থুল ও অগ্রভাগে ক্রমশঃ প্রতনু হয়। হয় যেন ইহা চিরায়ুঃ হইয়া থাকিবেক। কি দরিদ্রের শোথের লোম অগ্রভাগে অত্যন্ত স্থুল, এবং পর্ণ-কুটার কি মহারাজের প্রশন্ত অট্রালিকা সকল তথাহইতে ক্রমশঃ প্রতনু হইয়া মূলনিকটে স্থানেই ইছা আনন্দে বিচরণ করে; এবং যদিচ অ-জ্ঞানতিমিরাছন্ন মনই ইহার প্রিয় অবলম্বন, তত্ত্বাপি আলোকে ইহা অদৃশ্য নহে। ইতর মূর্থ লোক এমত কেহ নাই যাহার মনে অবৈধ নিষ্ঠার আধিপত্য (स्था ना यात्र, **अव॰ ভ**ज मंडा खानोत स्राका-

কি°বা তাহার পু্প প্রাচানপ্রবাদ অতি সমৃদ্ধৰণে তাহাদিগের দেহ ক্ষটিক সদৃশ-স্বচ্ছ ও বর্ণবি-বিরাজমান থাকে। ফলে ৰূপক ত্যাগ করিয়া হান। তাহাদিগের পদতল চেপটা না হইয়া ক্ষুর-হয় তাহার আদশচ্ছলে—আমরা এ স্থলে কএকটি বিবরণ নিরূপিত করিয়াছিল তাহারও কোন বিদেশায় অবৈধনিষ্ঠার বিবরণ লিখিতেছি; বোধ প্রমাণ প্রাপ্ত হওয়া যায় না। হয় তাহাতে পাঠকদিগের আনন্দ ভিন্ন বিভৃষ্ণার কথিত হইয়াছে যে আপাকতিয়ারা হিমকেন্দ্ আশকা নাই।

পার্কতিয়াঁ" নামে একজাতীয় ভূত আছে, তাহা- পৃথক্ তাহা আমরা জ্ঞাত নহি। দিগের স্বভাব চরিত্র অতীব আশ্চর্যাজনক। পূর্বোক্ত দুই প্রকার প্রাণী সামান্য মনুষ্যের

যদি মনুষ্য-মনের অবস্থার বিষয়ে অনুসন্ধান ধারের ন্যায় ত্রাক্ষ্ম হয়; তৎসাহায্যে তাহারা করা যায়, তাহা হইলে স্পষ্টই প্রতীত হয় যে বরফের উপর অনায়াদে অত্যন্ত বেগে বিরচণ আমাদিগের সমস্ত অবৈধনিষ্ঠা ভয়ও অজ্ঞতা- ক্রে, কদাপি বরফে লিপ্ত কি ভ্রমণে অশক্ত হয় হইতে উৎপন্ন হয়। কোন অজুত পদার্থের প্রকৃতি না। তাহাদের দাড়া অতি দীর্ঘ হয়, কিন্তু তাহা জানিলে কাহার মনে মিথ্যা বিশ্বাস হইতে পারে চিবুকে সংলগ্ধ না হইয়া নাসাথো সংযুক্ত থাকে। না, কিন্তু না জানিলেই মন বিচলিত হইয়া মিথ্যা ভাছাদের জিন্তা নাই কিন্তু তাহাদের দন্ত এ ৰূপে কম্পেনা করিতে প্রবর্ত্ত হয়, এবং দেই কম্পেনার গঠিত যে তাহার পরস্পারের আঘাতে তাহারা সাহায্যে ভূত প্রেত দানা দক্ষ আলায়া প্রভৃতি অনায়াদে এমত শব্দ করিতে পারে, যাহাতে ममञ्ज ভূত যোনির সৃষ্টি হইয়াছে। দেশাচার কথার কার্য্য সিদ্ধ হয়। ঐ দন্তও অন্য জীবের ও প্রাচীনপ্রবাদে ইহাদিগকে প্রতিপালন করে, দত্তের ন্যায় পৃথক্ পৃথক্ খণ্ড না হইয়া এক এক এব॰ সেই প্রতিপালকের অবহেলা করিয়া কেহই পাটি এক এক থণ্ডে নিষ্পার হয়। রদ্ধ বয়সে এ দন্ত শীঘ্র অলীকত্ব প্রমাণ করিয়া ইহাদিগের বিনাশ পিড়িয়া গেলে আপার্কভিয়ারা আর কথা কহিতে করিতে পারে না। পরস্ত বিদেশীয় অবৈথনিষ্ঠার পারে না। ইহারা দিবসে গৃছের বাহিরে আইসে সহায়তার নিমিত্ত দেশাচার ও প্রাচীনপ্রবাদ না, এবং শ্বেত ভল্লুককে ঈশ্বর বলিয়া উপাসনা বলবান্ নহে; অতএব তাহাদিগের আলোচনায় করে। ইহাদিগের ঘর্ম হইলে সেই ঘর্ম-বিন্দু অনায়াদে তাহাদের অলীকত্ব প্রমাণিত হয়, এবং মাটিতে পড়িয়া জমিয়া যায়, এবং দেই জমা মনুষ্য-মনে কোন এক অবৈধনিষ্ঠার অলীকত্ব ঘর্ম ক্রমশঃ একটি প্রক্রুত আপার্কতিয়াঁ হইয়া এক বার সপ্রমাণ হইলে অন্য অবৈধনিষ্ঠার সমূ- উঠে। ফলে তাহাদিগের অন্য প্রকারে বংশরদ্ধি লোৎপাটনে তাহার ক্ষমতা হইতে পারে.; এই হয় না। হিমকেন্দু কি প্রকারে এই ঘম হয় তা-আশয়ে—তথা অজ্ঞান ও কম্পনার সাহায্যে বি- হার উপায় গ্রন্থকার কিছুই লেখেন নাই; এবং দেশীয়দিগের মনে কি কি রম্য গম্প উদ্ভাবিত কেই বা এই আপার্কতিয়াঁদিগকে দেখিয়া এই

বাসী, কিন্তু ইহাদের প্রতিকাপ উষ্ণ-দেশে অপ্রাণ্য किन पि श्लिन्भी नामक এक জন বিখ্যাত গ্রন্থ নহে। সুমাত্রা ও বর্ণিও দ্বীপে প্রবাদ ও বিশ্বাস কার তাঁহার "ডিক্সোনের ইন্ফর্ণাল্," অর্থাৎ আছে যে তাহাদের পূর্পুক্ষেরা অতিদীর্ঘ স্বচ্ছ "ভূত যোনির অভিধান" নামক এত্তে লেখেন ফটিক-সদৃশ দেহ-বিশিষ্ট হইয়া রক্ষ শাখায় বসতি যে উত্তর কেন্দের নিকট মহাহিম-দেশে "আ- করে। তাহারা আপার্কভিয়াঁহইতে কোন্ অংশে

कान मट्ड विडकातो नट्ट; शतु खु कतानी हि-শের ব্রিতানী-প্রদেশে দুই প্রকার ভূত আছে, তাহারা যথ সামান্য হইলেও মনুষ্যের উপকারী হইয়া থাকে ৷ তাহাদের একের নাম " তিউস্ আর श्रुत्ल," चरनात नाम "तूरणल नम्।" जिडेम चात পুলেরা অত্যন্ত ধারপ্রকৃতি, এবং পাছে তাহা-দিগকে দেখিলে মনুষ্য ভয় প্রাপ্ত হয়, এই নিমিত্ত তাহারা গৃহপালিত অশ্ব গোমেষ কি কুক্লুরের क्रिपधात्र क्रिया विष्ठत्व क्रत्र, अव॰ मधात्राद्व সকলে নিশুতি হইলে মনুষ্য-গৃহে আসিয়া ঘর-বাঁট বাসন-মাজা প্রভৃতি সকল সামান্য গৃহ-কার্য্য নির্বাহ্ন করে। 🖚 হ বা বস্ত্র ধৌত করে; কেছ বা তাহার ইগ্রী করে; ইহাদিগের অনু-গৃহীত গৃহস্থদিগকে তত্ত্ৎকর্ম নিজহত্তে করিতে হয় না। আক্ষেপের বিষয় এই যে কথিত ভূতেরা ফরাসিস দেশ ত্যাগ করিয়া অন্যত্র গমন করে না, নতুবা কোন উপায়ে ইহাদিগকে কলিকাভায় আ-निल यानक यलम शृहरमध्निनोत উপकात इहे छ।

বুগেল নম্ নামক ভূতেরা গৃহস্থের প্রিয় নহে, ভাহারা মাঠে বা ঘাটে বা চতু স্পথে আমাদিগের পেতনীর ন্যায় শুক্লবজ্বে আরত হইয়া দ্রায়মান থাকে। কেহ পথ-ভ্রান্ত হইয়া তাহাদিগের সাহায্য প্রার্থনা করিলে দে তৎক্ষণাৎ আপন বস্ত্র ভাহার উপর নিঃক্ষেপ করিয়া এক শয়তানী শকটে আরো-ছণ করাইয়া তাহার গৃহে লইয়া যায়। এই শকটা-রোছণ অত্যন্ত সুথের হইত যদ্যপি ইহা নির্বিত্ন হইত, এবং আমরা ইহার এক থানা এ দেশে আ-निट পারিলে সুথী হই তাম, কিন্তু বস্তুতঃ ইহা कान गए निर्देश नरह, यरहरू वे भक्षे कमर्या कक्षात्न होनिक इश्, अ जमन ममर्य भव-व्यक्ति মনুষ্য পশুর উপর দিয়া চলে, এবং তাহাতে বি-্কেছ ঐ স্থান নিক্ষপিত করিয়া তথায় এক গর্ক্ত क । धनि इडेर्ड थार्कः अव कथन कथन जे ক্ষালেরা শক্ট লইয়া বুগেল নদের জীদিগের এমত বিকট ধনি ও আলোক প্রকাশ করে তা-

निक्र यानिया क्लान। ये जोता वज्र (क्षेत्र क्रिटिंग প্রিয়, এব রাত্রিতে মনুষ্য পাইলে তাহাকে আ-পনাদিগের ধৌত বস্ত্র নি॰ড়াইতে নিযুক্ত করে। এ নিংড়ান কর্ম অতি কষ্ট-সাধ্য, এবং তাহা উত্তম ৰূপে নিষ্পান্ন না হইলে তাহারা ঐ মনুষ্যের উভয় হস্ত ভাঙ্গিয়া দেয়।

বর্ণিত জ্বাবুগেল নস্দিগের প্রতিবাদী এক জাতীয় বামন আছে, তাহাদিণের নাম "কু-রিল।" দীর্ঘে তাহারা এক হস্ত। হিমকর-নি-করারত সুথদ রাত্তিতে ইহারা মাঠে নৃত্য করিতে অত্যন্ত অনুরক্ত; এবং দুই প্রহর অবধি पूरे घणी शर्याञ्च अ नर्ल्टान नियुक्त थारक। टेन्व তথায় কোন মনুষ্য গেলে কি আনীত হইলে তাহারা তৎক্ষণাৎ তাহাকে লইয়া নৃত্য করিতে থাকে, এবং যে পর্যান্ত দে বিশ্রান্ত হইয়া না পড়িয়া যায় সে পর্যান্ত ভাহাকে পরিত্যাগ করে না।

এই বামনদিগের শ্রেণীতে এক গোষ্ঠা অতি ক্ষুদ্র বামন আছে, তাহারা নৃত্যের ভক্ত নহে। রাত্রিতে তাহারা কোথায় স্বর্ণ লুক্নায়িত আছে, তাহারই অনুসন্ধান করে, এবং সম্পৃহীত স্বর্গ জ্যোৎস্বায় সুথাইতে দেয়। এ স্বর্ণ সুথাইবার সময় কেহ তাহাদিগের নিকট বিনীতভাবে কিঞ্চিৎ স্বর্ণ প্রা-র্থনায় হস্ত প্রসারণ করিলে তাহারা ঐ হস্তে এক লোভে মুথা হইয়া হস্ত প্রসারণ না করিয়া একটা থলিয়া প্রসারণ করিয়াছিল, তাহাতে ঐ বামন ভূতেরা বিরক্ত হইয়া তাহাকে যৎপরোনাত্তি প্রহার করে। এই ভূতেরা সঙ্গৃহীত স্বৰ্ণ মৃত্তিকা-মধ্যে প্রোথিত করিয়া স্বয়ণ রদ্ধা জ্বা কি রুষ্ণ কুরুরের क्रान्य अतिया जाहात तक्कनारक्कन करता यहानि খনন করিতে আরম্ভ করে, তাহা হইলৈ ঐ ভূত

হাতে বোধ হয় যেন ঘোর বজুয়াত উল্কাপাত ও বিদ্যুত বিচলিত হইতেছে। তৎসহ ভয়ানক ঝড় ও শৃঞ্জল চালনের শব্দ হইতে থাকে। যে দৃঢ়-প্রতিজ্ঞ পুরুষ ঐ সকল ভৌতিক ব্যাপারে ভীত না হইয়া অবিচলিত চিত্তে খনন-কার্য্য-নি-স্পাদনে নিযুক্ত থাকে সে অবশেষে প্রকাপ্ত এক পিপ্ত স্বর্ণ বা রৌপ্য প্রাপ্ত হয়; কিন্তু ভীত হইয়া কিঞ্জিমাত্র শব্দ করিলে আর তাহার অব্যাহতি নাই, কারণ বামন ভূত আসিয়া তৎক্ষণাৎ তা-হাকে যথোচিত শান্তি দেয়।

কাথোলিক খ্রীষ্টিয়ানদিগের ধর্মমতে বসন্ত-কালের এক রবিবারে গির্জায় থর্জ্জুরপত্র প্র-দান করিতে হয়, এবং পাদরীরা সেই খর্জ্জুর-পত্রে শান্তিজল নিংক্ষেপ করিয়া থাকে। ঐ প্রযুক্ত কথিত রবিবারের নাম " থর্জূর রবিবার " বলা যায়। কথিত আছে যে ঐ রবিবারে বামন ভূতদিগকে আপন২ সম্পত্তি মাঠে কেলিয়া রাথিতে হয়, কিন্তু তজপ করিলে সকলেই তা-হাদের সুবর্ণ অপহরণ করিবেক, এই ভয়ে শঠ-তাপূৰ্বক তাহারা ঐ সুবর্ণকে পত্র-লোষ্ট্রাদি-ৰূপে পরিবর্ত্তিত করিয়া ফেলিয়া রাখে। কোন সুচতুর পুরুষ ঐ সময়ে থর্জুর পত্রের শীন্তি-জল ঐ পত্ররূপি সুবর্ণের উপর নিংক্ষেপ করিলে তৎক্ষণাৎ সুবর্ণ আপন প্রকৃত ৰূপ ধারণ করে, এব॰ তথন যাহার ইচ্ছা সে তাহা তুলিয়া লইতে পারে। পূর্বোক্ত তিউস্ আর পুলে নামক ভূতের ন্যায় এই বামন ভূতেরা বিদেশে গমন করে না, নতুবা আমাদিগের বিশেষ উপকার হইত, কারণ কলিকাতায় আসিলে আমরা অবশ্য কোন মতে না কোন মতে খৰ্জ্ব-রবিবারের সাহায্যে রহ-স্য-সন্দর্ভ লিথিয়া যৎকিঞ্চিৎ লাভের আয়াস পরি-ত্যাগ করিত্রে পারিতাম। আমাদিগের পাঠকেরাও व्यत्नदक उपूर्णारम उपक्र इहेरजन, मत्मर नाहे।

ব্রিতানী দেশে আলায়ারও প্রাদুর্ভাব আছে; পরস্ত তাহারা এতদেশীয় আলায়ার ন্যায় অপ-রিচ্ছয়া মলিনবজারতা দুর্গন্ধপূর্ণা জ্ঞা না হইয়া হুষ্ট পুষ্ট ৰণ্ডা পুৰুষ হুইয়া থাকে। অপর আমা-দিগের আলায়ার মুখে অধি থাকে, ঐ মুখ ব্যাদান করিলেই অমি দৃষ্ট হয়। কিন্তু ব্রিতানীয় আলা-য়ার মুখে অধি না হইয়া তাহার হস্তের অঙ্গুলীতে অधि निहिত थाकि। ইচ্ছা इইলেই সেই অधि वे অঙ্গুলীতে মসালের ন্যায় জ্বলিতে পারে। এই আ-লায়ারা স্বর্ণ-সম্পুাহকদিগের দেয়া; রাত্তিতে কেছ স্বর্ণের অনুসন্ধানে বাহির হইলে তৎক্ষণাৎ তা– হারা আপনার অসুলী দশটী জালাইয়া তাহা অতি বেগে ঘুরাইতে থাকে, ও তদ্যারা স্বর্ণাপহা-রীদিগকে ভুলাইয়া বিপথে লইয়া যায়, এবং অবশেষে তাহাকে কোন জলা গর্ত্তে কেলিয়া দেয়, অবজায় " থল খল " শব্দে হাস্য করিতে থাকে ৷ দেশীয় আলায়ারাও মনুষ্যকে বিপথে লইয়া যায় বটে, কিন্তু কোন দুর্ভাগা মনুষ্য গর্ত্তে পড়িলে তাহারা থল থল শর্কে হাস্য করে বলিয়া প্রবাদ नारे; करल मलिना पूर्श्यनी पूर्जाशा वक्रीशा আলায়ারা বিষ্ঠার নাকড়া ঝাড়িয়াই দিনপাত করে। তাহাদের পক্ষে নৃত্য গীত হাস্য তাহা কোন মতে সম্ভবেও না। ফরাসীরা প্রসিদ্ধ বাবু, তাহাদিগের নিমিত্তেই নৃত্য গীত হাস্য আনন্দ উৎসব কম্পিত হইয়াছে, এবং তাহা-দের ভূতেরাও তদ্রুরক্ত হইবে, ইহা কোন মতে আশ্চর্য্য নহে।

পুভাত-সন্ধীত।

(उगांगे मार्टरवंद स्थाज-मालाहहेरट व्यनुवापिङ)

মম ঈশ করিছেন ভানুরে বিদিত। যথাকালে প্রতি দিন হইতে উদিত।। ভূতুলে সকলে করিবারে দীপ্তি দান। আকাশ-মণ্ডল বেড়ি তাহারে পাঠান।।

প্রাচা-গৃহ-চয় ত্যজি প্রভাত সময়।
বিচরণ করিবারে রত যবে হয়।।
কভু প্রান্ত নয়, কভু নাহি হয় স্থির।
ভুবন ভরিয়া ভাকুবিতরে মিহির।।

এই ৰূপ অবিরত তপনের মত।
আমিও সাধিব দিবসের কায যত।।
মাঝে মাঝে করিয়া ক্রিয়ার অনুষ্ঠান।
অবিরাম পুণ্য পথে করিব পয়ান।।

দাও দয়া দীননাথ তৰুণ বয়সে।
আত্মা যেন ক্ষুণ্ণ নছে এই ক্ষোভ বশো।
মম জীবনের নব প্রভাত সময়।
বিকলে বিগত তার ভাগ সমুদয়।।

ंत्रक्षा-मङ्गीउ।

আর এক দিন এই হইল বিগত।
মম বিধাতার গুণ গানে হই রত।।
ভাহার পালন অরি ক্রুণা নিচয়।
মম সুথ পুঞ্জে মদা দেয় পরিচয়।।

নিজা হেতু করিতেছি শরীর পাতন। মনু শিরে রহুন তোমার দূতগণ।। তিমির মণ্ডিত সেই সমস্ত সর্বরী। মম শয্যা ঘেরি তাঁরা থাকুন প্রহরী।।

কিন্তু মম শৈশব বাড়িছে বন মত। পুঞ্জ পুঞ্জ পাপ মম, সংখ্যা কব কত।। গত পাপ-হেতু, প্রভু, দেহ ক্ষমা দান। ভাবীর কারণ কর বলের বিধান।।

পদ্ম।

কি বিমল সুকোমল কুসুম কমল।

চৈত্র আর বৈশাথের গরিমার স্থল।।

কিন্তু দণ্ড শুই পরে হতেছে মলিন।

এক দিনে রসহীন বিলীন নলিন।।

স্থলজ জলজ কিন্তু সব ফুল চেয়ে।
চাৰুতর গুণ এক আছে পদ্ম ছেয়ে।।
মূত প্রায় হলে তার বর্ণ আর দল।
তবু বিতরণ করে চাৰু পরিমল।।

এই ৰূপ ৰূপ আর যৌবন অসার।
যদিও কমল সম শোভার আধার।।
সে সব রাখিতে নিত্য, রথা অভিলাষ।
থরপতি কাল করে অচিরে বিনাশ।।

দুই যদি ক্ষয় আর লয় প্রাপ্ত হবে।
কর্তব্য সুন্দর সাথি যশ পাব তায়।
মরশ্রে সুরভিত হব পদ্ম-প্রায়।।